واو পতিত হল ত্বরফে কালিমায় আলিফে যায়েদার পরে তাই واو কে হামযা দ্বারা বদল করল, ফলে دُعَاءٌ হল।

* دَاعٍ মূলত دَاعِوٌ বা دَاعِوُنْ ছিল। علی وزن نَاصِرٌ

واو পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء য়ে মাজমূম পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই ياء কে সাকিন করল, দুটি সাকিন একত্রিত হল, যথা: ياء ও نون তানভীন, ياء পড়ে গেল, নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করল, ফলে دَاعٍ হল।

* دُعِيَ মূলত دُعِوَ ছিল। علی وزن نُصِرَ

واو পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে دُعِيَ হল।

* يُدْعٰى মূলত يُدْعَوُ ছিল। علی وزن يُنْصَرُ

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে এখন চতুর্থ স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء কে الف দ্বারা বদল করল, ফলে يُدْعٰى হল।

* مَدْعُوٌّ মূলত مَدْعُوْوٌ ছিল। علی وزن مَنْصُوْرٌ

দুটি واو একত্রিত হল, প্রথমটি সাকিন দ্বিতীয়টি মুতাহার্‌রিক তাই প্রথম واو কে দ্বিতীয় واو এর মাঝে এদগাম করল, ফলে مَدْعُوٌّ হল।

* اُدْعُ মূলত اُدْعُوْ ছিল। علی وزن اُنْصُرْ

واو পতিত হল হালতে وقف তে তাই واو পড়ে গেল, ফলে اُدْعُ হল।

* لاَ تَدْعُ মূলত لاَ تَدْعُوْ ছিল। علی وزن لاَ تَنْصُرْ

واو পতিত হল হালতে জযমিতে তাই واو পড়ে গেল, ফলে لاَتَدْعُ হল।

# الصَّرف الصَّغير للناقص اليائي

## المصْدر : اَلرَّمْيُ

من بَاب ضَرَبَ يَضْرِبُ المادَّة : ر، م، ى المعْنى ঃ নিক্ষেপ করা

رَمٰى يَرْمِيْ رَمْيًا فهو رَامٍ ورُمِيَ يُرْمٰى رَمْيًا فهو مَرْمِيٌّ

الامرمنه اِرْمِ والنهي عنه لاَ تَرْمِ

**তাশরীহ** ————————————————

* رَمٰى মূলত رَمَيَ ছিল। على وزن ضَرَبَ

يَاء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই يَاء কে الف দ্বারা বদল করল, ফলে رَمٰى হল।

* يَرْمِيْ মূলত يَرْمِيُ ছিল। على وزن يَضْرِبُ

يَاء য়ে মাজমূম পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই يَاء কে সাকিন করল, ফলে يَرْمِيْ হল।

**টীকাঃ** ————————————————

* الظرف منه مَرْمًى والآلة منه مِرْمًى ومِرْمَاةٌ ومِرْمَاءٌ وتثنيتهما مَرْمَيَانِ ومِرْمَيَانِ والجمع منهما مَرَامٍ ومَرَامِيٌّ افعل التفضيل منه اَرْمٰى والمؤنث منه رُمْيَا وتثنيتهما اَرْمَيَانِ ورُمْيَيَانِ والجمع منهما اَرْمَوْنَ واَرَامٍ ورُمًى ورُمْيَيَاتٌ

**صرف صغير** এর অর্থ ঃ সে নিক্ষেপ করেছে, করল। সে নিক্ষেপ করবে, করছে, করে। নিক্ষেপ করা। একজন নিক্ষেপকারী। তাকে নিক্ষেপ করা হয়েছে, হল। তাকে নিক্ষেপ করা হবে, হচ্ছে, হয়। নিক্ষিপ্ত হওয়া। নিক্ষিপ্ত একটি বিষয়। তুমি নিক্ষেপ কর। তুমি নিক্ষেপ করোনা। নিক্ষেপ করার স্থান একটি, দুটি বা ততোধিক। নিক্ষেপ করার ছোট, মাঝারী বা বড় যন্ত্র একটি, দুটি বা ততোধিক। অধিক নিক্ষেপকারী একজন, দু'জন বা ততোধিক পুরুষ বা মহিলা।

* رَامٍ মূলত رَامِيٌ (رَامِيْنٌ) ছিল। على وزن ضَارِبٌ

يَاء য়ে মাজমূম পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে يَاء কে সাকিন করল। দুটি সাকিন একত্রিত হল, যথা : يَاء ও نون তানভীন, يَاء পড়ে গেল। নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করা হল, ফলে رَامٍ হল।

* يُرْمٰى মূলত يُرْمَيُ ছিল। على وزن يُضْرَبُ

يَاء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্‌ হল তাই يَاء কে الف দ্বারা বদল করল, ফলে يُرْمٰى হল।

* مَرْمِيٌّ মূলত مَرْمُوْيٌ ছিল। على وزن مَضْرُوْبٌ

واو ও يَاء একত্রিত হল। প্রথমটি সাকিন দ্বিতীয়টি মুতাহার্‌রিক তাই واو কে يَاء দ্বারা বদল করল এবং يَاء কে يَاء এর মাঝে এদগাম করল, يَاء এর মুনাসিবাতে ডানের জম্মাকে কাসরায় রূপান্তর করল, ফলে مَرْمِيٌّ হল।

* اِرْمِ মূলত اِرْمِيْ ছিল। على وزن اِضْرِبْ

يَاء পতিত হল হালতে وقف তে তাই يَاء পড়ে গেল, ফলে اِرْمِ হল।

* لاَ تَرْمِ মূলত لاَ تَرْمِيْ ছিল। على وزن لاَ تَضْرِبْ

يَاء পতিত হল হালতে জযমীতে তাই يَاء পড়ে গেল, ফলে لاَ تَرْمِ হল।

# الصَّرف الصَّغير للناقص الواوي

## المصْدر : اَلرِّضْوَانُ

من بَاب سمع يسمع المادَّة : ر، ض، و المعْنى ঃ পছন্দ করা, খুশি হওয়া

رَضِيَ يَرْضٰى رِضْوَانًا فهو رَاضٍ ورُضِيَ يُرْضٰى رِضْوَانًا فهو مَرْضِيٌّ الامرمنه اِرْضَ والنهي عنه لاَ تَرْضَ

**তাশরীহ্** ———

* رَضِيَ মূলত رَضِوَ ছিল। على وزن سَمِعَ

واو পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে رَضِيَ হল।

* يَرْضٰي মূলত يَرْضَوُ ছিল। على وزن يَسْمَعُ

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থ স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء কে الف দ্বারা বদল করল, ফলে يَرْضٰي হল।

টীকাঃ ———

* الظرف منه مَرْضًى والآلة منه مِرْضًى ومِرْضَاةٌ ومِرْضَاءٌ وتثنيتهما مَرْضَيَانِ ومِرْضَيَانِ والجمع منهما مَرَاضٍ ومَرَاضِيٌّ افعل التفضيل منه اَرْضٰى والمؤنث منه رُضْيَا وتثنيتهما اَرْضَيَانِ ورُضْيَيَانِ والجمع منهما اَرْضَوْنَ واَرَاضٍ ورُضًى ورُضْيَيَاتٌ

**صرف صغير** এর অর্থ ঃ সে পছন্দ করেছে, করল। সে পছন্দ করবে, করছে, করে। পছন্দ করা। একজন পছন্দকারী। তাকে পছন্দ করা হয়েছে, হল। তাকে পছন্দ করা হবে, হচ্ছে, হয়। পছন্দনীয় হওয়া। পছন্দনীয় একটি বিষয়। তুমি পছন্দ কর। তুমি পছন্দ করোনা। পছন্দ করার স্থান একটি, দুটি বা ততোধিক। পছন্দ করার ছোট, মাঝারী বা বড় যন্ত্র একটি, দুটি বা ততোধিক। অধিক পছন্দকারী একজন, দু'জন বা ততোধিক পুরুষ বা মহিলা।

* রَاضٍ মূলত রَاضِوٌ ছিল। على وزن سَامِع

واو পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء য়ে মাজমূম পতিত হল হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই ياء কে সাকিন করল, দুটি সাকিন একত্রিত হল যথা: ياء ও نون তানভীন, ياء পড়ে গেল, তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করা হল, ফলে رَاضٍ হল।

* مَرْضِيٌّ মূলত مَرْضُوْوٌ ছিল। على وزن مَسْمُوْعٌ

واو পতিত হল مَفْعُوْلٌ এর ওজনের লাম কালিমায় এবং ইহার মাজী ও মুজারে মারূফে واو কে ياء দ্বারা বদল করা হয়েছিল তাই দ্বিতীয় واو কে ياء দ্বারা বদল করল। এখন واو ও ياء একত্রিত হল, প্রথমটি সাকিন দ্বিতীয়টি মাফতূহ্, তাই واو কে ياء দ্বারা বদল করল এবং ياء কে ياء এর মাঝে এদগাম করল, ياء এর মুনাসিবাতে ডানের জম্মাকে কাসরায় রূপান্তর করল, ফলে مَرْضِيٌّ হল।

* اِرْضَ মূলত اِرْضَوْ ছিল। على وزن اِسْمَعْ

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থ স্থানে ফাতহার পরে পতিত হল তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء পতিত হল হালতে وقف তে তাই ياء পড়ে গেল, ফলে اِرْضَ হল।

* لاَ تَرْضَ মূলত لاَ تَرْضَوْ ছিল। على وزن لاَ تَسْمَعْ

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থ স্থানে ফাতহার পরে পতিত হল তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء পতিত হল হালতে জযমীতে তাই ياء পড়ে গেল, ফলে لاَ تَرْضَ হল।

টীকা :-

الناقص الواوى এর মাজী ও মুজারে মারূফের লাম কালিমার واو কে ياء দ্বারা বদল করা হলে তার ইসমে মাফউলের লাম কালিমার واو কে ياء দ্বারা বদল করা ওয়াজিব যেমন: رَضِيَ – يَرْضِيْ এর ইসমে মাফউল مَرْضُوْوٌ ⟶ مَرْضُوْيٌ ⟶ مَرْضِيٌّ

# الصَّرف الصَّغير من بَاب التفعل

## الناقص الواوي

## المصْدر : اَلتَّلَقِّيْ

المادَّة : ل، ق، و . المعْنى ঃ সাক্ষাৎ করা

تَلَقّى يَتَلَقّى تَلَقِّيًا فهو مُتَلَقٍّ و تُلُقِّىَ يُتَلَقّى تَلَقِّيًا فهو مُتَلَقًّى

الامر منه تَلَقَّ والنهي عنه لاَ تَتَلَقَّ

**তাশরীহ্** ——————————————

* تَلَقّى মূলত تَلَقَّوَ ছিল । على وزن تَقَبَّلَ

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থের অধিক স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء কে الف দ্বারা বদল করল, ফলে تَلَقّى হল ।

* يَتَلَقّى মূলত يَتَلَقَّوُ ছিল । على وزن يَتَقَبَّلُ

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থের অধিক স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء কে الف দ্বারা বদল করল, ফলে يَتَلَقّى হল ।

টীকা :- ——————————————

**صرف صغير** এর অর্থ ঃ সে সাক্ষাৎ করেছে, করল। সে সাক্ষাৎ করবে, করছে, করে। সাক্ষাৎ করা। একজন সাক্ষাৎকারী । তার সাথে সাক্ষাৎ করা হয়েছে, হল। তার সাথে সাক্ষাৎ করা হবে, হচ্ছে, হয়। সাক্ষাৎকৃত হওয়া। সাক্ষাৎকৃত একজন ব্যক্তি। তুমি সাক্ষাৎ কর। তুমি সাক্ষাৎ করোনা।

* আহলে হেজাযের নিকট ফেয়েলের মাজীর শুরুতে **تاء** হয় এমন ফেয়েলে মাজীর মুজারেতে اتين এর **ياء** ছাড়া বাকি তিনটিতে কাসরা দিয়ে পড়া জায়েয

যেমন: **تَصَرَّفَ** এর মুজারে **تِتَصَرَّفُ، اِتَصَرَّفُ، نِتَصَرَّفُ** পড়া জায়েয।

على وزن تَقَبُّلاً । تَلَقُّوًا ছিল মূলত تَلَقِّيًا *

واو পতিত হল, ইসমে متمكن এর শেষ কালিমায় জম্মার পরে, তাই জম্মাকে কাসরায় রূপান্তর করল, এখন واو পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে تَلَقِّيًا হল।

على وزن مُتَقَبِّلٌ । مُتَلَقِّوٌ ছিল মূলত مُتَلَقٍّ *

واو পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء য়ে মাজমূম পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই ياء কে সাকিন করল, দুটি সাকিন একত্রিত হল, যথা: ياء ও نون তানভীন, ياء পড়ে গেল, নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করল, ফলে مُتَلَقٍّ হল।

على وزن تُقُبِّلَ । تُلُقِّوَ ছিল মূলত تُلُقِّيَ *

واو পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে تُلُقِّيَ হল।

على وزن مُتَقَبَّلٌ । مُتَلَقَّوٌ ছিল মূলত مُتَلَقًّى *

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থের অধিক স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء কে الف দ্বারা বদল করল, দুটি সাকিন একত্রিত হল, যথা : الف ও نون তানভীন الف পড়ে গেল, নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করল, ফলে مُتَلَقًّى হল।

على وزن تَقَبَّلْ । تَلَقَّوْ ছিল মূলত (আমরে হাজের) تَلَقَّ *

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থের অধিক স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল। এখন ياء পতিত হল হালতে وقف তে তাই ياء পড়ে গেল, ফলে تَلَقَّ হল।

على وزن لاَ تَقَبَّلْ । لاَ تَلَقَّوْ ছিল মূলত لاَ تَلَقَّ *

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থের অধিক স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء পতিত হল হালতে জযমীতে তাই ياء পড়ে গেল, ফলে لاَ تَلَقَّ হল।

# القواعد والاعلال

## للناقص

الناقص এর বহুল আলোচিত কাওয়ায়েদ ১৬টি যথা ঃ–

(١) قاعدة رَضِيَ
(٢) قاعدة يَرْضٰى
(٣) قاعدة يَدْعُوْ
(٤) قاعدة يَرْمِيْ
(٥) قاعدة تَرْمِيْنَ
(٦) قاعدة يَرْمُوْنَ
(٧) قاعدة تَدْعِيْنَ
(٨) قاعدة لاَ تَدْعُ، لاَ تَرْمِ
(٩) قاعدة اُدْعُ، اِرْمِ
(١٠) قاعدة مَرْمِيٌّ
(١١) قاعدة مَرْضِيٌّ
(١٢) قاعدة دَاعٍ
(١٣) قاعدة رَامٍ
(١٤) قاعدة تَلَقِّيًا، تَلَقٍّ
(١٥) قاعدة اعْلاَءٌ، اغنَاءٌ
(١٦) قاعدة دُنْيَا، عُلْيَا

### (١) قاعدة رَضِيَ

* واو ত্বরফে কালিমা অথবা নিকটতম ত্বরফে কালিমায় কাসরার পরে পতিত হলে ইক্ত واو কে ياء দ্বারা বদল করা ওয়াজিব।

যেমন: رَضِوَ ⟶ رَضِيَ  دُعِوَ ⟶ دُعِيَ
قَوِوَا ⟶ قَوِيَا  طَوِوَا ⟶ طَوِيَا

تعليل

* رَضِيَ মূলত رَضِوَ ছিল। على وزن سَمِعَ
واو পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে رَضِيَ হল।

* قَوِيَا মূলত قَوِوَا ছিল। على وزن سَمِعَا

واو পতিত হল নিকটতম ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে قَوِيَا হল।

* دُعِيَ মূলত دُعِوَ ছিল। على وزن نُصِرَ

واو পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে دُعِيَ হল।

## (২) قاعدة يَرْضٰي

* واو মাদ্দার তৃতীয় স্থানে ফাতহার পরে পতিত হলে, শব্দ গঠন কালে চতুর্থ বা তার অধিক স্থানে ফাতহার পরে হলে, উক্ত واو কে ياء দ্বারা বদল করে অত:পর ياء কে الف দ্বারা বদল করা ওয়াজিব। যেমন:

يَرْضَوُ ⟵ يَرْضَيُ ⟵ يَرْضٰى

يُدْعَوُ ⟵ يُدْعَيُ ⟵ يُدْعٰى

تَلَقَّوَ ⟵ تَلَقَّيَ ⟵ تَلَقّٰى

টীকা :-

يَرْضٰى এর বর্ণিত কায়দাটি সংস্করণকৃত কায়দা. তবে মূল কায়দা যা ইলমুছ্ছীগাতে বর্ণিত হয়েছে তা নিম্নরূপ

واو মাদ্দার তৃতীয় স্থানে পতিত হয়ে শব্দ গঠনকালে চতুর্থ বা তার অধিক স্থানে অবস্থিত হলে এবং ইহার ডানে জম্মা বা واو সাকিন না হলে, উক্ত واو কে ياء দ্বারা বদল করা ওয়াজিব। যেমন: مِدْعَاء (ইসমে আলাহ) এর জমা مَدَاعِيُّ যা মূলত مَدَاعِوُ ⟵ مَدَاعِيْوُ ছিল। واو এর ডানে জম্মা ও واو সাকিন না থাকায় واو কে ياء দ্বারা বদল করা হয়েছে। অত:পর ياء কে ياء এর মাঝে এদগাম করা হয়েছে। এখানে سَيِّدٌএর কায়দা প্রয়োগ করা হয় নাই। কেননা প্রথম ياء টি আসল নয় বরং مَحَارِيْبُ এর কায়দা অনুসারে الف থেকে বদল হয়ে আসছে।

তবে পাঞ্জেগাঞ্জে ডানে জম্মা বা واو সাকিন না হওয়ার কথাটি পরিবর্তন করে "ডানের হরকতটি واو এর মুখালিফ হলে" উক্তি দ্বারা কায়দাটি বর্ণনা করেছে। কায়দাটির বর্ণনাধারা জটিল বিধায় পরিবর্তন করে সহজ করার উদ্দেশ্যে উল্লেখিত নিয়মে বর্ণনা করা হয়েছে।

## تعليل

* يَرْضٰى মূলত يَرْضَوُ ছিল। على وزن يَسْمَعُ

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থ স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء কে الف দ্বারা বদল করল, ফলে يَرْضٰى হল।

* يُدْعٰى মূলত يُدْعَوُ ছিল। على وزن يُنْصَرُ

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থ স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء কে الف দ্বারা বদল করল, ফলে يُدْعٰى হল।

* تَلَقّٰى মূলত تَلَقَّوَ ছিল। على وزن تَقَبَّلَ

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থের অধিক স্থানে ফাতহা এর পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء কে الف দ্বারা বদল করল, ফলে تَلَقّٰى হল।

## (٣) قاعدة يَدْعُوْ

* مضموم واو এর ডানে জম্মা হলে উক্ত واو কে সাকিন করা ওয়াজিব। যেমন:

يَدْنُوُ ⟵ يَدْنُوْ     يَدْعُوُ ⟵ يَدْعُوْ

يَتْلُوُ ⟵ يَتْلُوْ     يَعْفُوُ ⟵ يَعْفُوْ

টীকা :-

يَدْعُوْ এর তালীল পাঞ্জেগাঞ্জে নিম্নোক্ত নিয়মে বর্ণিত হয়েছে

يَدْعُوْ মূলত يَدْعُوُ ছিল। واو নিজেই জম্মার ধারক বাহক। অপর একটি জম্মা তার উপর কঠিন জানিয়া واو কে সাকিন করল, ফলে يَدْعُوْ হল। তালীলটি জটিল বিধায় পরিবর্তন করে সহজ করা হয়েছে।

**تعليل**

* على وزن يَنْصُرُ يَدْعُوُ মূলত يَدْعُوْ ছিল। *
জম্মার পরে واو তে জম্মা কঠিন জানিয়া واو কে সাকিন করল, ফলে يَدْعُوْ হল।

* على وزن يَنْصُرُ يدْنُوُ মূলত يَدْنُوْ ছিল। *
জম্মার পরে واو তে জম্মা কঠিন জানিয়া واو কে সাকিন করল, ফলে يَدْنُوْ হল।

## (٤) قاعدة يَرْمِيْ

* ياء مضموم ত্বরফে কালিমায় কাসরার পরে পতিত হলে উক্ত ياء কে সাকিন করা ওয়াজিব।

যেমন: يَرْمِيُ ⟶ يَرْمِيْ

**تعليل**

* على وزن يَضْرِبُ يَرْمِيُ মূলত يَرْمِيْ ছিল। *
ياء য়ে মাজমূম পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই ياء কে সাকিন করল, ফলে يَرْمِيْ হল।

## (৫) قاعدة تَرْمِيْنَ

* ياء مكسور এর ডানে কাসরা হলে উক্ত ياء কে সাকিন করা ওয়াজিব। যেমন: تَرْمِيِيْنَ ⟶ تَرْمِيْيْنَ ⟶ تَرْمِيْنَ

**تعليل**

* على وزن تضْرِبِيْنَ تَرْمِيِيْنَ মূলত تَرْمِيْنَ ছিল। *
কাসরার পরে ياء তে কাসরা কঠিন জানিয়া ياء কে সাকিন করল, تَرْمِيْيْنَ হল। এখন সাকিন যুক্ত দুটি ياء একত্রিত হল, একটি ياء পড়ে গেল, ফলে تَرْمِيْنَ হল।

## (٦) قاعدة يَرْمُوْنَ

* يَاء مضموم নিকটতম ত্বরফে কালিমায় কাসরার পরে পতিত হলে উক্ত يَاء এর হরকতকে নকল করে তার ডানে দেওয়া ওয়াজিব, ডানের বিদ্যমান কাসরাকে দূর করার পর। যেমন:

يَرْمُوْنَ ⟵ يَرْمُيْوْنَ ⟵ يَرْمِيُوْنَ

**تعليل**

* يَرْمُوْنَ মূলত يَرْمِيُوْنَ ছিল। على وزن يَضْرِبُوْنَ

কাসরার পরে يَاء তে জম্মা কঠিন জানিয়া يَاء এর হরকতকে নকল করে তার ডানে দিল, ডানের হরকতকে দূর করার পর (يَرْمُيْوْنَ হল)। এখন দুটি সাকিন একত্রিত হল, যথা : يَاء ও واو ॥ يَاء পড়ে গেল, ফলে يَرْمُوْنَ হল।

## (٧) قاعدة تَدْعِيْنَ

* واو মাকসূর হয়ে তার ডানে জম্মা হলে, واو এর হরকতকে নকল করে তার ডানে দেয়া ওয়াজিব, ডানের হরকতকে দূর করার পর। অত:পর مِيْزَان এর কায়দা অনুযায়ী واو কে يَاء দ্বারা বদল করা ওয়াজিব।

যেমন: تَدْعُوِيْنَ ⟵ تَدْعِوْيْنَ ⟵ تَدْعِيْيْنَ ⟵ تَدْعِيْنَ

**تعليل**

* تَدْعِيْنَ মূলত تَدْعُوِيْنَ ছিল। على وزن تَنْصُرِيْنَ

জম্মার পরে واو তে কাসরা কঠিন জানিয়া واو এর হরকতকে নকল করে তার ডানে দিল, ডানের হরকতকে দূর করার পর। (تَدْعِوْيْنَ হল) এখন واو সাকিন হয়ে তার ডানে মাকসূর হল তাই واو কে يَاء দ্বারা বদল করল। (تَدْعِيْيْنَ হল) এখন সাকিন যুক্ত দুটি يَاء একত্রিত হল, একটি يَاء পড়ে গেল, ফলে تَدْعِيْنَ হল।

টীকা :-

নিকটতম ত্বরফে কালিমা বা হুকমে ত্বরফে কালিমা বলতে বুঝায়, শব্দের শেষাংশে واو অথবা يَاء এর পরে যমীরে ফায়েল (বা সমমান হরফ) সংযুক্ত থাকা। যেমন: رَامِيُوْنَ، يَرْمِيُوْنَ আর কোন যমীরে ফায়েল না থাকলে তাকে ত্বরফে কালিমা বলে যেমন: اَلدَّاعِيْ ، يَرْمِيْ

## (৮) قاعدة لاَ تَدْعُ، لاَ تَرْمِ

* واو অথবা ياء হালতে জযমীতে পতিত হলে উক্ত واو অথবা ياء কে হযফ করা ওয়াজিব।

### تعليل

* لاَ تَدْعُ মূলত لاَ تَدْعُوْ ছিল। على وزن لاَ تَنْصُرْ

واو পতিত হল হালতে জযমীতে তাই واو পড়ে গেল, ফলে لاَتَدْعُ হল।

* لاَ تَرْمِ মূলত لاَ تَرْمِيْ ছিল। على وزن لاَ تَضْرِبْ

ياء পতিত হল হালতে জযমীতে তাই ياء পড়ে গেল, ফলে لاَ تَرْمِ হল।

## (৯) قاعدة اُدْعُ، اِرْمِ

* واو অথবা ياء হালতে وقف তে পতিত হলে উক্ত واو অথবা ياء কে হযফ করা ওয়াজিব। যেমন:

اُدْعُوْ ⟵ اُدْعُ　　　　اِرْمِيْ ⟵ اِرْمِ

### تعليل

* اُدْعُ মূলত اُدْعُوْ ছিল। على وزن اُنْصُرْ

واو পতিত হল হালতে وقف তে তাই واو পড়ে গেল, ফলে اُدْعُ হল।

* اِرْمِ মূলত اِرْمِيْ ছিল। على وزن اِضْرِبْ

ياء পতিত হল হালতে وقف তে তাই ياء পড়ে গেল, ফলে اِرْمِ হল।

টীকা :-

* কোন শব্দের ব্যবহার অধিক হলে তার শেষ থেকে হরফুল ইল্লাত বা ياء اضافت কে হযফ করে পড়া জায়েয। যেমন:

يَدْعُو الانْسَانُ ⟵ يَدْعُ الانْسَانُ　　الدَّاعِيْ ⟵ الدَّاعِ　　رَبِّيْ ⟵ ربِّ

## (১০) قاعدة مَرْمِيٌّ

* واو ও ياء একই কালিমায় একত্র হলে এবং প্রথমটি সাকিন ও দ্বিতীয়টি মুতাহারি্রিক হলে উক্ত واو কে ياء করত: ياء কে ياء এর মাঝে এদগাম করা ওয়াজিব। ياء এর মুনাসিবাতে ডানের জম্মাকে কাসরায় রূপান্তর করা ওয়াজিব, যদি ডানের হরফে জম্মা থাকে। যেমন:

مَرْمُوْيٌ ⟵ مَرْمُيْيٌ ⟵ مَرْمُيٌّ ⟵ مَرْمِيٌّ

سَيْوِدٌ ⟵ سَيْيِدٌ ⟵ سَيِّدٌ

তবে কয়েকটি স্থানে এ কায়দা প্রযোজ্য নয়।

(১) واو বা ياء কোন হরফ থেকে বদল হয়ে আসলে। যেমন: دِيْوَانٌ যা মূলত ছিল دِوْوَانٌ কেননা ইহার জমা دَوَاوِيْنُ সুতরাং دِيْوَانٌ এর ياء টি واو থেকে বদল হয়ে আসছে ।

(২) অন্য কোন শব্দের সাথে মিলে যাওয়ার আশংকা থাকলে। যেমন: حَيْوَةٌ (এক ব্যক্তির নাম) তালীল করলে حَيَّةٌ হবে যার অর্থ সাপ। এমনিভাবে اَيْوِمٌ (আলোকিত দিবস) তালীল করলে اَيِّمٌ হবে যার অর্থ বিধবা মহিলা।

(৩) واو ও ياء একই কালিমায় না হলে। যেমন: اَبُوْ يَعْقُوْبَ

(৪) واو ও ياء যুক্ত শব্দটি জময়ে তাকসীরের উপর মাহমূল হলে। যেমন: اُسَيْوِدُ ইহা اَسَاوِدُ জময়ে তাকসীরের উপর মাহমূল হয়েছে।

টীকা :-

* جمع مذكر سالم এর সাথে ياء য়ে ইজাফত যুক্ত হলে তাকে حكما একই কালিমার অন্তর্ভুক্ত করে مَرْمِيٌّ এর তালীল করা হয়। যেমন: مُسْلِمِيَّ ⟵ مُسْلِمُوْيَ

* جمع تكسير ও مصغر এর মধ্যে একটি সুসম্পর্ক রয়েছে। যেহেতু اَسَاوِدُ তে واو হামযা হয় নাই তাই اُسَيْوِدُ তে واو কে ياء দ্বারা বদল করা হয় নাই।

* اَيُّو আমরে হাজেরে ياء টি হামযা থেকে বদল হয়ে আসছে বিধায় مَرْمِيٌّ এর তালীল প্রয়োগ হয় নাই।

* مَرْضِيٌّ জাতীয় শব্দে مَرْمِيٌّ এর প্রথম শর্তটি প্রযোজ্য নয়।

(৫) واو টি লাম কালিমায় হলে যেমন: مَدَاعِيْوُ এখানে واو টি موضع ثالث এর কায়দা অনুযায়ী ياء হয়ে مَدَاعِيٌّ হবে।

(৬) শব্দটি ملحق হলে। যেমন: ضِيْوَنٌ অর্থ- বিড়াল।

**تعليل**

* مَرْمِيٌّ মূলত مَرْمُوْيٌ ছিল। على وزن مَضْرُوْبٌ

واو ও ياء একই কালিমায় একত্রিত হল। প্রথমটি সাকিন দ্বিতীয়টি মুতাহার্‌রিক তাই واو কে ياء দ্বারা বদল করল এবং ياء কে ياء এর মাঝে এদগাম করল مَرْمُيٌّ হল। ياء এর মুনাসিবাতে ডানের জম্মাকে কাসরায় রূপান্তর করল, ফলে مَرْمِيٌّ হল।

* سَيِّدٌ মূলত سَيْوِدٌ ছিল। على وزن فَيْعِلٌ

ياء ও واو একই কালিমায় একত্রিত হল। প্রথমটি সাকিন দ্বিতীয়টি মুতাহার্‌রিক তাই واو কে ياء দ্বারা বদল করল, অত:পর ياء কে ياء এর মাঝে এদগাম করল, ফলে سَيِّدٌ হল।

## (১১) قاعدة مَرْضِيٌّ

مَفْعُوْلٌ এর ওজনের লাম কালিমায় واو হলে এবং তার মাজী ও মুজারে মারূফের লাম কালিমার واو কে ياء দ্বারা বদল করা হয়ে থাকলে, মাজী ও মুজারের অনুকরণে مَفْعُوْلٌ এর লাম কালিমার واو কে ياء দ্বারা বদল করা ওয়াজিব অত:পর مَرْمِيٌّ এর কায়দা অনুযায়ী তালীল করা ওয়াজিব। যেমন:

مَرْضِيٌّ ⟵ مَرْضُيٌّ ⟵ مَرْضُيْيٌ ⟵ مَرْضُوْيٌ ⟵ مَرْضُوْوٌ

সুতরাং مَدْعُوْوٌ য়ে এ তালীল হবে না কেননা তার মাজী ও মুজারে মারূফ যথা دَعَا – يَدْعُوْ তে "লাম" কালিমায় বিদ্যমান واو কে ياء দ্বারা বদল করা হয় নাই।

تعليل

* مَرْضِيٌّ মূলত مَرْضُوْوٌ ছিল। على وزن مَسْمُوْعٌ

واو পতিত হল مَفْعُوْلٌ এর ওজনের লাম কালিমায় এবং ইহার মাজী ও মুজারে মারূফে واو কে ياء দ্বারা বদল করা হয়েছিল তাই واو কে ياء দ্বারা বদল করল। এখন واو ও ياء একই কালিমায় একত্রিত হল, প্রথমটি সাকিন দ্বিতীয়টি মুতাহার্‌রিক, তাই واو কে ياء দ্বারা বদল করল, ياء কে ياء এর মাঝে এদগাম করল এবং ياء এর মুনাসিবাতে ডানের জম্মাকে কাসরায় রূপান্তর করল, ফলে مَرْضِيٌّ হল।

## (١٢) قاعدة دَاعٍ

* ইসমে মুতামাক্কিনের ত্বরফে কালিমায় واو হয়ে তার ডানে কাসরা হলে এবং واو এর হরকত জম্মা তানভীন অথবা কাসরা তানভীন হলে, واو কে ياء দ্বারা বদল করত: ياء কে সাকিন করা ওয়াজিব। তারপর ياء কে ইজতেমায়ে সাকিনাইনের কারণে রহিত করে নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করে পড়া ওয়াজিব। যেমন:

دَاعٍ ⟵ دَاعِيْنْ ⟵ دَاعِيُنْ বা دَاعِيٌ ⟵ دَاعِوٌ

تعليل

* دَاعٍ মূলত دَاعِوٌ (دَاعِوُنْ) ছিল। على وزن نَاصِرٌ

واو পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল (دَاعِيُنْ হল) এখন ياء য়ে মাজমূম পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই ياء কে সাকিন করল, দুটি সাকিন একত্রিত হল, যথা : ياء ও نون তানভীন, ياء পড়ে গেল, নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করল, ফলে دَاعٍ হল।

## (۱۳) قاعدة رَامٍ

* ইসমে মুতামাক্কিনের ত্বরফে কালিমায় ياء হয়ে তার ডানে কাসরা হলে, ياء এর হরকত জম্মা তানভীন বা কাসরা তানভীন হলে ياء কে সাকিন করা ওয়াজিব অত:পর ياء কে ইজতেমায়ে সাকিনাইনের কারণে রহিত করে, নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করে পড়া ওয়াজিব। যেমন: رَامِيٌ বা رَامِيٍ ← رَامِيْنْ ← رَامْ

### تعليل

رَامٍ মূলত رَامِيٌ (رامِيُنْ) ছিল। على وزن ضَارِبٌ

ياء য়ে মাজমূম পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই ياء কে সাকিন করল (رَامِيُنْ হল)। দুটি সাকিন একত্রিত হল, যথা: ياء ও نون তানভীন, ياء পড়ে গেল। নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করল, ফলে رَامٍ হল।

## (۱٤) قاعدة تَلَقِّيًا، تَلَقٍّ

واو ইসমে متمكن এর শেষ কালিমায় জম্মার পরে হলে উক্ত জম্মাকে কাসরায় রূপান্তর করা ওয়াজিব। অত:পর واو ত্বরফে কালিমায় কাসরার পরে পতিত হওয়ায় واو কে ياء দ্বারা বদল করা ওয়াজিব।

যেমন: تَلَقُّوًا ← تَلَقِّوًا ← تَلَقِّيًا

تَعَلُّوًا ← تَعَلِّوًا ← تَعَلِّيًا

তবে واو তে জম্মা তানভীন বা কাসরা তানভীন হলে প্রথমে واو এর ডানের জম্মাকে কাসরায় রূপান্তর করে অত:পর واو কে ياء দ্বারা বদল করে আবার ইজতেমায়ে সাকিনাইনের কারণে ياء কে হযফ করে, নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করে পড়া ওয়াজিব।

যেমন: تَلَقُّوٌ ← تَلَقِّوٌ ← تَلَقِّيٌ বা تَلَقِّيْنْ ← تَلَقٍّ

তবে কয়েকটি স্থানে এ কায়দা প্রযোজ্য নয়।

(১) واو টি হামযা থেকে বদল হয়ে আসলে। যেমন: كُفُوًا মূলত كُفُؤًا ছিল।

(২) واو য়ে তাশদীদ হলে। যেমন: مَدْعُوٌّ

(৩) শব্দটি ইসমে গাইরে মুতামাক্কিন হলে। যেমন: هُوَ

## تعليل

* تَلَقِّيًا মূলত تَلَقُّوًا ছিল। على وزن تَقَبُّلاً

واو পতিত হল ইসমে متمكن এর ত্বরফে কালিমায় জম্মার পরে তাই জম্মাকে কাসরায় রূপান্তর করল, এখন واو পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে تَلَقِّيًا হল।

* تلقٍ মূলত تَلَقُّوٌ ছিল। على وزن تَقَبُّلٌ

واو পতিত হল ইসমে متمكن এর শেষ কালিমায় জম্মার পরে, তাই জম্মাকে কাসরায় রূপান্তর  করল, এখন واو পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল. এখন ياء মাজমূম  পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই ياء কে সাকিন করল. দুটি সাকিন একত্রিত হল যথা- ياء ও نون তানভীন ياء পড়ে গেল, নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করল, ফলে تَلَقٍّ হল।

## (١٥) قاعدة اعْلاَءٌ ، اغْنَاءٌ

واو অথবা ياء ত্বরফে কালিমায় الف زائده এর পরে হলে উক্ত واو অথবা ياء  কে হামযা দ্বারা বদল করা ওয়াজিব। যেমন:

اغْنَاءٌ ⟵ اغْنَايٌ        اعْلاَءٌ ⟵ اعْلاَوٌ

তবে শর্ত হল واو অথবা ياء এর পরে কোন হরফে যায়েদাহ লাযেমী না হতে হবে। যেমন: شَقَاوَةٌ ، عَدَاوَةٌ ، هِدَايَةٌ ، دِرَايَةٌ এখানে ة টি হরফে লাযেমী তাই ياء ও واو কে হামযা দ্বারা বদল করা হয় নাই।

## تعليل

* اَغْلَاءٌ মূলত اَغْلَاوٌ ছিল। على وزن اَكْرَامٌ

واو পতিত হল ত্বরফে কালিমায় আলিফে যায়েদার পরে তাই واو কে হামযা দ্বারা বদল করল, ফলে اَغْلَاءٌ হল।

* اَغْنَاءٌ মূলত اَغْنَاىٌ ছিল। على وزن اَكْرَامٌ

ياء পতিত হল ত্বরফে কালিমায় আলিফে যায়েদার পরে তাই ياء কে হামযা দ্বারা বদল করল, ফলে اَغْنَاءٌ হল।

## (١٦) قاعدة دُنْيَا ، عُلْيَا

فُعْلٰى এর ওজনের লাম কালিমায় واو হলে এবং শব্দটি ইসমে জামেদ বা ইসমে تفضيل হলে, উক্ত واو কে ياء দ্বারা বদল করা ওয়াজিব। যেমন: دُنْوٰى ⟶ دُنْيَا   عُلْوٰى ⟶ عُلْيَا

তবে صيغه صفت জাতীয় শব্দে واو নিজ অবস্থায় বহাল থাকবে। যেমন: غُزْوٰى

## تعليل

* دُنْيَا মূলত دُنْوٰى ছিল। على وزن فُعْلٰى

واو পতিত হল فُعْلٰى এর ওজনের লাম কালিমায় এবং শব্দটি নিজে ইসমে জামেদ তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে دنيا হল।

* عُلْيَا মূলত عُلْوٰى ছিল। على وزن فُعْلٰى

واو পতিত হল فُعْلٰى এর ওজনের লাম কালিমায় এবং শব্দটি নিজে ইসমে তাফজীল তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে عُلْيَا হল।

টীকা :-

আর رَايٌ ও ثَايٌ য়ে ياء টি হামযা দ্বারা বদল করা হয় নাই। কেননা এখানে الف টি যায়েদাহ নয় বরং আছলী। মূলত رَوَيٌ ও ثَوَيٌ ছিল। واو কে الف দ্বারা বদল করা হয়েছে।

# الصرف الكبير من الناقص الواوي

## المصْدر : اَلدَّعْوَةُ

من بَاب نَصَرَ يَنْصُرُ المادَّة : د ع و المعْنى ঃ আহবান করা, ডাকা

### ماضى معروف

| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
|---|---|---|---|---|---|
| واحد | دَعَا | دَعَتْ | دَعَوْتَ | دَعَوْتِ | دَعَوْتُ |
| تثنيه | دَعَوَا | دَعَتَا | دَعَوْتُمَا | دَعَوْتُمَا | دَعَوْنَا |
| جمع | دَعَوْا | دَعَوْنَ | دَعَوْتُمْ | دَعَوْتُنَّ | دَعَوْنَا |

### ماضى مجهول

| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
|---|---|---|---|---|---|
| واحد | دُعِيَ | دُعِيَتْ | دُعِيْتَ | دُعِيْتِ | دُعِيْتُ |
| تثنيه | دُعِيَا | دُعِيَتَا | دُعِيْتُمَا | دُعِيْتُمَا | دُعِيْنَا |
| جمع | دُعُوْا | دُعِيْنَ | دُعِيْتُمْ | دُعِيْتُنَّ | دُعِيْنَا |

**তাশরীহ**

* دَعَوْا মূলত دَعَوُوْا ছিল। على وزن نَصَرُوْا

واو মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই واو কে الف দ্বারা বদল করল, এখন দুটি সাকিন একত্রিত হল, যথা : الف ও واو ॥ الف পড়ে গেল, ফলে دَعَوْا হল।

টীকা:

**ماضى معروف** এর অর্থ ঃ- সে বা তারা দু'জন বা সকলে আহবান করেছে, করল। তুমি বা তোমরা দু'জন বা সকলে আহবান করেছো, করলে। আমি বা আমরা দু'জন বা সকলে আহবান করেছি, করলাম।

**ماضى مجهول** এর অর্থ ঃ- তাকে বা তাদের দু'জন বা সকলকে আহবান করা হয়েছে বা হল। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে আহবান করা হয়েছে বা হল। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে আহবান করা হয়েছে বা হল।

| مضارع معروف | | | | | |
|---|---|---|---|---|---|
| متكلم | مؤنث حاضر | مذكر حاضر | مؤنث غائب | مذكر غائب | صيغة |
| اَدْعُوْ | تَدْعِيْنَ | تَدْعُوْ | تَدْعُوْ | يَدْعُوْ | واحد |
| نَدْعُوْ | تَدْعُوَانِ | تَدْعُوَانِ | تَدْعُوَانِ | يَدْعُوَانِ | تثنيه |
| نَدْعُوْ | تَدْعُوْنَ | تَدْعُوْنَ | يَدْعُوْنَ | يَدْعُوْنَ | جمع |
| مضارع مجهول | | | | | |
| اُدْعٰى | تُدْعَيْنَ | تُدْعٰى | تُدْعٰى | يُدْعٰى | واحد |
| نُدْعٰى | تُدْعَيَانِ | تُدْعَيَانِ | تُدْعَيَانِ | يُدْعَيَانِ | تثنيه |
| نُدْعٰى | تُدْعَيْنَ | تُدْعَوْنَ | يُدْعَيْنَ | يُدْعَوْنَ | جمع |

* دَعَتْ মূলত دَعَوَتْ ছিল। على وزن نَصَرَتْ

واو মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই واو কে الف দ্বারা বদল করল, দুটি সাকিন একত্রিত হল, যথাঃ الف ও تاء য়ে تانيث ॥ الف পড়ে গেল, ফলে دَعَتْ হল।

* دَعَتَا মূলত دَعَوَتَا ছিল। على وزن نَصَرَتَا

واو মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই واو কে الف দ্বারা বদল করল, دَعَاتَا হল। প্রকৃত পক্ষে تاء য়ে সাকিন বিদ্যমান রয়েছে, তাই দুটি সাকিন একত্রিত হল, যথা : الف ও تاء য়ে تانيث ॥ الف পড়ে গেল, ফলে دَعَتَا হল।

টীকা: ___

**مضارع معروف** এর অর্থ ঃ- সে বা তারা দু'জন বা সকলে আহবান করবে, করছে, করে। তুমি বা তোমরা দু'জন বা সকলে আহবান করবে, করছো, করো। আমি বা আমরা দু'জন বা সকলে আহবান করব, করছি, করি।

**مضارع مجهول** এর অর্থ ঃ- তাকে বা তাদের দু'জন বা সকলকে আহবান করা হবে, হচ্ছে, হয়। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে আহবান করা হবে, হচ্ছে, হয়। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে আহবান করা হবে, হচ্ছে, হয়।

* دَعَتْ এর সাথে **الف** তাছনিয়া যোগ করে তাছনিয়া বানানো হয়েছে, **الف** এর উচ্চারনের জন্য **تاء** তানিছে আরজী ফাতহা দেয়া হয়েছে সুতরাং প্রমাণিত হল, প্রকৃত পক্ষে **تاء** য়ে সাকিন বিদ্যমান রয়েছে।

| نفي تاكيد بلن معروف | | | | | |
|---|---|---|---|---|---|
| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
| واحد | لَنْ يَّدْعُوَ | لَنْ تَدْعُوَ | لَنْ تَدْعُوَ | لَنْ تَدْعِيْ | لَنْ اَدْعُوَ |
| تثنيه | لَنْ يَّدْعُوَا | لَنْ تَدْعُوَا | لَنْ تَدْعُوَا | لَنْ تَدْعُوَا | لَنْ نَدْعُوَ |
| جمع | لَنْ يَّدْعُوْا | لَنْ يَّدْعُوْنَ | لَنْ تَدْعُوْا | لَنْ تَدْعُوْنَ | لَنْ نَدْعُوَ |
| نفي تاكيد بلن مجهول | | | | | |
| واحد | لَنْ يُّدْعٰى | لَنْ تُدْعٰى | لَنْ تُدْعٰى | لَنْ تُدْعَيْ | لَنْ اُدْعٰى |
| تثنيه | لَنْ يُّدْعَيَا | لَنْ تُدْعَيَا | لَنْ تُدْعَيَا | لَنْ تُدْعَيَا | لَنْ نُدْعٰى |
| جمع | لَنْ يُّدْعَوْا | لَنْ يُّدْعَيْنَ | لَنْ تُدْعَوْا | لَنْ تُدْعَيْنَ | لَنْ نُدْعٰى |

* دُعِيَ মূলত دُعِوَ ছিল। على وزن نُصِرَ

واو পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে دُعِيَ হল।

* دُعُوْا মূলত دُعِوُوْا ছিল। على وزن نُصِرُوْا

واو পতিত হল নিকটতম ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন কাসরার পরে ياء তে জম্মা কঠিন জানিয়া ياء এর হরকতকে নকল করে তার ডানে দিল, ডানের হরকতকে দূর করার পর। দুটি সাকিন একত্রিত হল, যথা : ياء ও واو ياء পড়ে গেল, ফলে دُعُوْا হল।

টীকা: ———————————

**نفي تاكيد بلن معروف** এর অর্থ ঃ- সে বা তারা দু'জন বা সকলে কিছুতেই আহবান করবে না। তুমি বা তোমরা দু'জন বা সকলে কিছুতেই আহবান করবে না। আমি বা আমরা দু'জন বা সকলে কিছুতেই আহবান করব না।

**نفي تاكيد بلن مجهول** এর অর্থ ঃ- তাকে বা তাদের দু'জন বা সকলকে কিছুতেই আহবান করা হবে না। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে কিছুতেই আহবান করা হবে না। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে কিছুতেই আহবান করা হবে না।

| نفي جحد بلم معروف | | | | | |
|---|---|---|---|---|---|
| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
| واحد | لَمْ يَدْعُ | لَمْ تَدْعُ | لَمْ تَدْعُ | لَمْ تَدْعِيْ | لَمْ اَدْعُ |
| تثنيه | لَمْ يَدْعُوَا | لَمْ تَدْعُوَا | لَمْ تَدْعُوَا | لَمْ تَدْعُوَا | لَمْ نَدْعُ |
| جمع | لَمْ يَدْعُوْا | لَمْ يَدْعُوْنَ | لَمْ تَدْعُوْا | لَمْ تَدْعُوْنَ | لَمْ نَدْعُ |
| نفي جحد بلم مجهول | | | | | |
| واحد | لَمْ يُدْعَ | لَمْ تُدْعَ | لَمْ تُدْعَ | لَمْ تُدْعَيْ | لَمْ اُدْعَ |
| تثنيه | لَمْ يُدْعَيَا | لَمْ تُدْعَيَا | لَمْ تُدْعَيَا | لَمْ تُدْعَيَا | لَمْ نُدْعَ |
| جمع | لَمْ يُدْعَوْا | لَمْ يُدْعَيْنَ | لَمْ تُدْعَوْا | لَمْ تُدْعَيْنَ | لَمْ نُدْعَ |

* يَدْعُوْ মূলত يَدْعُوُ ছিল। على وزن يَنْصُرُ
জম্মার পরে واو তে জম্মা কঠিন জানিয়া واو কে সাকিন করল, ফলে يَدْعُوْ হল।

* يَدْعُوْنَ মূলত يَدْعُوُوْنَ ছিল। على وزن يَنْصُرُوْنَ
জম্মার পরে واو তে জম্মা কঠিন জানিয়া واو কে সাকিন করল, এখন সাকিন যুক্ত দুটি واو একত্রিত হল, একটি واو পড়ে গেল, ফলে يَدْعُوْنَ হলো।

টীকা: ———————————————————

**نفي جحد بلم معروف** এর অর্থ ঃ সে বা তারা দু'জন বা সকলে আহবান করেনি। তুমি বা তোমরা দু'জন বা সকলে আহবান করোনি। আমি বা আমরা দু'জন বা সকলে আহবান করিনি।

**نفي جحد بلم مجهول** এর অর্থ ঃ- তাকে বা তাদের দু'জন বা সকলকে আহবান করা হয়নি। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে আহবান করা হয়নি। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে আহবান করা হয়নি।

| لام تاكيد ونون ثقيلة بمستقبل معروف | | | | | |
|---|---|---|---|---|---|
| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
| واحد | لَيَدْعُوَنَّ | لَتَدْعُوَنَّ | لَتَدْعُوَنَّ | لَتَدْعِنَّ | لَاَدْعُوَنَّ |
| تثنيه | لَيَدْعُوَانِّ | لَتَدْعُوَانِّ | لَتَدْعُوَانِّ | لَتَدْعُوَانِّ | لَنَدْعُوَنَّ |
| جمع | لَيَدْعُنَّ | لَيَدْعُوْنَانِّ | لَتَدْعُنَّ | لَتَدْعُوْنَانِّ | لَنَدْعُوَنَّ |
| لام تاكيد ونون ثقيلة بمستقبل مجهول | | | | | |
| واحد | لَيُدْعَيَنَّ | لَتُدْعَيَنَّ | لَتُدْعَيَنَّ | لَتُدْعِنَّ | لَاُدْعَيَنَّ |
| تثنيه | لَيُدْعَيَانِّ | لَتُدْعَيَانِّ | لَتُدْعَيَانِّ | لَتُدْعَيَانِّ | لَنُدْعَيَنَّ |
| جمع | لَيُدْعَوُنَّ | لَيُدْعَيْنَانِّ | لَتُدْعَوُنَّ | لَتُدْعَيْنَانِّ | لَنُدْعَيَنَّ |

* تَدْعِيْنَ মূলত تَدْعُوِيْنَ ছিল। على وزن تَنْصُرِيْنَ

জম্মার পরে واو তে কাসরা কঠিন জানিয়া واو এর হরকতকে নকল করে তার ডানে দিল, ডানের হরকতকে দূর করার পর। এখন واو সাকিন হয়ে তার ডানে মাকসূর হল তাই واو কে ياء দ্বারা বদল করল। সাকিন যুক্ত দুটি ياء একত্রিত হল, একটি ياء পড়ে গেল, ফলে تَدْعِيْنَ হল।

* يُدْعٰى মূলত يُدْعَوُ ছিল। على وزن يَنْصَرُ

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থ স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল। এখন ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء কে الف দ্বারা বদল করল, ফলে يُدْعٰى হল।

টীকা: ———————————————————

**لام تاكيد ونون ثقيلة بمستقبل معروف** এর অর্থ ঃ- সে বা তারা দু'জন বা সকলে অবশ্যই অবশ্যই আহবান করবে। তুমি বা তোমরা দু'জন বা সকলে অবশ্যই অবশ্যই আহবান করবে। আমি বা আমরা দু'জন বা সকলে অবশ্যই অবশ্যই আহবান করব।

**لام تاكيد ونون ثقيلة بمستقبل مجهول** এর অর্থ ঃ তাকে বা তাদের দু'জন বা সকলকে অবশ্যই অবশ্যই আহবান করা হবে। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে অবশ্যই অবশ্যই আহবান করা হবে। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে অবশ্যই অবশ্যই আহবান করা হবে।

| لام تاكيد ونون خفيفة بمستقبل معروف | | | | | |
|---|---|---|---|---|---|
| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
| واحد | لَيَدْعُوَنْ | لَتَدْعُوَنْ | لَتَدْعُوَنْ | لَتَدْعِنْ | لَاَدْعُوَنْ |
| تثنيه | × | × | × | × | لَنَدْعُوَنْ |
| جمع | لَيَدْعُنْ | × | لَتَدْعُنْ | × | لَنَدْعُوَنْ |
| لام تاكيد ونون خفيفة بمستقبل مجهول | | | | | |
| واحد | لَيُدْعَيَنْ | لَتُدْعَيَنْ | لَتُدْعَيَنْ | لَتُدْعَيِنْ | لَاُدْعَيَنْ |
| تثنيه | × | × | × | × | لَنُدْعَيَنْ |
| جمع | لَيُدْعَوُنْ | × | لَتُدْعَوُنْ | × | لَنُدْعَيَنْ |

* يُدْعَوْنَ মূলত يُدْعَوُوْنَ ছিল। على وزن يُنْصَرُوْنَ

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থ স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল, يُدْعَيُوْنَ হল। ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء কে الف দ্বারা বদল করল। দুটি সাকিন একত্রিত হল, যথা : الف ও واو ॥ الف পড়ে গেল, ফলে يُدْعَوْنَ হল।

* تُدْعٰى মূলত تُدْعَوُ ছিল। على وزن تُنْصَرُ

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থ স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল। এখন ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء কে الف দ্বারা বদল করল, ফলে تُدْعٰى হল।

টীকা: ———

**لام تاكيد ونون خفيفة بمستقبل معروف** এর অর্থ ঃ- সে বা তারা সকলে অবশ্যই অবশ্যই আহবান করবে। তুমি বা তোমরা সকলে অবশ্যই অবশ্যই আহবান করবে। আমি বা আমরা দু'জন বা সকলে অবশ্যই অবশ্যই আহবান করব।

**لام تاكيد ونون خفيفة بمستقبل مجهول** এর অর্থ ঃ তাকে বা তাদের সকলকে অবশ্যই অবশ্যই আহবান করা হবে। তোমাকে বা তোমাদের সকলকে অবশ্যই অবশ্যই আহবান করা হবে। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে অবশ্যই অবশ্যই আহবান করা হবে।

| امر معروف | | | | | |
|---|---|---|---|---|---|
| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
| واحد | لِيَدْعُ | لِتَدْعُ | اُدْعُ | اُدْعِيْ | لِاَدْعُ |
| تثنيه | لِيَدْعُوَا | لِتَدْعُوَا | اُدْعُوَا | اُدْعُوَا | لِنَدْعُ |
| جمع | لِيَدْعُوْا | لِيَدْعُوْنَ | اُدْعُوْا | اُدْعُوْنَ | لِنَدْعُ |
| امر مجهول | | | | | |
| واحد | لِيُدْعَ | لِتُدْعَ | لِتُدْعَ | لِتُدْعَيْ | لِاُدْعَ |
| تثنيه | لِيُدْعَيَا | لِتُدْعَيَا | لِتُدْعَيَا | لِتُدْعَيَا | لِنُدْعَ |
| جمع | لِيُدْعَوْا | لِيُدْعَيْنَ | لِتُدْعَوْا | لِتُدْعَيْنَ | لِنُدْعَ |

* تُدْعِيْنَ (ওয়াহেদে মুয়ান্নাছ হাজের) মূলত تُدْعَوِيْنَ ছিল। على وزن تُنْصَرِيْنَ واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থ স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল, تُدْعَيِيْنَ হল। এখন ياء মুতাহাররিক হয়ে তার ডানে মাফতুহ হল তাই ياء কে الف দ্বারা বদল করল, দুটি সাকিন একত্রিত হল, যথা : الف ও ياء ॥ الف পড়ে গেল, ফলে تُدْعَيْنَ হল।

* تُدْعَيْنَ (জময়ে মুয়ান্নাছ হাজের) মূলত تُدْعَوْنَ ছিল। على وزن تُنْصَرْنَ واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থ স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে تُدْعَيْنَ হল।

টীকা: ---

**امر معروف** এর অর্থ ঃ- সে বা তারা দু'জন বা সকলে যেন আহবান করে। তুমি বা তোমরা দু'জন বা সকলে আহবান করো। আমি বা আমরা দু'জন বা সকলে যেন আহবান করি।

**امر مجهول** এর অর্থ ঃ- তাকে বা তাদের দু'জন বা সকলকে যেন আহবান করা হয়। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে যেন আহবান করা হয়। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে যেন আহবান করা হয়।

| امر معروف بنون ثقيلة | | | | | |
|---|---|---|---|---|---|
| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
| واحد | لِيَدْعُوَنَّ | لِتَدْعُوَنَّ | اُدْعُوَنَّ | اُدْعِنَّ | لِاَدْعُوَنَّ |
| تثنيه | لِيَدْعُوَانِّ | لِتَدْعُوَانِّ | اُدْعُوَانِّ | اُدْعُوَانِّ | لِنَدْعُوَنَّ |
| جمع | لِيَدْعُنَّ | لِيَدْعُوْنَانِّ | اُدْعُنَّ | اُدْعُوْنَانِّ | لِنَدْعُوَنَّ |
| امر مجهول بنون ثقيلة | | | | | |
| واحد | لِيُدْعَيَنَّ | لِتُدْعَيَنَّ | لِتُدْعَيِنَّ | لِتُدْعَيِنَّ | لِاُدْعَيَنَّ |
| تثنيه | لِيُدْعَيَانِّ | لِتُدْعَيَانِّ | لِتُدْعَيَانِّ | لِتُدْعَيَانِّ | لِنُدْعَيَنَّ |
| جمع | لِيُدْعَوُنَّ | لِيُدْعَيْنَانِّ | لِتُدْعَوُنَّ | لِتُدْعَيْنَانِّ | لِنُدْعَيَنَّ |

* لَمْ يَدْعُ মূলত لَمْ يدْعُوْ ছিল। على وزن لَمْ يَنْصُرْ

واو পতিত হল হালতে জযমীতে, তাই واو পড়ে গেল, ফলে لَمْ يدْعُ হল।

* لَمْ تَدْعِيْ মূলত لَمْ تَدْعُوِيْ ছিল। على وزن لَمْ تَنْصُرِيْ

জম্মার পরে واو তে কাসরা কঠিন জানিয়া واو এর হরকতকে নকল করে তার ডানে দিল, ডানের হরকতকে দূর করার পর। এখন واو সাকিন হয়ে তার ডানে মাকসূর হল তাই واو কে ياء দ্বারা বদল করল। সাকিন যুক্ত দুটি ياء একত্রিত হল, একটি ياء পড়ে গেল, ফলে لَمْ تَدْعِيْ হল।

টীকা: ————————————————————

**امر معروف بنون ثقيلة** এর অর্থ ঃ- সে বা তারা দু'জন বা সকলে যেন অবশ্যই আহবান করে। তুমি বা তোমরা দু'জন বা সকলে অবশ্যই আহবান করো। আমি বা আমরা দু'জন বা সকলে যেন অবশ্যই আহবান করি।

**امر مجهول بنون ثقيلة** এর অর্থ ঃ- তাকে বা তাদের দু'জন বা সকলকে যেন অবশ্যই আহবান করা হয়। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে যেন অবশ্যই আহবান করা হয়। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে যেন অবশ্যই আহবান করা হয়।

| امر معروف بنون خفيفة | | | | | |
|---|---|---|---|---|---|
| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
| واحد | لِيَدْعُوَنْ | لِتَدْعُوَنْ | اُدْعُوَنْ | اُدْعِنْ | لِاَدْعُوَنْ |
| تثنيه | × | × | × | × | لِنَدْعُوَنْ |
| جمع | لِيَدْعُنْ | × | اُدْعُنْ | × | لِنَدْعُوَنْ |
| امر مجهول بنون خفيفة | | | | | |
| واحد | لِيُدْعَيَنْ | لِتُدْعَيَنْ | لِتُدْعَيَنْ | لِتُدْعَيِنْ | لِاُدْعَيَنْ |
| تثنيه | × | × | × | × | لِنُدْعَيَنْ |
| جمع | لِيُدْعَوُنْ | × | لِتُدْعَوُنْ | × | لِنُدْعَيَنْ |

على وزن لَمْ يَنْصُرْ । لَمْ يُدْعَوْ ছিল মূলত لَمْ يُدْعَ *

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থ স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء পতিত হল হালতে জযমীতে, তাই ياء পড়ে গেল, ফলে لَمْ يُدْعَ হল।

على وزن لَيَنْصُرُنَّ । (لَيَدْعُوُنَّ) لَيَدْعُوُنَّ ছিল মূলত لَيَدْعُنَّ *

জম্মার পরে واو তে জম্মা কঠিন জানিয়া واو কে সাকিন করল। দুটি সাকিন একত্রিত হল, যথা : واو ও نون তাকীদ, واو পড়ে গেল, ফলে لَيَدْعُنَّ হল।

টীকা:

**امر معروف بنون خفيفة** এর অর্থ ঃ- সে বা তারা সকলে যেন অবশ্যই আহবান করে। তুমি বা তোমরা সকলে অবশ্যই আহবান করো। আমি বা আমরা দু'জন বা সকলে যেন অবশ্যই আহবান করি।

**امر مجهول بنون خفيفة** এর অর্থ ঃ- তাকে বা তাদের সকলকে যেন অবশ্যই আহবান করা হয়। তোমাকে বা তোমাদের সকলকে যেন অবশ্যই আহবান করা হয়। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে যেন অবশ্যই আহবান করা হয়।

| نهي معروف | | | | | |
|---|---|---|---|---|---|
| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
| واحد | لَا يَدْعُ | لَا تَدْعُ | لَا تَدْعُ | لَا تَدْعِيْ | لَا اَدْعُ |
| تثنيه | لَا يَدْعُوَا | لَا تَدْعُوَا | لَا تَدْعُوَا | لَا تَدْعُوَا | لَا نَدْعُ |
| جمع | لَا يَدْعُوْا | لَا يَدْعُوْنَ | لَا تَدْعُوْا | لَا تَدْعُوْنَ | لَا نَدْعُ |
| نهي مجهول | | | | | |
| واحد | لَا يُدْعَ | لَا تُدْعَ | لَا تُدْعَ | لَا تُدْعَيْ | لَا اُدْعَ |
| تثنيه | لَا يُدْعَيَا | لَا تُدْعَيَا | لَا تُدْعَيَا | لَا تُدْعَيَا | لَا نُدْعَ |
| جمع | لَا يُدْعَوْا | لَا يُدْعَيْنَ | لَا تُدْعَوْا | لَا تُدْعَيْنَ | لَا نُدْعَ |

* لَيُدْعَوُنَّ মূলত لَيُدْعَوُوْنَنَّ (لَيُدْعَوُوْنَنَّ) ছিল। على وزن لَيُنْصَرُوْنَّ

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থ স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল, ياء মুতাহাররিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء কে الف দ্বারা বদল করল। দুটি সাকিন একত্রিত হল যথা الف ও واو ॥ الف পড়ে গেল। (لَيُدْعَوْنَنَّ হল) আবার দুটি সাকিন একত্রিত হল। যথা واو ও نون তাকিদ এবং واو এর ডানের হরকত واو এর মুখালিফ হল তাই واو য়ে জম্মা দিল, ফলে لَيُدْعَوُنَّ হল।

টীকা: ———————————————

**نهى معروف** এর অর্থ ঃ- সে বা তারা দু'জন বা সকলে যেন আহবান না করে। তুমি বা তোমরা দু'জন বা সকলে আহবান করোনা। আমি বা আমরা দু'জন বা সকলে যেন আহবান না করি।

**نهى مجهول** এর অর্থ ঃ- তাকে বা তাদের দু'জন বা সকলকে যেন আহবান না করা হয়। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে যেন আহবান না করা হয়। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে যেন আহবান না করা হয়।

**قاعده** ঃ- দুটি সাকিন একত্রিত হয়ে প্রথমটি হরফুল ইল্লাত হলে এবং ডানের হরকত হরফুল ইল্লাতের মু'আফেক হলে হরফুল ইল্লাত রহিত হয়ে যায়। আর ডানের হরকত মুখালিফ হলে হরফুল ইল্লাত রহিত হবে না বরং হরকত গ্রহণ করবে। واو হলে জম্মা আর ياء হলে কাসরা গ্রহণ করবে. যেমন: اخْشَوُا الله. اخْشَيِ الله

| نهى معروف بنون ثقيلة | | | | | |
|---|---|---|---|---|---|
| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
| واحد | لَا يَدْعُوْنَّ | لَا تَدْعُوْنَّ | لَا تَدْعُوْنَّ | لا تدْعِنَّ | لَا اَدْعُوَنَّ |
| تثنيه | لَا يَدْعُوَانِّ | لا تدْعُوانِّ | لَا تَدْعُوانِّ | لَا تَدْعُوانِّ | لَا نَدْعُوَنَّ |
| جمع | لَا يَدْعُنَّ | لا يدْعُوْنَانِّ | لَا تَدْعُنَّ | لا تدْعُوْنَانِّ | لَا نَدْعُوَنَّ |
| نهى مجهول بنون ثقيلة | | | | | |
| واحد | لا يُدْعَيَنَّ | لَا تُدْعَيَنَّ | لَا تُدْعَيِنَّ | لا تُدْعَيِنَّ | لا اُدْعَيَنَّ |
| تثنيه | لا يُدْعَيَانِّ | لا تُدْعيانِّ | لَا تُدْعيانِّ | لا تُدْعَيانِّ | لَا نُدْعَيَنَّ |
| جمع | لا يُدْعَوُنَّ | لا يُدْعَيْنَانِّ | لَا تُدْعَوُنَّ | لا تُدْعَيْنَانِّ | لا نُدْعَيَنَّ |

* اُدْعُنَّ মূলত اُدْعُوْنَّ ছিল। على وزن اُنْصُرُنَّ

জম্মার পরে واو তে জম্মা কঠিন জানিয়া واو কে সাকিন করল, দুটি সাকিন একত্রিত হল, যথা: واو ও নূনে তাকীদ, واو পড়ে গেল, ফলে اُدْعُنَّ হল।

* اُدْعِنَّ মূলত اُدْعُوِنَّ ছিল। على وزن اُنْصُرِنَّ

জম্মার পরে واو তে কাসরা কঠিন জানিয়া واو এর হরকতকে নকল করে তার ডানে দিল, ডানের হরকতকে দূর করার পর, এখন واو সাকিন হয়ে তার ডানে মাকসূর হল তাই واو কে ياء দ্বারা বদল করল। দুটি সাকিন একত্রিত হল, যথা : ياء ও نون তাকীদ, ياء পড়ে গেল, ফলে اُدْعِنَّ হল।

টীকা: ———————————————

**نهى معروف بنون ثقيلة** এর অর্থ ঃ- অবশ্যই সে বা তারা দু'জন বা সকলে যেন আহবান না করে। অবশ্যই তুমি বা তোমরা দু'জন বা সকলে আহবান করোনা । অবশ্যই আমি বা আমরা দু'জন বা সকলে যেন আহবান না করি ।

**نهى مجهول بنون ثقيلة** এর অর্থ ঃ- অবশ্যই তাকে বা তাদের দু'জন বা সকলকে যেন আহবান না করা হয়। অবশ্যই তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে যেন আহবান না করা হয়। অবশ্যই আমাকে বা আমাদের দু'জন বা সকলকে যেন আহবান না করা হয়।

| نهى معروف بنون خفيفة | | | | | |
|---|---|---|---|---|---|
| متكلم | مؤنث حاضر | مذكر حاضر | مؤنث غائب | مذكر غائب | صيغة |
| لا ادْعُوَنْ | لَا تَدْعِنْ | لَا تَدْعُوَنْ | لَا تَدْعُوَنْ | لَا يَدْعُوَنْ | واحد |
| لَا نَدْعُوَنْ | × | × | × | × | تثنيه |
| لا نَدْعُوَنْ | × | لَا تَدْعُنْ | × | لا يَدْعُنْ | جمع |
| نهى مجهول بنون خفيفة | | | | | |
| لا اُدْعَيَنْ | لَا تُدْعَيِنْ | لَا تُدْعَيَنْ | لا تُدْعَيَنْ | لَا يُدْعَيَنْ | واحد |
| لَا نُدْعَيَنْ | × | × | × | × | تثنيه |
| لا نُدْعَيَنْ | × | لَا تُدْعَوُنْ | × | لَا يُدْعَوُنْ | جمع |

* لَا يَدْعُ মূলত لَا يَدْعُوْ ছিল। على وزن لَا يَنْصُرْ

واو পতিত হল হালতে জযমীতে, তাই واو পড়ে গেল, ফলে لاَيَدْعُ হল।

* لا تُدْعَيْ মূলত لا تُدْعَوِيْ ছিল। على وزن لا تُنْصَرِيْ

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থের অধিক স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء মুতাহাররিক হয়ে তার ডানে মাফতূহ্ হল, তাই ياء কে الف দ্বারা বদল করল। দুটি সাকিন একত্রিত হল, যথা : الف ও ياء ॥ الف পড়ে গেল ফলে لا تُدْعَيْ হল।

টীকা: ——————————————

**نهى معروف بنون خفيفة** এর অর্থ ঃ- অবশ্যই সে বা তারা সকলে যেন আহবান না করে। অবশ্যই তুমি বা তোমরা সকলে আহবান করোনা। অবশ্যই আমি বা আমরা দু'জন বা সকলে যেন আহবান না করি।

**نهى مجهول بنون خفيفة** এর অর্থ ঃ- অবশ্যই তাকে বা তাদের সকলকে যেন আহবান না করা হয়। অবশ্যই তোমাকে বা তোমাদের সকলকে যেন আহবান না করা হয়। অবশ্যই আমাকে বা আমাদের দু'জন বা সকলকে যেন আহবান না করা হয়।

| جمع مؤنث | تثنيه مؤنث | واحد مؤنث | جمع مذكر | تثنيه مذكر | واحد مذكر | بحث |
|---|---|---|---|---|---|---|
| دَاعِيَاتٌ | دَاعِيَتَانِ | دَاعِيَةٌ | دَاعُوْنَ | دَاعِيَانِ | دَاعٍ | اسم الفاعل |
| مَدْعُوَّاتٌ | مَدْعُوَّتَانِ | مَدْعُوَّةٌ | مَدْعُوُّوْنَ | مَدْعُوَّانِ | مَدْعُوٌّ | اسم المفعول |

**على وزن نَاصِرٌ** । **دَاعِوٌ (دَاعِوُنْ)** ছিল। **دَاعٍ** মূলত *

واو পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء য়ে মাজমূম পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে, তাই ياء কে সাকিন করল, দুটি সাকিন একত্রিত হল, যথা : ياء ও نون তানভীন, ياء পড়ে গেল, নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করল, ফলে **دَاعٍ** হল।

**على وزن نَاصِرُوْنَ** । **دَاعِوُوْنَ** ছিল। **دَاعُوْنَ** মূলত *

واو পতিত হল নিকটতম ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন কাসরার পরে ياء তে জম্মা কঠিন জানিয়া ياء এর হরকতকে নকল করে তার ডানে দিল, ডানের হরকতকে দূর করার পর (**دَاعُيْوْنَ** হল)। এখন দুটি সাকিন একত্রিত হল, যথা : ياء ও واو ॥ ياء পড়ে গেল, ফলে **دَاعُوْنَ** হল।

**على وزن مَنْصُوْرٌ** । **مَدْعُوْوٌ** ছিল। **مَدْعُوٌّ** মূলত *

দুটি واو একত্রিত হল, প্রথমটি সাকিন দ্বিতীয়টি মুতাহার্‌রিক তাই প্রথম واو কে দ্বিতীয় واو এর মাঝে এদগাম করল, ফলে **مَدْعُوٌّ** হল।

টীকা: ———

**اسم فاعل** এর অর্থ ঃ- একজন, দু'জন বা কয়েকজন আহবায়ক বা প্রচারক বা আমন্ত্রণকারী।

**اسم مفعول** এর অর্থ ঃ- একজন, দু'জন বা কয়েকজন আহূত, দাওয়াতকৃত, আমন্ত্রিত।

| جمع مكسر | جمع سالم | تثنيه | واحد | بحث | |
|---|---|---|---|---|---|
| مَدَاعٍ | – | مَدْعَيَانِ | مَدْعًى | اسم الظرف | |
| مَدَاعٍ | – | مِدْعَيَانِ | مِدْعًى | صغرى | اسم الآلة |
| مَدَاعٍ | – | مِدْعَاتَانِ | مِدْعَاةٌ | وسطى | |
| مَدَاعِيٌّ | – | مِدْعَاءَانِ | مِدْعَاءٌ | كبرى | |
| اَدَاعٍ | اَدْعَوْنَ | اَدْعَيَانِ | اَدْعَى | مذكر | اسم |
| دُعًى | دُعْيَيَاتٌ | دُعْيَيَانِ | دُعْيَا | مؤنث | التفضيل |

* مَدْعًى মূলত مَدْعَوٌ ছিল । عَلَى وَزْنِ مَنْصَرٌ

* مِدْعًى মূলত مِدْعَوٌ ছিল । عَلَى وَزْنِ مِنْصَرٌ

واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থ স্থানে ফাতহার পরে হল তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء মুতাহাররিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء কে الف দ্বারা বদল করল, দুটি সাকিন একত্রিত হল, যথা : الف ও نون তানভীন, আলিফ পড়ে গেল। নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করল, ফলে مِدْعًى ও مَدْعًى হল।

* مَدَاعٍ মূলত مَدَاعِوُ ছিল। عَلَى وَزْنِ مَنَاصِرُ

* اَدَاعٍ মূলত اَدَاعِوُ ছিল। عَلَى وَزْنِ اَنَاصِرُ

واو পতিত হল جمع اقصى এর ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল অত:পর ياء কে হযফ করে তার নিদর্শনে কাসরায়ে তানভীন তার ডানের হরফের সাথে যুক্ত করল ফলে مَدَاعٍ ও اَدَاعٍ হল।

টীকা;

**اسم الظرف** এর অর্থ ঃ- আহবান করার স্থান একটি, দুটি বা ততোধিক।
**اسم الآلة الصغرى** এর অর্থ ঃ- আহবান করার ছোট যন্ত্র একটি, দুটি বা ততোধিক।
**اسم الآلة الوسطى** এর অর্থ ঃ- আহবান করার মাঝারী যন্ত্র একটি, দুটি বা ততোধিক।
**اسم الآلة الكبرى** এর অর্থ ঃ- আহবান করার বড় যন্ত্র একটি, দুটি বা ততোধিক।
**اسم التفضيل المذكر** এর অর্থ ঃ- অধিক আহবানকারী একজন, দু'জন বা ততোধিক পুরুষ।
**اسم التفضيل المؤنث** এর অর্থ ঃ অধিক আহবানকারী একজন, দু'জন বা ততোধিক মহিলা।

* مَدَاعِيٌّ ইহা ইসমে আলা জময়ে কুবরা مدْعَاءٌ শব্দের।

জমা বানানোর জন্য যখন ميم ও دال য়ে ফাতহা দিল এবং الف مَفَاعِلُ লইল এবং عين য়ে কাসরা দিল (ছূরত مَدَاعِوُ) এখন الف এর ডানে কাসরা হল তাই الف কে ياء দ্বারা বদল করিল তাই مَدَاعِيْوُ হল। এখন কায়দা পাওয়া গেল واو ছিল মাদ্দার তৃতীয় স্থানে, এখন চতুর্থের অধিক স্থানে পতিত হল এবং ডানে জম্মা বা واو সাকিন নাই তাই واو কে ياء দ্বারা বদল করল। এখন দু'টি ياء একত্রিত হল, প্রথমটি সাকিন দ্বিতীয়টি মুতাহার্‌রিক। তাই প্রথমটিকে দ্বিতীয়টির মাঝে এদগাম করল, ফলে مَدَاعِيٌّ হল।

* دُعْيَا মূলত دُعْوٰى ছিল। على وزن نُصْرٰى

واو পতিত হল فُعْلٰى এর ওজনের লাম কালিমায় এবং শব্দটি নিজে ইসমে তাফ্‌জীল তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে دُعْيَا হল।

* دُعًى মূলত دُعَوٌ ছিল। على وزن نُصرٌ

واو পতিত হল ইসমের তৃতীয় স্থানে ফাতহার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল। এখন ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল, তাই ياء কে الف দ্বারা বদল করল, দুটি সাকিন একত্রিত হল, যথা: الف ও نون তানভীন, আলিফ পড়ে গেল। নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করল, ফলে دُعًى হল।

* دُعْيَيَاتٌ ইসমে তাফজীল জময়ে মুয়ান্নাছ دُعْيَا শব্দের।

জমা বানানোর জন্য যখন الف মাকসূরার পরে তানীছের ات লওয়া হল, এখন ইসমের মাঝে একই জাতের দুটি علامت তানীছ একত্রিত হল তাই الف মাকসূরা কে ياء দ্বারা বদল করল, ফলে دُعْيَيَاتٌ হল।

টীকা; ——————————

* مداعي এর উল্লেখিত তা'লীলটি ইলমুছ-ছীগাহ থেকে সংকলিত, তবে একে নিম্নোক্ত নিয়মেও তা'লীল করা যায়।

* مداعِيَ ইহা ইসমে আলা জময়ে কুবরা مدْعَاءٌ শব্দের।

জমা বানানোর জন্য যখন ميم ও دال য়ে ফাতহা দিল এবং الف مفاعِلُ লইল এবং عين য়ে কাসরা দিল (ছূরত مداعاءٌ) এখন الف এর ডানে কাসরা হল তাই الف কে ياء দ্বারা বদল করিল তাই مداعيءٌ হল। এখন একা একটি হামযা মুতাহার্‌রিক হয়ে তার ডানে ياء মদ্দাহ যায়েদাহ সাকিন হল তাই হামযাকে ياء দ্বারা বদল করল। অতঃপর ياء কে ياء এর মাঝে এদগাম করল, ফলে مداعِيَ হল।

# الصرف الكبير من الناقص اليائي

## المصْدر : اَلرَّمْيُ

من باب ضَرَبَ يَضْرِبُ المادَّة : ر، م، ي المعْنى ঃ নিক্ষেপ করা

| ماضى معروف | | | | | |
|---|---|---|---|---|---|
| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
| واحد | رَمٰى | رَمَتْ | رَمَيْتَ | رَمَيْتِ | رَمَيْتُ |
| تثنيه | رَمَيَا | رَمَتَا | رَمَيْتُمَا | رَمَيْتُمَا | رَمَيْنَا |
| جمع | رَمَوْا | رَمَيْنَ | رَمَيْتُمْ | رَمَيْتُنَّ | رَمَيْنَا |
| ماضى مجهول | | | | | |
| واحد | رُمِيَ | رُمِيَتْ | رُمِيْتَ | رُمِيْتِ | رُمِيْتُ |
| تثنيه | رُمِيَا | رُمِيَتَا | رُمِيْتُمَا | رُمِيْتُمَا | رُمِيْنَا |
| جمع | رُمُوْا | رُمِيْنَ | رُمِيْتُمْ | رُمِيْتُنَّ | رُمِيْنَا |

**তাশরীহ**

* رمٰى মূলত رَمَيَ ছিল। على وزن ضَرَبَ

ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল, তাই ياء কে الف দ্বারা বদল করল, ফলে رمٰى হল।

টীকা: ———————————————————————

**ماضى معروف** এর অর্থ ঃ সে বা তারা দু'জন বা সকলে নিক্ষেপ করেছে, করল। তুমি বা তোমরা দু'জন বা সকলে নিক্ষেপ করেছ, করলে। আমি বা আমরা দু'জন বা সকলে নিক্ষেপ করেছি, করলাম।

**ماضى مجهول** এর অর্থ ঃ তাকে বা তাদের দু'জন বা সকলকে নিক্ষেপ করা হয়েছে, হল। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে নিক্ষেপ করা হয়েছে, হল। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে নিক্ষেপ করা হয়েছে, হল।

## مضارع معروف

| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
|---|---|---|---|---|---|
| واحد | يَرْمِيْ | تَرْمِيْ | تَرْمِيْ | تَرْمِيْنَ | اَرْمِيْ |
| تثنيه | يَرْمِيَانِ | تَرْمِيَانِ | تَرْمِيَانِ | تَرْمِيَانِ | نَرْمِيْ |
| جمع | يَرْمُوْنَ | يَرْمِيْنَ | تَرْمُوْنَ | تَرْمِيْنَ | نَرْمِيْ |

## مضارع مجهول

| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
|---|---|---|---|---|---|
| واحد | يُرْمٰي | تُرْمٰي | تُرْمٰي | تُرْمَيْنَ | اُرْمٰي |
| تثنيه | يُرْمَيَانِ | تُرْمَيَانِ | تُرْمَيَانِ | تُرْمَيَانِ | نُرْمٰي |
| جمع | يُرْمَوْنَ | يُرْمَيْنَ | تُرْمَوْنَ | تُرْمَيْنَ | نُرْمٰي |

* رَمَوْا মূলত رَمَيُوْا ছিল। على وزن ضَرَبُوْا

الف কে ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء দ্বারা বদল করল, দুটি সাকিন একত্রিত হল, যথা : الف ও واو ॥ الف পড়ে গেল, ফলে رَمَوْا হল।

* رَمَتْ মূলত رَمَيَتْ ছিল। على وزن ضَرَبَتْ

الف কে ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء দ্বারা বদল করল, رَمَاتْ হল। এখন দুটি সাকিন একত্রিত হল, যথা : الف ও تاء য়ে তানিছ, الف পড়ে গেল, ফলে رَمَتْ হল।

টীকা:

**مضارع معروف** এর অর্থ ঃ- সে বা তারা দু'জন বা সকলে নিক্ষেপ করবে, করছে, করে। তুমি বা তোমরা দু'জন বা সকলে নিক্ষেপ করবে, করছো, করো। আমি বা আমরা দু'জন বা সকলে নিক্ষেপ করব, করছি, করি।

**مضارع مجهول** এর অর্থ ঃ- তাকে বা তাদের দু'জন বা সকলকে নিক্ষেপ করা হবে, হচ্ছে, হয়। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে নিক্ষেপ করা হবে, হচ্ছে, হয়। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে নিক্ষেপ করা হবে, হচ্ছে, হয়।

| نفي تاكيد بلن معروف | | | | | |
|---|---|---|---|---|---|
| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
| واحد | لَنْ يَّرْمِيَ | لَنْ تَرْمِيَ | لَنْ تَرْمِيَ | لَنْ تَرْمِيْ | لَنْ اَرْمِيَ |
| تثنيه | لَنْ يَّرْمِيَا | لَنْ تَرْمِيَا | لَنْ تَرْمِيَا | لَنْ تَرْمِيَا | لَنْ نَرْمِيَ |
| جمع | لَنْ يَّرْمُوْا | لَنْ يَّرْمِيْنَ | لَنْ تَرْمُوْا | لَنْ تَرْمِيْنَ | لَنْ نَرْمِيَ |
| نفي تاكيد بلن مجهول | | | | | |
| واحد | لَنْ يُّرْمٰي | لَنْ تُرْمٰي | لَنْ تُرْمٰي | لَنْ تُرْمَيْ | لَنْ اُرْمٰي |
| تثنيه | لَنْ يُّرْمَيَا | لَنْ تُرْمَيَا | لَنْ تُرْمَيَا | لَنْ تُرْمَيَا | لَنْ نُرْمٰي |
| جمع | لَنْ يُّرْمَوْا | لَنْ يُّرْمَيْنَ | لَنْ تُرْمَوْا | لَنْ تُرْمَيْنَ | لَنْ نُرْمٰي |

* رَمَتَا মূলত رَمَيَتَا ছিল। على وزن ضَرَبَتَا

يا ء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই يا ء কে الف দ্বারা বদল করল, رَمَاتَا হল। প্রকৃত পক্ষে تا ء য়ে সাকিন বিদ্যমান রয়েছে, তাই দুটি সাকিন একত্রিত হল, যথা : الف ও تا ء য়ে তানিছ। الف পড়ে গেল, ফলে رَمَتَا হল।

* رُمُوْا মূলত رُمِيُوْا ছিল। على وزن ضُرِبُوْا

কাসরার পরে يا ء তে জম্মা কঠিন জানিয়া يا ء এর হরকতকে নকল করে তার ডানে দিল, ডানের হরকতকে দূর করার পর। দুটি সাকিন একত্রিত হল, যথা : يا ء ও واو ॥ يا ء পড়ে গেল, ফলে رُمُوْا হল।

টীকা: ———————————————

**نفي تاكيد بلن معروف** এর অর্থ ঃ- সে বা তারা দু'জন বা সকলে কিছুতেই নিক্ষেপ করবে না। তুমি বা তোমরা দু'জন বা সকলে কিছুতেই নিক্ষেপ করবে না। আমি বা আমরা দু'জন বা সকলে কিছুতেই নিক্ষেপ করব না।

**نفي تاكيد بلن مجهول** এর অর্থ ঃ- তাকে বা তাদের দু'জন বা সকলকে কিছুতেই নিক্ষেপ করা হবে না। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে কিছুতেই নিক্ষেপ করা হবে না। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে কিছুতেই নিক্ষেপ করা হবে না।

| نفي جحد بلم معروف | | | | | |
|---|---|---|---|---|---|
| متكلم | مؤنث حاضر | مذكر حاضر | مؤنث غائب | مذكر غائب | صيغة |
| لَمْ اَرْمِ | لَمْ تَرْمِيْ | لَمْ تَرْمِ | لَمْ تَرْمِ | لَمْ يَرْمِ | واحد |
| لَمْ نَرْمِ | لَمْ تَرْمِيَا | لَمْ تَرْمِيَا | لَمْ تَرْمِيَا | لَمْ يَرْمِيَا | تثنيه |
১. কখনও খেলাফে কেয়াছ **واو** কে **ياء** দ্বারা বদল করা হয়। যেমন: **حيوانٌ** যা মূলত **حييانٌ** ছিল। **ياء** কে **واو** দ্বারা বদল করে **حَيوانٌ** করা হয়েছে।

২. غدٌ، دمٌ، يدٌ ইহারা মূলত **غدْوٌ، دمْوٌ، يدْوٌ** ছিল। খেলাফে কেয়াছ **واو** কে হযফ করা হয়েছে।

৩. **اسْمٌ** মূলত **سمْوٌ** ছিল। **واو** কে খেলাফে কেয়াছ হযফ করে শুরুতে তার পরিবর্তে হামযায়ে মাকসূর যোগ করা হয়েছে।

৪. هنٌ، حمٌ، ابٌ، اخٌ ইহারা মূলত هنْوٌ، حمْوٌ، ابْوٌ، اخْوٌ ছিল। খেলাফে কেয়াছ **واو** কে হযফ করা হয়েছে।

৫. **فمٌ** মূলত **فوْهٌ** ছিল। খেলাফে কেয়াছ **هاء** কে হযফ করে **واو** কে **ميم** দ্বারা বদল করা হয়েছে।

৬. ابْنٌ মূলত بنْوٌ ছিল। খেলাফে কেয়াছ **واو** কে হযফ করে তার পরিবর্তে শুরুতে হামযা মাকসূর যোগ করা হয়েছে।

৭. بِنْتٌ ، اُخْتٌ ইহারা মূলত بِنْوَةٌ ، اُخْوَةٌ ছিল। **واو** কে খেলাফে কেয়াছ হযফ করে তার পরিবর্তে শব্দের শেষের গোল তা (ة) কে লম্বা তা (ت) য়ে রূপান্তর করা হয়েছে।

৮. **مائة** য়ে রসমেখত হিসাবে **الف** লেখা হয় যেন তার স্বতন্ত্রতা বজায় থাকে।

৯. উচ্চারণে দৃঢ়তা প্রকাশের জন্য حيٰوةٌ ، ربٰو ، مشكٰوةٌ ، زكٰوةٌ ، صلٰوةٌ ইত্যাদি শব্দাবলিতে রসমেখত হিসাবে **واو** লেখা হয়েছে।

১০. বাবে **تفعيل** এর মাছদারে অতিরিক্ত **ياء** টি মূলত আঈন কালিমার অনুরূপ ছহীহ হরফ ছিল, খেলাফে কিয়াছ **ياء** দ্বারা বদল করা হয়েছে। যেমন: **تَحْمِيْدٌ** মূলত **تَحْمِمْدٌ** ছিল।

১১. কখনো ا কে ه দ্বারা বদল করা হয়। যেমন **همزة** মূলত **أمزة** ছিল। খেলাফে কেয়াছ হামযাকে **ه** দ্বারা বদল করা হয়েছে ফলে **همزة** হয়েছে। কেননা আরবী বর্ণমালায় নামের প্রথম অক্ষর দ্বারা উক্ত হরফের নাম করণ করা হয়েছে। যেমন **ب** কে **الباء** ، **ت** কে **التاء** সুতরাং ا হবে **أمزة**

১২. কখনও ه কে **ياء** দ্বারা বদল করা হয়। যেমন: **دَهْدَهْتُ الْحَجَرَ ⟶ دَهْدَيْتُ الْحَجَرَ** ه কে **ياء** করা হয়েছে।

# قاعدة وَجَدتُّ و لَبِثتُّ

একই মাখরাজের অথবা নিকটতম মাখরাজের দুটি হরফ একত্রিত হলে, প্রথমটি সাকিন ও দ্বিতীয়টি মুতাহার্‌রিক হলে, প্রথম হরফকে দ্বিতীয় হরফ দ্বারা বদল করে প্রথমটিকে দ্বিতীয়টির মাঝে এদগাম করা জায়েয। তবে লেখনীতে মূলরূপ লেখতে হবে। যেমন:

لَبِثتُّ ⟵ لَبِثْتُ　　وجَدتُّ ⟵ وَجَدْتُ

## تعليل

* وَجَدتُّ মূলত وَجَدْتُ ছিল। على وزن ضربت

একই মাখরাজের দুটি হরফ যথা : دال ও تاء একত্রিত হল। প্রথমটি সাকিন ও দ্বিতীয়টি মুতাহার্‌রিক, তাই دال কে تاء করল, تاء কে تاء এর মাঝে এদগাম করল, ফলে وجَدتُّ হল।

* لَبِثتُّ মুলত لَبِثْتُ ছিল। على وزن سَمِعْتُ

নিকটতম মাখরাজের দুটি হরফ যথা: ثاء ও تاء একত্রিত হল, প্রথমটি সাকিন ও দ্বিতীয়টি মুতাহার্‌রিক তাই ثاء কে تاء করল, تاء কে تاء এর মাঝে এদগাম করল, ফলে لَبِثتُّ হল।

* بَسَطتُّ মূলত بَسَطْتُ ছিল। على وزن نصَرْتُ

একই মাখরাজের দুটি হরফ যথা: طاء ও تاء একত্রিত হল। প্রথমটি সাকিন ও দ্বিতীয়টি মুতাহার্‌রিক, তাই طاء কে تاء করল, تاء কে تاء এর মাঝে এদগাম করল, ফলে بَسَطتُّ হল।

* يَلْهَث ذَّلكَ মুলত يَلْهَثْ ذٰلكَ ছিল।

নিকটতম মাখরাজের দুটি হরফ যথা: ثاء ও ذال একত্রিত হল, প্রথমটি সাকিন ও দ্বিতীয়টি মুতাহার্‌রিক তাই ثاء কে ذال করল, ذال কে ذال এর মাঝে এদগাম করল, ফলে يَلْهَث ذَّلكَ হল।

# قواعد تاء الافتعال

## (١) قاعدة ادِّعَاءٌ ، اذْدخَارٌ ، ازْدحَامٌ

বাবে افتعال এর ফা কালিমায় ز , ذ , د হলে تاء الافتعال কে দাল দ্বারা বদল করা ওয়াজিব। যেমন:

اذْدخَارٌ ⟵ اذْتخَارٌ     ادِّعَاءٌ ⟵ ادْتعَاءٌ

ازْدحَامٌ ⟵ ازْتحَامٌ

তবে "ফা" কালিমায় "ذ" হলে افتعال তা কে প্রথমে د করে অত:পর د কে ذ করে, ذ কে ذ এর মধ্যে এদগাম করা জায়েয। যেমন:

اذَّكر ⟵ اذْذَكَرَ ⟵ اذْدَكَرَ ⟵ اذْتَكَرَ

### تعليل

* ادِّعَاءٌ মূলত ادْتعَاءٌ ছিল। على وزن اجْتنَابٌ

দাল পতিত হল বাবে افتعال এর "ফা" কালিমায় তাই তা কে দাল করল, দাল কে দাল এর মাঝে এদগাম করল, ফলে ادِّعَاءٌ হল।

* اذْدخَارٌ মূলত اذْتخَارٌ ছিল। على وزن اجْتنَابٌ

দাল পতিত হল বাবে افتعال এর "ফা" কালিমায় তাই তা কে দাল করল, ফলে اذْدخَارٌ হল।

* ازْدحَامٌ মূলত ازْتحَامٌ ছিল। على وزن اجْتنَابٌ

দাল পতিত হল বাবে افتعال এর "ফা" কালিমায় তাই তা কে যা করল, ফলে ازْدحام হল।

* اذَّكَرَ মূলত اذْتَكَرَ ছিল। على وزن اجْتَنَبَ

যাল পতিত হল বাবে افتعال এর "ফা" কালিমায় তাই তা কে প্রথমে د করে অত:পর د কে ذ করে, ذ কে ذ এর মধ্যে এদগাম করল, ফলে اذَّكَرَ হল।

## (٢) قاعدة اطَّلَعَ، اصْطَلَحَ، اضْطَرَبَ، اظْطَلَمَ

বাবে افتعال এর "ফা" কালিমায় ص , ض , ط , ظ হলে تاء افتعال কে طاء দ্বারা বদল করা ওয়াজিব। যেমন:

اصْطَلَحَ ⟵ اصْتَلَحَ ، اطَّلَعَ ⟵ اطْطَلَعَ ⟵ اطْتَلَعَ

اظْطَلَمَ ⟵ اظْتَلَمَ ، اضْطَرب ⟵ اضْتَرَبَ

### تعليل

* اطَّلَعَ মুলত اطْتَلَعَ ছিল। على وزن اجْتَنَبَ

تاء الافتعال কে ط পতিত হল বাবে افتعال এর ফা কালিমায় তাই ط করল, অতঃপর ط কে ط এর মাঝে এদগাম করল, ফলে اطَّلَعَ হল।

* اصْطَلَحَ মূলত اصْتَلَحَ ছিল। على وزن اجْتَنَبَ

تاء الافتعال ص পতিত হল বাবে افتعال এর ফা কালিমায় তাই কে ط করল, ফলে اصْطَلَحَ হল।

* اضْطَرَبَ মূলত اضْتَرَبَ ছিল। على وزن اجْتَنَبَ

تاء الافتعال ض পতিত হল বাবে افتعال এর ফা কালিমায় তাই কে ط করল, ফলে اضْطَرَبَ হল।

* اظْطَلَمَ মূলত اظْتَلَمَ ছিল। على وزن اجْتَنَبَ

تاء الافتعال কে ظ পতিত হল বাবে افتعال এর ফা কালিমায় তাই ط করল, ফলে اظْطَلَمَ হল।

টীকা:

* বর্ণিত কায়দায় ط কে ظ করে একে অপরের মাঝে এদগাম করা জায়েয।

যেমন: اظْتَلَم ⟵ اظْطَلَم ⟵ اظْظَلَمَ ⟵ اظَّلَم

আবার ظ কে ط করে এক অপরের মাঝে এদগাম করা জায়েয।

যেমন: اظْتَلَم ⟵ اظْطَلَمَ ⟵ اطْطَلَمَ ⟵ اطَّلَم

প্রতিয়মান হল একে তিন ছূরতে পড়া যায়। যথাঃ اظْطَلَمَ, اطَّلَم, اظَّلَم،

* বাবে تفعل, تفاعل এর মুজারেতে দুটি تاء একত্রিত হলে একটিকে হযফ করে পড়া জায়েয। যেমন: تَتَظَاهَرُوْنَ ⟵ تَظَاهَرُوْنَ تَتَقَبَّلُ ⟵ تَقَبَّلُ

## (٣) قاعدة يَهَدِّيْ ، خَصَّمَ

বাবে افتعال এর আঈন কালিমা ت، ث، ج، د، ذ، ز، س، ش، ص، ض، ط، ظ হতে কোন একটি হরফ হলে تاء الافتعال কে আঈন কালিমার অনুরূপ হরফ দ্বারা বদল করে, একে অপরের মাঝে এদগাম করা ওয়াজিব। যেমন: يَهْتَدِيْ ⟶ يَهَدِّيْ তবে يَهِدِّيْ পড়া যায়।

اخْتَصَمَ ⟶ خَصَّمَ

### تعليل

* يَهَدِّيْ মুলত يَهْتَدِيْ ছিল। على وزن يَجْتَنِبُ

دال পতিত হল বাবে افتعال এর আঈন কালিমায় তাই تاء الافتعال কে دال করল, دال কে دال এর মাঝে এদগাম করল يَهَدِّيُ হল। ياء مضموم পতিত হল তরফে কালিমায় কাসরার পরে তাই ياء কে সাকিন করল, ফলে يَهَدِّيْ হল। তবে ياء এর মুনাসাবাতে ها য়ে কাসরা দিয়ে يَهِدِّيْ পড়া জায়েয।

* خَصَّمَ মুলত اخْتَصَمَ ছিল। على وزن اجْتَنَبَ

صاد পতিত হল বাবে افتعال এর আঈন কালিমায় তাই تاء الافتعال কে صاد করল, صاد কে صاد এর মাঝে এদগাম করল اخَصَّمَ হল। হামযাতুল ওয়াছলকে লওয়া হয়েছিল কালিমার শুরুতে সাকিন পড়া অসম্ভব হওয়ায়। এখন কালিমার শুরুতে হরকত হল তাই হামযাতুল ওয়াছল পড়ে গেল, ফলে خَصَّمَ হল।

১২টি হরফের উদাহরণ ধারাবাহিক নিম্নে দেয়া হল।

| المبدلة | الاصل | الحروف | الرقم | المبدلة | الاصل | الحروف | الرقم |
|---|---|---|---|---|---|---|---|
| بسّم | ابْتسَمَ | س | ٧ | قتّل | اقْتتل | ت | ١ |
| نشّرَ | انْتشرَ | ش | ٨ | مثّل | امْتثل | ث | ٢ |
| خصّمَ | اخْتصَمَ | ص | ٩ | حجّبَ | احْتجب | ج | ٣ |
| حضّرَ | احْتضَرَ | ض | ١٠ | هدّى | اهْتدٰى | د | ٤ |
| عطّرَ | اعْتطرَ | ط | ١١ | بذّر | ابْتذر | ذ | ٥ |
| حظّرَ | احْتظرَ | ظ | ١٢ | عزّلَ | اعْتزل | ز | ٦ |

## (٤) قاعدة اتَّغَرَ ، اثَّغَرَ

* বাবে افتعال এর ফা কালিমায় ثاء হলে, ثاء কে تاء করতঃ تاء কে تاء الافتعال এর মাঝে এদগাম করা জায়েয।

এমনিভাবে تاء الافتعال কে ثاء করতঃ ثاء কে ثاء এর মাঝে এদগাম করা জায়েয। যেমন: اثْتغر ⟶ اتَّغَرَ অথবা اثَّغَرَ

### تعليل

* اتَّغَرَ মুলত اثْتَغَرَ ছিল। على وزن اجْتَنَب

ثاء পতিত হল বাবে افتعال এর "ফা" কালিমায় তাই ثاء কে تاء করল এবং تاء কে تاء الافتعال এর মাঝে এদগাম করল, ফলে اتَّغَر হল।

* اثَّغَرَ মুলত اثْتَغر ছিল। على وزن اجْتَنَب

تاء الافتعال পতিত হল বাবে افتعال এর "ফা" কালিমায় তাই ثاء কে ثاء করল এবং ثاء কে ثاء এর মাঝে এদগাম করল, ফলে اثَّغَر হল।

## (٥) قاعدة اسَّمَعَ

* বাবে افتعال এর ফা কালিমায় سين হলে, افتعال তাء কে سين করতঃ سين কে سين এর মাঝে এদগাম করা জায়েয। যেমন:

اسْتَمَعَ ⟶ اسَّمَعَ

### تعليل

* اسَّمَعَ মুলত اسْتَمَعَ ছিল। على وزن اجْتَنَب

تاء الافتعال পতিত হল বাবে افتعال এর ফা কালিমায় তাই سين কে سين করল, অতঃপর سين কে سين এর মাঝে এদগাম করল, ফলে اسَّمَعَ হল।

টীকা: ———

**تاء الاستفعال** কে ক্ষেত্র বিশেষ হযফ করা জায়েয। যেমন: اسْتَطَاعُوْا ⟶ اسْطَاعُوْا

# قواعد تاء التفاعل والتفعل

س، ز، ذ ، د ، ج، ث، ت কালিমায় "ফা" এর تفاعل ও تفعل ش، ص، ض، ط، ظ হলে تاء কে ফা কালিমার অনুরূপ হরফ দ্বারা বদল করে একে অপরের মাঝে এদগাম করতঃ শুরুতে হামযাতুল ওয়াছল লওয়া জায়েয। যেমন:

اِدَّارَكَ ⟵ تَدَارَكَ     اِذَّكَّرَ ⟵ تَذَكَّرَ

১২টি হরফের উদাহরণ ধারাবাহিক নিম্নে দেয়া হল।

| الرقم | الحروف | تفعل ⟵ افعل | | تفاعل ⟵ افاعل | |
|---|---|---|---|---|---|
| | | الاصل | المبدلة | الاصل | المبدلة |
| ١ | ت | تَتَرَّكَ | اِتَّرَّكَ | تَتَارَكَ | اِتَّارَكَ |
| ٢ | ث | تَثَبَّتَ | اِثَّبَّتَ | تَثَاقَلَ | اِثَّاقَلَ |
| ٣ | ج | تَجَبَّرَ | اِجَّبَّرَ | تَجَاهَدَ | اِجَّاهَدَ |
| ٤ | د | تَدَبَّرَ | اِدَّبَّرَ | تَدَارَكَ | اِدَّارَكَ |
| ٥ | ذ | تَذَكَّرَ | اِذَّكَّرَ | تَذَاكَرَ | اِذَّاكَرَ |
| ٦ | ز | تَزَمَّلَ | اِزَّمَّلَ | تَزَاجَرَ | اِزَّاجَرَ |
| ٧ | س | تَسَلَّمَ | اِسَّلَّمَ | تَسَامَعَ | اِسَّامَعَ |
| ٨ | ش | تَشَجَّعَ | اِشَّجَّعَ | تَشَابَهَ | اِشَّابَهَ |
| ٩ | ص | تَصَدَّقَ | اِصَّدَّقَ | تَصَابَرَ | اِصَّابَرَ |
| ١٠ | ض | تَضَرَّعَ | اِضَّرَّعَ | تَضَارَبَ | اِضَّارَبَ |
| ١١ | ط | تَطَهَّرَ | اِطَّهَّرَ | تَطَالَبَ | اِطَّالَبَ |
| ١٢ | ظ | تَظَهَّرَ | اِظَّهَّرَ | تَظَاهَرَ | اِظَّاهَرَ |

## تعليل

* اِذَّكَّرَ মূলত تَذَكَّرَ ছিল। علی وزن تَقَبَّلَ

تاء التفعل পতিত হল বাবে تفعل এর "ফা" কালিমায় তাই ذال কে ذال করল, অত:পর ذال কে ذال এর মাঝে এদগাম করল, শুরুতে সাকিন পড়া অসম্ভব হওয়ায় همزة الوصل যোগ করল, ফলে اِذَّكَّرَ হল।

* اِدَّارَكَ মূলত تَدَارَكَ ছিল। علی وزن تَقَابَلَ

تاء التفاعل পতিত হল বাবে تفاعل এর "ফা" কালিমায় তাই دال কে دال করল, অত:পর دال কে دال এর মাঝে এদগাম করল, শুরুতে সাকিন পড়া অসম্ভব হওয়ায় همزة الوصل যোগ করল, ফলে اِدَّارَكَ হল।

* اِطَّهَّرَ মূলত تَطَهَّرَ ছিল। علی وزن تَقَبَّلَ

تاء التفعل পতিত হল বাবে تفعل এর "ফা" কালিমায় তাই طاء কে طاء করল, অত:পর طاء কে طاء এর মাঝে এদগাম করল, শুরুতে সাকিন পড়া অসম্ভব হওয়ায় همزة الوصل যোগ করল, ফলে اِطَّهَّرَ হল।

* اِثَّاقَلَ মূলত تَثَاقَلَ ছিল। علی وزن تَقَابَلَ

تاء التفاعل পতিত হল বাবে تفاعل এর "ফা" কালিমায় তাই ثاء কে ثاء করল, অত:পর ثاء কে ثاء এর মাঝে এদগাম করল, শুরুতে সাকিন পড়া অসম্ভব হওয়ায় همزة الوصل যোগ করল, ফলে اِثَّاقَلَ হল।

# الاسئلة للتمرين

১. ইজতেমায়ে সাকিনাঈন হলে কোন ছূরতে হযফ করা ওয়াজিব? বর্ণনা কর।

২. কোন ছূরতে ইজতেমায়ে সাকিনাঈন জায়েয? বর্ণনা কর।

৩. ইজতেমায়ে সাকিনাঈন দুই কালিমার সমন্বয়ে হলে এবং দ্বিতীয়টি মুদগাম হলে তার হুকুম কি? বর্ণনা কর।

৪. مدّة কাকে বলে। এবং তার হরফ কয়টি ও কি কি?

৫. ইজতেমায়ে সাকিনাঈনের কোন ছূরতে প্রথম হরফকে হরকত প্রদান করা ওয়াজিব?

৬. একই জাতীয় দুটি ছহীহ হরফ একত্রিত হলে, তাকে কয় নিয়মে পড়া জায়েয ? বর্ণনা কর।

৭. একই মাখরাজের দু'হরফ অথবা নিকটতম মাখরাজের দু'হরফ একত্র হলে তার হুকুম কি ? বর্ণনা কর।

৮. تاء الافتعال কে কোন কোন ছূরতে কি কি হরফ দ্বারা বদল করা যায়? বর্ণনা কর।

৯. কোন ছূরতে تاء الافتعال কে دال দ্বারা বদল করা ওয়াজিব? বর্ণনা কর।

১০. কোন ছূরতে تاء الافتعال কে ط দ্বারা বদল করা ওয়াজিব। বর্ণনা কর।

১১. কোন কোন ছূরতে تاء الافتعال কে আঈন কালিমার অনুরূপ হরফ দ্বারা বদল করা ওয়াজিব? বর্ণনা কর।

১২. কোন কোন ছূরতে تاء الافتعال কে "ফা" কালিমার অনুরূপ হরফ দ্বারা বদল করা জায়েয? বর্ণনা কর।

১৩. কোন ছূরতে "ফা" কালিমাকে, تاء الافتعال এর অনুরূপ হরফ দ্বারা বদল করা ওয়াজিব?

১৪. تاء التفعل ও তার "ফা" কালিমার মাঝে কোন কোন ছূরতে এদগাম করা জায়েয? উদাহরণসহ বর্ণনা কর।

১৫. تاء التفاعل ও তার "ফা" কালিমার মাঝে কোন কোন ছূরতে এদগাম করা জায়েয? উদাহরণসহ বর্ণনা কর।

# الباب الثامن

## التكملة

- القواعد الضرورية
- القواعد المختلفة
- الفوائد المختلفة
- الاعلال
- الصرف الكبير للجنس المركب
- التصريف للاجناس المختلفة
- اي لفظ في اي باب يستعمل
- الاسئلة للتمرين

# القواعد الضرورية

## (١) قاعدة خُوْدِعَ ، خُوَيْلِدٌ

الف এর ডানে জম্মা হলে الف কে واو দ্বারা বদল করা ওয়াজিব।

যেমন: خَادَعَ ⟶ خُوْدِعَ    خَالِدٌ ⟶ خُوَيْلِدٌ

### تعليل

* خُوْدِعَ ইহা মাজী মাজহুল خَادَعَ মাজী মারূফের।

মাজহুল বানানোর জন্য যখন "ফা" কালিমায় জম্মা দিল, শেষের ডানে কাসরা দিল, এখন الف এর ডানে ضمه হল তাই الف কে واو দ্বারা বদল করল, ফলে خُوْدِعَ হল।

* خُوَيْلِدٌ ইহা মুছাগ্গার خَالِدٌ শব্দের।

মুছাগ্গার বানানোর জন্য যখন ফা কালিমায় জম্মা দিল, শেষের ডানে কাসরা দিল এবং ياء تصغير লইল, এখন الف এর ডানে জম্মা হল, তাই الف কে واو দ্বারা বদল করল, ফলে خُوَيْلِدٌ হল।

## (٢) قاعدة مَحَارِيْب

الف এর ডানে কাসরা হলে الف কে ياء দ্বারা বদল করা ওয়াজিব।

যেমন: مِحْرَابٌ ⟶ مَحَارِيْبُ    مِفْتَاحٌ ⟶ مَفَاتِيْحُ

### تعليل

* مَحَارِيْبُ ইহা مِحْرَابٌ শব্দের জমা।

জমা বানানোর জন্য যখন ميم ও حاء কে ফাতহা দিল এবং আলিফে جمع লইল, راء য়ে কাসরা দিল, এখন الف এর ডানে কাসরা হল তাই الف কে ياء দ্বারা বদল করল, ফলে مَحَارِيْبُ হল।

* مَفَاتِيْحُ ইহা مِفْتَاحٌ শব্দের জমা।

জমা বানানোর জন্য যখন ميم ও فاء কে ফাতহা দিল এবং الف জমা লইল, تاء য়ে কাসরা দিল, এখন الف এর ডানে কাসরা হল তাই الف কে ياء দ্বারা বদল করল, ফলে مَفَاتِيْحُ হল।

## (٣) قاعدة رَكَائِبُ، كَرَائِمُ، رَسَائِلُ

মুফরাদের তৃতীয় স্থানে হলে এবং জমাতে এসে حرف مده زائده الف فعائل এর পরে পতিত হলে উক্ত مده زائده কে همزه দ্বারা বদল করা ওয়াজিব। যেমন: رِسَالَةٌ ⟶ رَسَائِلُ

كَرِيْمٌ ⟶ كَرَائِمُ    رَكُوْبٌ ⟶ رَكَائِبُ

### تعليل

* رَسَائِلُ ইহা জমা رِسَالَةٌ শব্দের।

জমা বানানোর জন্য যখন راء ও سين য়ে ফাতহা দিল এবং الف فعائل লইল, এখন الف مده زائده পতিত হল الف فعائل এর পরে তাই الف কে همزه দ্বারা বদল করল, ফলে رَسَائِلُ হল।

* كَرَائِمُ ইহা জমা كَرِيْمٌ শব্দের।

জমা বানানোর জন্য যখন كاف ও را য়ে ফাতহা দিল এবং الف فعائل লইল, এখন ياء مده زائده পতিত হল الف فعائل এর পরে, তাই ياء কে همزه দ্বারা বদল করল, ফলে كَرَائِمُ হল।

* رَكَائِبُ ইহা জমা رَكُوْبٌ শব্দের।

জমা বানানোর জন্য যখন راء ও كاف কে ফাতহা দিল এবং الف فعائل লইল, এখন واو مده زائده পতিত হল الف فعائل এর পরে, তাই واو কে همزه দ্বারা বদল করল, ফলে رَكَائِبُ হল।

টীকাঃ ———

হরফে যায়েদাহ না হয়ে হরফে আছলী হলে همزة হবে না। যেমন: مَعِيْشَةٌ ⟶ مَعَايِشُ তবে مُصِيْبَةٌ ⟶ مَصَائِبُ তে খেলাফে কেয়াছ ياء اصلى কে همزه করা হয়েছে।

## (٤) قاعدة اَوَائِلُ ، خَيَائِرُ

দুটি واو অথবা দুটি ياء এর মাঝে الف جمع পতিত হলে, দ্বিতীয় واو অথবা ياء কে همزه দ্বারা বদল করা ওয়াজিব, যদি ياء ও واو টি ত্বরফে বা হুকমে ত্বরফে কালিমায় হয়। যেমন:

خَيَائِرُ ⟵ خَيَايِرُ    اَوَائِل ⟵ اَوَاوِلُ

তবে طَوَاوِيْسُ , دَوَاوِيْنُ তে واو টি ত্বরফে কালিমায় হয় নাই বিধায় দ্বিতীয় واو টি همزه হয় নাই।

### تعليل

* اَوَائِلُ মুলত اَوَاوِلُ ছিল। الف جمع পতিত হল দুটি واو এর মাঝে তাই দ্বিতীয় واو কে همزه দ্বারা বদল করল, ফলে اَوَائِلُ হল।

* خَيَائِرُ মুলত خَيَايِرُ ছিল। الف جمع পতিত হল দুটি ياء এর মাঝে তাই দ্বিতীয় ياء কে همزه দ্বারা বদল করল, ফলে خَيَائِرُ হল।

## (٥) قاعدة حِيْكٰى ، طُوْبٰى ، بُوْعٰى ، كُوْسٰى

فُعْلٰى এর ওজনের মুয়ান্নাছের আঈন কালিমায় ياء হলে এবং শব্দটি ইসমে তাফযীলের আধিক্যের অর্থ প্রকাশ না করে শুধুমাত্র ছিফাতের অর্থ প্রকাশ করলে "ফা" কালিমার জম্মাকে কাসরায় রূপান্তর করা ওয়াজিব যেমন: حُيْكٰى ⟵ حِيْكٰى অর্থ- সাজ সজ্জিত মহিলা

আর কোন ব্যক্তি, স্থান বা নির্দিষ্ট একক বস্তুর নামকরণ করা হলে বা ইসেমে তাফজীলের আধিক্যের অর্থ প্রকাশ করলে অথবা মাছদারের অর্থে ব্যবহার হলে উক্ত ياء কে واو দ্বারা বদল করা ওয়াজিব। যেমন:

طُيْبٰى ⟵ طُوْبٰى জান্নাতের একটি বৃক্ষের নাম।

بُيْعٰى ⟵ بُوْعٰى অধিক বিক্রয়কারী মহিলা।

كُيْسٰى ⟵ كُوْسٰى জ্ঞানি হওয়া।

সূতরাং প্রতিয়মান হল فُعْلٰى ওজনের শব্দাবলী চার অর্থে ব্যবহার হয়

(১) فُعْلٰى صفتى যেমন: حِيْكٰى

(২) فُعْلٰى اسمى যেমন: طُوْبٰى

(৩) فُعْلٰى تفضيلى যেমন: بُوْعٰى

(৪) فُعْلٰى مصدرى যেমন: كُوْسٰى

প্রথম প্রকারে فُعْلٰى বদল হয়ে فِعْلٰى হবে, বাকী তিন প্রকারে فُعْلٰى নিজ ওজনে বহাল থাকবে।

تعليل

* حِيْكٰى মূলত حُيْكٰى ছিল। على وزن فُعْلٰى

ياء সাকিন পতিত হল فُعْلٰى ছিফাতির মুয়ান্নাছের আঈন কালিমায় জম্মার পরে, তাই জম্মাকে কাসরায় রূপান্তর করল, ফলে حِيْكٰى হল।

* طُوْبٰى মূলত طُيْبٰى ছিল। على وزن فُعْلٰى

ياء সাকিন পতিত হল فُعْلٰى ইসমির আঈন কালিমায় জম্মার পরে, তাই ياء কে واو দ্বারা বদল করল, ফলে طُوْبٰى হল।

* بُوْعٰى মূলত بُيْعٰى ছিল। على وزن فُعْلٰى

ياء সাকিন পতিত হল فُعْلٰى তাফযীলির মুয়ান্নাছের আঈন কালিমায় জম্মার পরে, তাই ياء কে واو দ্বারা বদল করল, ফলে بُوْعٰى হল।

* كُوْسٰى মূলত كُيْسٰى ছিল। على وزن فُعْلٰى

ياء সাকিন পতিত হল فُعْلٰى মাছদারির আঈন কালিমায় জম্মার পরে, তাই ياء কে واو দ্বারা বদল করল, ফলে كُوْسٰى হল।

টীকাঃ

طُوْبٰى ক্ষেত্রবিশেষ মাছদারের অর্থে ব্যবহার হয়।

## (٦) قاعدة رِضًى ، دُعًى

واو ইসমের তৃতীয় স্থানে ফাতহার পরে পতিত হলে, উক্ত واو কে ياء দ্বারা বদল করা ওয়াজিব। যেমন:

رِضَوٌ ⟶ رِضَيٌ ⟶ رِضًى

قَنَوٌ ⟶ قَنَيٌ ⟶ قَنًى

دُعَوٌ ⟶ دُعَيٌ ⟶ دُعًى

**تعليل** ঃ-

* رِضًى মূলত رِضَوٌ ছিল। على وزن فِعَلٌ

واو পতিত হল ইসমের তৃতীয় স্থানে ফাত্হার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء কে الف দ্বারা বদল করল, এখন দু'টি সাকিন একত্রিত হল যথা الف ও نون তানভীন, الف পড়ে গেল। নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করল, ফলে رِضًى হল।

* قَنًى মূলত قَنَوٌ ছিল। على وزن فَعَلٌ

واو পতিত হল ইসমের তৃতীয় স্থানে ফাত্হার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء কে الف দ্বারা বদল করল, এখন দু'টি সাকিন একত্রিত হল যথা الف ও نون তানভীন, الف পড়ে গেল। নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করল, ফলে قَنًى হল।

* دُعًى মূলত دُعَوٌ ছিল। على وزن نُصَرٌ

واو পতিত হল ইসমের তৃতীয় স্থানে ফাত্হার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, এখন ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء কে الف দ্বারা বদল করল, এখন দু'টি সাকিন একত্রিত হল যথা الف ও نون তানভীন, الف পড়ে গেল। নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করল, ফলে دُعًى হল।

## (৭) قاعدة جَوَارٍ، مَدَاعٍ

ياء জময়ে اقصى এর ত্বরফে কালিমায় কাসরার পরে হয়ে তারকীবে হালতে রাফয়ী অথবা হালতে জার্‌রীতে হলে, ياء কে হযফ করে তার নিদর্শনে আঈন কালিমায় কাসরায়ে তানভীন যুক্ত করা ওয়াজিব। যেমন: হালতে রাফয়ীতে جَوَارِيُ ⟶ جَوَارٍ

হালতে জর্‌রীতে جَوَارِيِ ⟶ جَوَارٍ

আর واو জময়ে اقصى এর ত্বরফে কালিমায় কাসরার পরে হয়ে তারকীবে হালতে রাফয়ী অথবা হালতে জার্‌রীতে হলে, واو কে ياء করত: অত:পর ياء কে হযফ করে তার নিদর্শনে আঈন কালিমায় কাসরায়ে তানভীন যুক্ত করা ওয়াজিব। যেমন:

হালতে রাফয়ীতে مَدَاعِوُ ⟶ مَدَاعِيْ ⟶ مَدَاعٍ

হালতে জার্‌রীতে مَدَاعِوِ ⟶ مَدَاعِيْ ⟶ مَدَاعٍ

আর হালতে নসবীতে হলে ياء কে ফাতহা দেয়া ওয়াজিব।

যেমন: رَأَيْتُ جَوَارِيَ ، رَأَيْتُ مَدَاعِيَ

আর শব্দটি معرف باللام বা মুযাফ হয়ে হালতে রাফয়ী অথবা জার্‌রীতে হলে ياء কে সাকিন করা ওয়াজিব। যেমন:

جَوَارِيْكُمْ ⟶ جَوَارِيُكُمْ  اَلْجَوَارِيْ ⟶ اَلْجَوَارِيُ

**تعليل :-**

* جَوَارٍ মূলত جَوَارِيُ ছিল عَلى وزن فَوَاعِلُ

ياء পতিত হল جمع اقصى এর ত্বরফে কালিমায় কাসরার পরে তাই ياء কে হযফ করে তার নিদর্শনে কাসরা তানভীন তার ডানের হরফের সাথে যুক্ত করল, ফলে جَوَارٍ হল।

টীকাঃ

* জময়ে **اقصى** এর নিম্নোক্ত ওজন সমূহে جَوَارٍ এর কায়দা প্রয়োগ হয়

(১) فعائِلُ (২) فَوَاعِلُ (৩) افاعِلُ (৪) مَفاعِلُ (৫) فعالِلُ (৬) فَيَاعِلُ

(৭) تفاعِلُ (৮) فنَاعِلُ (৯) يفَاعِلُ (১০) فعانِلُ (১১) نفاعِلُ (১২) فعَالِنُ

* مَدَاعٍ মূলত مَدَاعِوُ ছিল। على وزن مَفَاعِلُ

واو পতিত হল جمع اقصى এর ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল অত:পর ياء কে হযফ করে তার নিদর্শনে কাসরায়ে তানভীন তার ডানের হরফের সাথে যুক্ত করল, ফলে مَدَاعٍ হল।

* جَوَارِيْكُمْ মূলত جَوَارِيُكُمْ ছিল

ياء য়ে মাজমূম পতিত হল طرف কালিমায় কাসরার পরে তাই ياء কে সাকিন করল, ফলে جَوَارِيْكُمْ হল

* اَلْجَوَارِيْ মূলত اَلْجَوَارِيُ ছিল

ياء য়ে মাজমূম পতিত হল طرف কালিমায় কাসরার পরে তাই ياء কে সাকিন করল, ফলে اَلْجَوَارِيْ হল

## (৮) قاعدة حُبْلَيَان ، حُبْلَيَاتٌ

আলিফে মাকসুরা কালিমার তৃতীয় স্থানে হলে এবং আলিফটি واو থেকে বদল হয়ে আসলে, উক্ত শব্দকে তাছনিয়া ও জময়ে মুয়ান্নাছে সালেম য়ে রূপান্তর কালে আলিফে মাকসুরাকে واو দ্বারা বদল করা ওয়াজিব। আর অন্যান্য ছুরতে আলিফে মাকসূরাকে ياء দ্বারা বদল করা ওয়াজিব। যেমন:

عَصَوٌ ⟵ عَصًا ⟵ عَصَوَان ⟵ عَصَوَاتٌ

حُبْلَى ⟵ حُبْلَيَان ⟵ حُبْلَيَاتٌ

مُسْتَدْعًى ⟵ مُسْتَدْعَيَان ⟵ مُسْتَدْعَيَاتٌ

* عَصَوَان ইহা তাসনিয়া عَصًا শব্দের।

তাছনিয়া বানানোর জন্য যখন الف মাকসূরার পর الف তাসনিয়া লওয়া হল এখন দু'টি الف একত্রিত হল, যথা : الف মাকসূরা ও الف তাসনিয়া আর الف মাকসূরাটি واو থেকে বদল হয়ে এসেছে তাই الف মাকসূরাকে واو দ্বারা বদল করল, ফলে عَصَوَان হল।

* حُبْلَيَان ইহা তাসনিয়া মুয়ান্নাছ حُبْلَى শব্দের।

তাছনিয়া বানানোর জন্য যখন الف মাকসূরার পর الف তাসনিয়া লওয়া হল এখন দু'টি الف একত্রিত হল, যথা : الف মাকসূরা ও الف তাসনিয়া তাই الف মাকসূরাকে ياء দ্বারা বদল করল, ফলে حُبْلَيَان হল।

## (৯) قاعدة اظْبٍ

اَفْعُلٌ এর ওজনের জমার শেষ কালিমায় ياء জম্মার পরে হলে, উক্ত জম্মাকে কাসরায় রূপান্তর করত: رامٍ এর তালীল করা ওয়াজিব।

যেমন: اَظْبُيٌ ← اَظْبِيٌ ← اظْبٍ

تعليل :-

* اظْبٍ মূলত اَظْبُيٌ ছিল। على وزن افْعُلٌ

ياء পতিত হল ইসমে মুতামাক্কিনের শেষ কালিমায় জম্মার পরে তাই জম্মাকে কাসরায় রূপান্তর করল, এখন ياء য়ে মাজমূম পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই ياء কে সাকিন করল, দুটি সাকিন একত্রিত হল। যথা ياء ও نون তানভীন, ياء পড়ে গেল। নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করল, ফলে اظْبٍ হল।

## (১০) قاعدة اَدْلٍ

اَفْعُلٌ এর ওজনের জমার শেষ কালিমায় واو জম্মার পরে হলে, উক্ত জম্মাকে কাসরায় রূপান্তর করত: دَاعٍ এর তালীল করা ওয়াজিব। যেমন:

اَدْلُوٌ ← اَدْلِوٌ ← اَدْلِيٌ ← اَدْلِيْنٌ ← اَدْلٍ

تعليل :-

* اَدْلٍ মূলত ادْلُوٌ ছিল। على وزن اَفْعُلٌ

واو পতিত হল افْعُلٌ এর ওজনের জমার শেষ কালিমায় জম্মার পরে তাই জম্মাকে কাসরায় রূপান্তর করল, এখন واو পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, ياء য়ে মাজমূম পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই ياء কে সাকিন করল, দুটি সাকিন একত্রিত হল যথা: ياء ও نون তানভীন, ياء পড়ে গেল। নূনে তানভীনকে তার ডানের হরফের সাথে যুক্ত করল, ফলে اَدْلٍ হল।

## (١١) قاعدة تَقْوٰى

فَعْلٰى এর ওজনের فاء কালিমায় واو হলে এবং لام কালিমায় ياء হলে, ফা কালিমার واو কে تاء দ্বারা আর لام কালিমার ياء কে واو দ্বারা বদল করা ওয়াজিব। যেমন: وَقْيٰى ⟶ تَقْوٰى

**تعليل**

* تَقْوٰى মুলত وَقْيٰى ছিল। على وزن فَعْلٰى

واو পতিত হল فَعْلٰى এর ওজনের فاء কালিমায় আর ياء পতিত হল لام কালিমায়, তাই واو কে تاء দ্বারা এবং ياء কে واو দ্বারা বদল করল, ফলে تَقْوٰى হল।

## (١٢) قاعدة دُلِيٌّ

فُعُوْلٌ এর ওজনের জমার لام কালিমায় واو হলে উক্ত واو কে ياء দ্বারা বদল করা ওয়াজিব। অত:পর مَرْمِيٌّ এর কায়দা অনুযায়ী واو কে ياء করত: ياء কে ياء এর মাঝে এদগাম করা এবং ياء এর ডানে জম্মা দেয়া ওয়াজিব। যেমন:

دُلُوْوٌ ⟶ دُلُوْيٌ ⟶ دُلُيْيٌ ⟶ دُلُيٌّ ⟶ دُلِيٌّ

**تعليل**

* دُلِيٌّ মূলত دُلُوْوٌ ছিল। على وزن فُعُوْلٌ

واو পতিত হল فُعُوْلٌ এর ওজনের জমার لام কালিমায় তাই واو কে ياء দ্বারা বদল করল, دُلُوْيٌ হল। এখন ياء ও واو একত্রিত হল, প্রথমটি সাকিন দ্বিতীয়টি মুতাহার্‌রিক, তাই واو কে ياء করল, ياء কে ياء এর মাঝে এদগাম করল এবং ডানের জম্মাকে কাসরায় রূপান্তর করল, ফলে دُلِيٌّ হল।

## (١٣) قاعدة خَطَايَا

همزه আলিফে জমা ও ياء এর মাঝে পতিত হলে উক্ত همزه কে ياء مفتوح দ্বারা বদল করা ওয়াজিব। যেমন:

خَطَايَا ⟵ خَطَايَيُ ⟵ خَطَائِيُ ⟵ خَطَائِئُ ⟵ خَطَايِئُ

تعليل ঃ-

خَطَايَا মূলত خَطَايِئُ ছিল। ياء পতিত হল جمع الف এর পরে তাই ياء কে همزه দ্বারা বদল করল, خَطَائِئُ হল। এখন হরকত যুক্ত দুটি হামযা একত্রিত হল। প্রথমটি মাকসূর তাই দ্বিতীয় হামযাকে ياء দ্বারা বদল করল, خَطَائِيُ হল। এখন همزه পতিত হল جمع الف ও ياء এর মাঝে তাই হামযাকে ياء مفتوح দ্বারা বদল করল, خَطَايَيُ হল। ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء কে الف দ্বারা বদল করল, ফলে خَطَايَا হল।

## (١٤) قاعدة لَمْ تَكُ

اَلْكَوْنُ মাছদার হতে গঠিত فعل مضارع এর ছীগা থেকে হালতে জযমীতে نون কে হযফ করে পড়া জায়েয। যেমন:

لَمْ تَكُ ⟵ لَمْ تَكُنْ ⟵ لَمْ تَكُوْنْ ⟵ لَمْ تَكْوُنْ

تعليل ঃ-

* لَمْ تَكُ মূলত لَمْ تَكْوُنْ ছিল। علی وزن لَمْ تَنْصُرْ

واو মুতাহার্‌রিক হয়ে তার ডানে হরফে ছহীহ সাকিন হল তাই এর হরকতকে নকল করে তার ডানে দিল। দুটি সাকিন একত্রিত হল যথা: واو ও نون ॥ واو পড়ে গেল لَمْ تَكُنْ হল। এখন اَلْكَوْنُ মাছদারের نون হালতে জযমীতে হল, তাই نون পড়ে গেল, ফলে لَمْ تَكُ হল।

# القواعد المختلفة

## (١) قاعدة شكَايَةٌ

فعالةٌ ওজনের মাছদারের লাম কালিমায় واو হলে উক্ত واو কে হামযা দ্বারা বদল না করে ياء দ্বারা বদল করা ওয়াজিব।

যেমন: شكَاوَةٌ ⟶ شكَايَةٌ

তবে ইসমের ক্ষেত্রে এ কায়দা প্রযোজ্য নয়, শব্দটি নিজ অবস্থায় বহাল থাকবে। যেমন: غشَاوَةٌ

### تعليل

* شكَايَةٌ মূলত شكَاوَةٌ ছিল। على وزن فعَالَةٌ

واو পতিত হল فعَالَةٌ ওজনের মাছদারের লাম কালিমায় তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে شكَايَةٌ হল।

## (٢) قاعدة يَذَرُ

واو আলামতে মুজারে মাফতূহ্ ও ফাতহার মাঝে হলে এবং তার মাজী ব্যবহার না হলে واو রহিত হয়ে যায়। যেমন: يَوْذَرُ ⟶ يَذَرُ

### تعليل :-

*يَذَرُ মূলত يَوْذَرُ ছিল। على وزن يَسْمَعُ

واو পতিত হল আলামতে মুজারে মাফ্তুহ ও ফাত্হার মাঝে এবং তার মাজী ব্যবহৃত হয় না তাই واو কে হযফ করল, ফলে يَذَرُ হল।

টীকাঃ

اَلْوَذْرُ মাছদার থেকে সর্বদা মুজারে ব্যবহার হয়, মাজীর কোন ছীগা ব্যবহার হয় না। যেমন: বাংলা ভাষায় "যাওয়া" ধাতু থেকে যাইব মুজারে ব্যবহার হয় কিন্তু যাইয়াছিলাম মাজী ব্যবহার হয় না।

## (٣) قاعدة قَنْيَةٌ

فَعْلَة ওজনের লাম কালিমায় واو হলে واو কে ياء দ্বারা বদল করা ওয়াজিব। যেমন : قَنْوَةٌ ⟵ قَنْيَةٌ

**تعليل :-**

* قَنْيَةٌ মূলত قَنْوَةٌ ছিল। على وزن فَعْلَةٌ

واو পতিত হল فَعْلَةٌ ওজনের লাম কালিমায় তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে قَنْيَةٌ হল।

## (٤) قاعدة نَهُوَ

ياء মাফতূহ্ লাম কালিমায় জম্মার পরে হলে ياء কে واو দ্বারা বদল করা ওয়াজিব। যেমন: نَهُيَ ⟵ نَهُوَ

**تعليل :-**

* نَهُوَ মূলত نَهُيَ ছিল। على وزن كَرُمَ

ياء মাফতূহ্ পতিত হল লাম কালিমায় জম্মার পরে তাই ياء কে واو দ্বারা বদল করল, ফলে نَهُوَ হল।

## (٥) قاعدة منْسَاة

همزه মাফতূহার ডানে ফাতহা হলে همزه কে الف দ্বারা বদল করা জায়েয। যেমন: مَنْسَأَةٌ ⟵ مَنْسَاةٌ  سَأَلَ ⟵ سَالَ

**تعليل :-**

* مَنْسَاةٌ মূলত مَنْسَأَةٌ ছিল। على وزن مِفْعَلَةٌ

হামযা মাফতূহ্ পতিত হল ফাতহার পরে তাই হামযাকে الف দ্বারা বদল করল, ফলে مَنْسَاةٌ হল।

## (٦) قاعدة يَئِسُ ، يَائِسُ

يَاء আলামতে মুজারে মাফতূহ্ ও همزه এর মাঝে পতিত হলে يَاء কে হযফ করে অথবা يَاء কে الف দ্বারা বদল করে পড়া জায়েয।

যেমন: يَيْئِسُ ⟶ يَئِسُ অথবা يَائِسُ

অন্যান্য অবস্থায় يَاء কে বহাল রেখে পড়তে হবে।

যেমন: يَيْسُرُ ، يَيْقظُ

তবে লুগাতে বনুত্বয়ে يَاء কে الف দ্বারা বদল করে পড়া জায়েয।

**تعليل** ঃ-

* يَئِسُ মূলত يَيْئِسُ ছিল। على وزن يَحْسِبُ

يَاء পতিত হল আলামতে মুজারে মাফতূহ্ ও همزه এর মাঝে তাই يَاء পড়ে গেল, ফলে يئِس হল।

* يَائِسُ মূলত يَيْئِسُ ছিল। على وزن يَحْسِبُ

يَاء পতিত হল আলামতে মুজারে মাফতূহ্ ও همزه এর মাঝে তাই يَاء কে الف দ্বারা বদল করল, ফলে يَائِسُ হল।

## (٧) قاعدة سُوِلَ

একা একটি হামযা মাকসূর হয়ে তার ডানে মাজমূম হলে হামযাকে واو দ্বারা বদল করা জায়েয। ইহা ইমাম আখফাশ এর মাযহাব।

যেমন: سُئِلَ ⟶ سُوِلَ

**تعليل** ঃ-

* سُوِلَ মূলত سُئِلَ ছিল। على وزن فُتِحَ

একা একটি হামযা মাকসূর হয়ে তার ডানে মাজমূম হল তাই হামযাকে واو দ্বারা বদল করল, ফলে سُوِلَ হল।

## (৮) قاعدة دِيَمٌ

فِعَلٌ এর ওজনের জমার আঈন কালিমায় واو কাসরার পরে হলে এবং তার ওয়াহিদের তালীল হয়ে থাকলে, উক্ত واو কে ياء দ্বারা বদল করা ওয়াজিব। যেমন: دِوَمٌ ⟶ دِيَمٌ ইহার ওয়াহিদ ছিল دِيْمَةٌ যা মূলত دِوْمَةٌ ছিল। واو কে ياء দ্বারা বদল করে دِيْمَةٌ করা হয়েছে।

**تعليل** :-

* دِيَمٌ মূলত دِوَمٌ ছিল। على وزن فِعَلٌ

واو পতিত হল فِعَلٌ এর ওজনের জমার আঈন কালিমায় এবং তার ওয়াহিদে তালীল হয়েছিল। তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে دِيَمٌ হল।

## (৯) قاعدة فَوَائِدُ

الف যায়েদার পরে الف جمع হলে الف যায়েদাকে واو দ্বারা বদল করা ওয়াজিব। যেমন: فَائِدَةٌ ⟶ فَوَائِدُ

**تعليل** :-

* فَوَائِدُ ইহা জমা فَائِدَةٌ শব্দের। জমা বানানোর জন্য যখন ফা-কালিমায় ফাতহা দিল। শেষের ডানে কাসরা দিয়ে তার পূর্বে الف جمع লইল (ছূরত فَاائِدُ) এখন الف যায়েদার পরে الف جمع হল তাই الف যায়েদাকে واو দ্বারা বদল করল, ফলে فَوَائِدُ হল।

## (১০) قاعدة قُوِيَا

واو মাজমূম ও আলিফে তাছনিয়ার মাঝে واو পতিত হলে واو মাজমুমের জম্মাকে কাসরায় রূপান্তর করে رَضِيَ এর তালীল করা ওয়াজিব। যেমন: قُوُوَا ⟶ قُوِوَا ⟶ قُوِيَا

تعليل ঃ-

* قَوِيَا মূলত قَوُوَا ছিল। على وزن كَرُمَا

واو পতিত হল واو মাজমূম ও আলিফে তাছনিয়ার মাঝে, তাই প্রথম واو এর জম্মাকে কাসরায় রূপান্তর করল, এখন واو পতিত হল হুকমে ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে قَوِيَا হল।

## (١١) قاعدة قَوِيَتْ

واو মাজমূম ও تاء য়ে তানীছের মাঝে واو পতিত হলে واو মাজমুমের জম্মাকে কাসরায় রূপান্তর করে رَضِيَ এর তালীল করা ওয়াজিব। যেমন: قَوُوَتْ ⟶ قَوِوَتْ ⟶ قَوِيَتْ

تعليل ঃ-

* قَوِيَتْ মূলত قَوُوَتْ ছিল। على وزن كَرُمَتْ

واو পতিত হল واو মাজমূম ও تاء য়ে তানীছের মাঝে, তাই প্রথম واو এর জম্মাকে কাসরায় রূপান্তর করল, এখন واو পতিত হল ত্বরফে কালিমায় কাসরার পরে তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে قَوِيَتْ হল।

## (١٢) قاعدة طَوِيَا

واو মাজমূম ও আলিফে তাছনিয়ার মাঝে ياء পতিত হলে واو মাজমুমের জম্মাকে কাসরায় রূপান্তর করা ওয়াজিব।

যেমন: طَوُيَا ⟶ طَوِيَا

تعليل ঃ-

* طَوِيَا মূলত طَوُيَا ছিল। على وزن كَرُمَا

ياء পতিত হল واو মাজমূম ও আলিফে তাছনিয়ার মাঝে, তাই واو এর জম্মাকে কাসরায় রূপান্তর করল, ফলে طَوِيَا হল।

## (১৩) قاعدة طَوِيَتْ

واو মাজমূম ও تاء য়ে তানীছের মাঝে ياء পতিত হলে واو মাজমুমের জম্মাকে কাসরায় রূপান্তর করা ওয়াজিব।

যেমন: طَوُيَتْ ⟶ طَوِيَتْ

**تعليل** ঃ-

* طَوِيَتْ মূলত طَوُيَتْ ছিল। على وزن كَرُمَتْ

واو মাজমূম ও تاء য়ে তানীছের মাঝে, তাই ياء পতিত হল واو এর জম্মাকে কাসরায় রূপান্তর করল, ফলে طَوِيَتْ হল।

## (১৪) قاعدة رُخَيٌّ ، رُخَيَّةٌ ، سَيْدٌ

এক কালিমায় একসাথে তিনটি ياء একত্রিত হলে, তৃতীয় ياء কে হযফ করত: প্রথম ও দ্বিতীয় ياء এর মাঝে পরস্পর এদগাম করে পড়া ওয়াজিব, যেমন: رُخَيْيِيٌ ⟶ رُخَيٌّ   رُخَيْيِيَةٌ ⟶ رُخَيَّةٌ

আর দু'টি ياء একত্রিত হলে এদগাম করে অথবা একটিকে হযফ করে পড়া জায়েয। যেমন: سَيْيِدٌ কে سَيِّدٌ অথবা سَيْدٌ পড়া জায়েয।

**تعليل** ঃ-

* رُخَيٌّ মূলত رُخَيْيِيٌ ছিল

এক কালিমায় একত্রে তিনটি ياء একত্রিত হল, তৃতীয় ياء পড়ে গেল, এখন দু'টি ياء একত্রিত হল, প্রথমটি সাকিন দ্বিতীয়টি মুতাহার্‌রিক তাই প্রথমটিকে দ্বিতীয়টির সাথে এদগাম করল, ফলে رُخَيٌّ হল।

* رُخَيَّةٌ মূলত رُخَيْيِيَةٌ ছিল

এক কালিমায় একত্রে তিনটি ياء একত্রিত হল, তৃতীয় ياء পড়ে গেল, এখন দু'টি ياء একত্রিত হল, প্রথমটি সাকিন দ্বিতীয়টি মুতাহার্‌রিক তাই প্রথমটিকে দ্বিতীয়টির সাথে এদগাম করল, ফলে رُخَيَّةٌ হল।

## (١٥) قاعدة قِرَأْيٌ

দু'টি হামযা একত্রিত হলে, প্রথমটি সাকিন হয়ে দ্বিতীয়টি মুতাহার্‌রিক হলে, দ্বিতীয় হামযাকে ياء দ্বারা বদল করা ওয়াজিব।

যেমন: قِرَأْءٌ ⟶ قِرَأْيٌ

**تعليل :-**

* قِرَأْيٌ মূলত قِرَأْءٌ ছিল।

দু'টি হামযা একত্রিত হল। প্রথমটি সাকিন হয়ে দ্বিতীয় মুতাহার্‌রিক হল, তাই দ্বিতীয় হামযাকে ياء দ্বারা বদল করল, ফলে قِرَأْيٌ হল।

## (١٦) قاعدة دِيْنَارٌ ، شِيْرَازٌ

فِعَّالٌ এর ওজনের ইসমের আঈন কালিমার প্রথম হরফকে ياء দ্বারা বদল করা ওয়াজিব যেমন: دِنَّارٌ ⟶ دِيْنَارٌ   شِرَّازٌ ⟶ شِيْرَازٌ

তবে শব্দটি মাছদার হলে ياء হবে না। যেমন: كِذَّابٌ

**تعليل :-**

* دِيْنَارٌ মূলত دِنَّارٌ ছিল। على وزن فِعَّالٌ

ইসমটি فِعَّالٌ এর ওজনে হল তাই তার আঈন কালিমার প্রথম হরফকে ياء দ্বারা বদল করল, ফলে دِيْنَارٌ হল।

## (١٧) قاعدة كَيْنُوْنَةٌ

فَعْلُوْلَةٌ ওজনের আঈন কালিমায় واو হলে উক্ত واو কে ياء দ্বারা বদল করা ওয়াজিব। যেমন: كَوْنُوْنَةٌ ⟶ كَيْنُوْنَةٌ

**تعليل :-**

* كَيْنُوْنَةٌ মুলত كَوْنُوْنَةٌ ছিল। على وزن فَعْلُوْلَةٌ

واو পতিত হল فَعْلُوْلَةٌ ওজনের মাছদারের আঈন কালিমায় তাই واو কে ياء দ্বারা বদল করল, ফলে كَيْنُوْنَةٌ হল।

# الفوائد المختلفة

## (١) الفائدة

واو সাকিন হয়ে তার ডানে মাফতূহ্ হলে লুগাতে বনু হারেছ অনুসারে واو কে الف দ্বারা বদল করা জায়েয। যেমন: تَوْبَةٌ ⟶ تَابَةٌ

## (٢) الفائدة

فَعَالَةٌ ওজনের মাছদারের লাম কালিমায় واو অথবা ياء আলিফে যায়েদার পরে হলে উক্ত واو অথবা ياء কে اَعْلاَءٌ ও اَغْنَاءٌ এর কায়দা অনুযায়ী همزه দ্বারা বদল না করে নিজ অবস্থায় বহাল রাখা ওয়াজিব যদি ة টি تاء য়ে লাযেমী হয়। যেমন: هِدَايَةٌ , دِرَايَةٌ , حِكَايَةٌ , وِلاَيَةٌ , وِقَايَةٌ

## (٣) الفائدة

ياء হলে فُعْلٌ ও فُعْلاَنٌ এর ওজনের জমার আঈন কালিমায় ياء এর মুনাসাবাতে "ফা" কালিমার জম্মাকে কাসরায় রূপান্তর করা জায়েয। যেমন: بُيْضٌ ⟶ بِيْضٌ    بُيْضَانٌ ⟶ بِيْضَانٌ

## (٤) الفائدة

কোন ইসম বা ফেয়েলে আঈন কালিমায় হরফে হলক হলে, উক্ত ইসম ও ফেয়েলকে তার নিজস্ব ওজন ছাড়া আরো তিন ওজনে পড়া যায়। যেমন: شَهِدَ কে পড়া যায় شَهْدَ ، شِهِدَ ، شِهْدَ

فَخِذٌ কে পড়া যায় فَخْذٌ ، فِخِذٌ ، فِخْذٌ

## (٥) الفائدة

বনূতৃয় বাসীদের নিকট ফেয়েলে মাজীর ওয়াহিদে গায়েবের লাম কালিমায় ياء মাফতুহ হয়ে তার পূর্বে কাসরা হলে, কাসরাকে ফাতহায় রূপান্তর করে ياء কে الف দ্বারা বদল করা জায়েয। যেমন:

بَقِيَ ⟶ بَقَا    دُعِيَ ⟶ دُعَا

টীকাঃ

* فَعَالَةٌ এর ওজনের ة টি আরজী হলে واو অথবা ياء কে همزه দ্বারা বদল করা ওয়াজিব। যেমন: غَطَاوَةٌ ⟶ غَطَائَةٌ

## الفائدة (٦)

নিম্নোক্ত ওজনের শব্দাবলী তার নিজস্ব ওজন ছাড়াও আঈন কালিমাকে সাকিন করে পড়া যায়।

(১) فَعُلٌ কে فَعْلٌ । যেমন: عَضُدٌ কে عَضْدٌ

(২) فعِلٌ কে فعْلٌ । যেমন: ابِلٌ কে ابْلٌ

(৩) فُعُلٌ কে فُعْلٌ । যেমন: عُنُقٌ কে عُنْقٌ

এ ধরণের ওজন দুই শব্দের সমন্বয়ে হলে তথায় এ কায়দা প্রয়োগ করা যায়। যেমন: اَرْجِهْ وَاَخَاهُ ইহা মূলত ছিল اَرْجِه - وَ جِه তে فعِلٌ এর ওজন পাওয়া যাওয়ায় ه কে সাকিন করা হয়েছে।

## الفائدة (٧)

همزة الوصل বাক্যের শুরুতে হলে হামযাতুল ওয়াছলকে হযফ করে পূর্বের হরফের সাথে মিলিয়ে পড়া জায়েয।

যেমন: اضْرِبْ ⟵ فَاضْرِبْ

তবে লেখনীতে হামযা বহাল থাকবে। আর همزة القطعي কখনো হযফ হয় না। همزة القطعي ৯টি যথা :

১.বাব افعال এর হামযা। যেমন: اَكْرَمَ

২. واحد متكلم এর হামযা। যেমন: اَنْصرُ

৩. اسم تفضيل এর হামযা। যেমন: اَفْضَلُ

৪. جمع مكسر এর হামযা। যেমন: اَضْرَابٌ

৫. اعلام এর হামযা। যেমন: اِبْرَاهِيْمُ ، اِسْحَاقُ

৬. মাবনী শব্দাবলীর হামযা। যেমন: اَنَّ ، اَنْتَ

৭. فعل التعجب এর হামযা। যেমন: مَا اَحْسَنَه ، اَحْسِنْ به

৮. الاستفهام এর হামযা। যেমন: أَ أَنْذَرْتَهُمْ

৯. حرف النداء এর হামযা। যেমন: أَ عَبْدَ الله

# الصرف الكبير للجنس المركب

## (مهموزالعين والناقص اليائي)

## المصْدر : اَلرُّؤْيَةُ

من بَاب فَتَحَ يَفْتَحُ – المادَّة: ر، أ، ي – المعْنى ঃ দেখা

| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
|---|---|---|---|---|---|
| ماضى معروف | | | | | |
| واحد | رَاٰى | رَأَتْ | رَأَيْتَ | رَأَيْتِ | رَأَيْتُ |
| تثنيه | رَأَيَا | رَأَتَا | رَأَيْتُمَا | رَأَيْتُمَا | رَأَيْنَا |
| جمع | رَأَوْا | رَأَيْنَ | رَأَيْتُمْ | رَأَيْتُنَّ | رَأَيْنَا |
| ماضى مجهول | | | | | |
| واحد | رُئِىَ | رُئِيَتْ | رُئِيْتَ | رُئِيْتِ | رُئِيْتُ |
| تثنيه | رُئِيَا | رُئِيَتَا | رُئِيْتُمَا | رُئِيْتُمَا | رُئِيْنَا |
| جمع | رُؤُوْا | رُئِيْنَ | رُئِيْتُمْ | رُئِيْتُنَّ | رُئِيْنَا |
| مضارع معروف | | | | | |
| واحد | يَرٰى | تَرٰى | تَرٰى | تَرَيْنَ | اَرٰى |
| تثنيه | يَرَيَان | تَرَيَان | تَرَيَان | تَرَيَان | نَرٰى |
| جمع | يَرَوْنَ | يَرَيْنَ | تَرَوْنَ | تَرَيْنَ | نَرٰى |

**ماضى معروف** এর অর্থ ঃ সে বা তারা দু'জন বা সকলে দেখেছে, দেখল। তুমি বা তোমরা দু'জন বা সকলে দেখেছে , দেখলে। আমি বা আমরা দু'জন বা সকলে দেখেছি, দেখলাম।

**ماضى مجهول** এর অর্থ ঃ- তাকে বা তাদের দু'জন বা সকলকে দেখা হয়েছে , হল। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে দেখা হয়েছে , হল। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে দেখা হয়েছে , হল।

**مضارع معروف** এর অর্থ ঃ- সে বা তারা দু'জন বা সকলে দেখবে, দেখছে, দেখে। তুমি বা তোমরা দু'জন বা সকলে দেখবে, দেখছো, দেখ। আমি বা আমরা দু'জন বা সকলে দেখব, দেখছি, দেখি।

## مضارع مجهول

| متكلم | مؤنث حاضر | مذكر حاضر | مؤنث غائب | مذكر غائب | صيغة |
|---|---|---|---|---|---|
| اُرٰى | تُرَيْنَ | تُرٰى | تُرٰى | يُرٰى | واحد |
| نُرٰى | تُرَيَانِ | تُرَيَانِ | تُرَيَانِ | يُرَيَانِ | تثنيه |
| نُرٰى | تُرَيْنَ | تُرَوْنَ | يُرَيْنَ | يُرَوْنَ | جمع |

## نفي تاكيد بلن معروف

| متكلم | مؤنث حاضر | مذكر حاضر | مؤنث غائب | مذكر غائب | صيغة |
|---|---|---|---|---|---|
| لَنْ اَرٰى | لَنْ تَرَيْ | لَنْ تَرٰى | لَنْ تَرٰى | لَنْ يَرٰى | واحد |
| لَنْ نَرٰى | لَنْ تَرَيَا | لَنْ تَرَيَا | لَنْ تَرَيَا | لَنْ يَرَيَا | تثنيه |
| لَنْ نَرٰى | لَنْ تَرَيْنَ | لَنْ تَرَوْا | لَنْ يَرَيْنَ | لَنْ يَرَوْا | جمع |

## نفي تاكيد بلن مجهول

| متكلم | مؤنث حاضر | مذكر حاضر | مؤنث غائب | مذكر غائب | صيغة |
|---|---|---|---|---|---|
| لَنْ اُرٰى | لَنْ تُرَيْ | لَنْ تُرٰى | لَنْ تُرٰى | لَنْ يُرٰى | واحد |
| لَنْ نُرٰى | لَنْ تُرَيَا | لَنْ تُرَيَا | لَنْ تُرَيَا | لَنْ يُرَيَا | تثنيه |
| لَنْ نُرٰى | لَنْ تُرَيْنَ | لَنْ تُرَوْا | لَنْ يُرَيْنَ | لَنْ يُرَوْا | جمع |

**مضارع مجهول** এর অর্থ ঃ- তাকে বা তাদের দু'জন বা সকলকে দেখা হবে, হচ্ছে, হয়। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে দেখা হবে, হচ্ছে, হয়। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে দেখা হবে, হচ্ছে, হয়।

**نفي تاكيد بلن معروف** এর অর্থ ঃ- সে বা তারা দু'জন বা সকলে কিছুতেই দেখবে না। তুমি বা তোমরা দু'জন বা সকলে কিছুতেই দেখবে না। আমি বা আমরা দু'জন বা সকলে কিছুতেই দেখব না।

**نفي تاكيد بلن مجهول** এর অর্থ ঃ- তাকে বা তাদের দু'জন বা সকলকে কিছুতেই দেখা হবে না। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে কিছুতেই দেখা হবে না। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে কিছুতেই দেখা হবে না।

| نفي جحد بلم معروف | | | | | |
|---|---|---|---|---|---|
| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
| واحد | لَمْ يَرَ | لَمْ تَرَ | لَمْ تَرَ | لَمْ تَرَيْ | لَمْ أَرَ |
| تثنيه | لَمْ يَرَيَا | لَمْ تَرَيَا | لَمْ تَرَيَا | لَمْ تَرَيَا | لَمْ نَرَ |
| جمع | لَمْ يَرَوْا | لَمْ يَرَيْنَ | لَمْ تَرَوْا | لَمْ تَرَيْنَ | لَمْ نَرَ |
| نفي جحد بلم مجهول | | | | | |
| واحد | لَمْ يُرَ | لَمْ تُرَ | لَمْ تُرَ | لَمْ تُرَيْ | لَمْ أُرَ |
| تثنيه | لَمْ يُرَيَا | لَمْ تُرَيَا | لَمْ تُرَيَا | لَمْ تُرَيَا | لَمْ نُرَ |
| جمع | لَمْ يُرَوْا | لَمْ يُرَيْنَ | لَمْ تُرَوْا | لَمْ تُرَيْنَ | لَمْ نُرَ |
| لام تاكيد ونون ثقيلة بمستقبل معروف | | | | | |
| واحد | لَيَرَيَنَّ | لَتَرَيَنَّ | لَتَرَيَنَّ | لَتَرَيِنَّ | لَأَرَيَنَّ |
| تثنيه | لَيَرَيَانِّ | لَتَرَيَانِّ | لَتَرَيَانِّ | لَتَرَيَانِّ | لَنَرَيَنَّ |
| جمع | لَيَرَوُنَّ | لَيَرَيْنَانِّ | لَتَرَوُنَّ | لَتَرَيْنَانِّ | لَنَرَيَنَّ |

**نفي جحد بلم معروف** এর অর্থ ঃ- সে বা তারা দু'জন বা সকলে দেখেনি। তুমি বা তোমরা দু'জন বা সকলে দেখোনি। আমি বা আমরা দু'জন বা সকলে দেখিনি।

**نفي جحد بلم مجهول** এর অর্থ ঃ- তাকে বা তাদের দু'জন বা সকলকে দেখা হয়নি। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে দেখা হয়নি। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে দেখা হয়নি।

**لام تاكيد ونون ثقيلة بمستقبل معروف** এর অর্থ ঃ- সে বা তারা দু'জন বা সকলে অবশ্যই অবশ্যই দেখবে। তুমি বা তোমরা দু'জন বা সকলে অবশ্যই অবশ্যই দেখবে। আমি বা আমরা দু'জন বা সকলে অবশ্যই অবশ্যই দেখব।

| لام تاكيد ونون ثقيلة بمستقبل مجهول | | | | | |
|---|---|---|---|---|---|
| متكلم | مؤنث حاضر | مذكر حاضر | مؤنث غائب | مذكر غائب | صيغة |
| لَأُرَيَنَّ | لَتُرَيِنَّ | لَتُرَيَنَّ | لَتُرَيَنَّ | لَيُرَيَنَّ | واحد |
| لَنُرَيَنَّ | لَتُرَيَانِّ | لَتُرَيَانِّ | لَتُرَيَانِّ | لَيُرَيَانِّ | تثنيه |
| لَنُرَيَنَّ | لَتُرَيْنَانِّ | لَتُرَوُنَّ | لَيُرَيْنَانِّ | لَيُرَوُنَّ | جمع |
| لام تاكيد ونون خفيفة بمستقبل معروف | | | | | |
| لَأَرَيَنْ | لَتَرَيِنْ | لَتَرَيَنْ | لَتَرَيَنْ | لَيَرَيَنْ | واحد |
| لَنَرَيَنْ | × | × | × | × | تثنيه |
| لَنَرَيَنْ | × | لَتَرَوُنْ | × | لَيَرَوُنْ | جمع |
| لام تاكيد ونون خفيفة بمستقبل مجهول | | | | | |
| لَأُرَيَنْ | لَتُرَيِنْ | لَتُرَيَنْ | لَتُرَيَنْ | لَيُرَيَنْ | واحد |
| لَنُرَيَنْ | × | × | × | × | تثنيه |
| لَنُرَيَنْ | × | لَتُرَوُنْ | × | لَيُرَوُنْ | جمع |

**لام تاكيد ونون ثقيلة بمستقبل مجهول** এর অর্থ ঃ- তাকে বা তাদের দু'জন বা সকলকে অবশ্যই অবশ্যই দেখা হবে। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে অবশ্যই অবশ্যই দেখা হবে। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে অবশ্যই অবশ্যই দেখা হবে।

**لام تاكيد ونون خفيفة بمستقبل معروف** এর অর্থ ঃ- সে বা তারা সকলে অবশ্যই অবশ্যই দেখবে। তুমি বা তোমরা সকলে অবশ্যই অবশ্যই দেখবে। আমি বা আমরা দু'জন বা সকলে অবশ্যই অবশ্যই দেখব।

**لام تاكيد ونون خفيفة بمستقبل مجهول** এর অর্থ ঃ- তাকে বা তাদের সকলকে অবশ্যই অবশ্যই দেখা হবে। তোমাকে বা তোমাদের সকলকে অবশ্যই অবশ্যই দেখা হবে। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে অবশ্যই অবশ্যই দেখা হবে।

| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
|---|---|---|---|---|---|
| امر معروف | | | | | |
| واحد | لِيَرَ | لِتَرَ | رَ | رَيْ | لِأَرَ |
| تثنيه | لِرَيَا | لِتَرَيَا | رَيَا | رَيَا | لِنَرَ |
| جمع | لِيَرَوْا | لِيَرَيْنَ | رَوْا | رَيْنَ | لِنَرَ |
| امر مجهول | | | | | |
| واحد | لِيُرَ | لِتُرَ | لِتُرَ | لِتُرَيْ | لِأُرَ |
| تثنيه | لِيُرَيَا | لِتُرَيَا | لِتُرَيَا | لِتُرَيَا | لِنُرَ |
| جمع | لِيُرَوْا | لِيُرَيْنَ | لِتُرَوْا | لِتُرَيْنَ | لِنُرَ |
| امر معروف بنون ثقيلة | | | | | |
| واحد | لِيَرَيَنَّ | لِتَرَيَنَّ | رَيَنَّ | رَيِنَّ | لِأَرَيَنَّ |
| تثنيه | لِيَرَيَانِّ | لِتَرَيَانِّ | رَيَانِّ | رَيَانِّ | لِنَرَيَنَّ |
| جمع | لِيَرَوُنَّ | لِيَرَيْنَانِّ | رَوُنَّ | رَيْنَانِّ | لِنَرَيَنَّ |

**امر معروف** এর অর্থ ঃ- সে বা তারা দু'জন বা সকলে যেন দেখে। তুমি বা তোমরা দু'জন বা সকলে দেখ। আমি বা আমরা দু'জন বা সকলে যেন দেখি।

**امر مجهول** এর অর্থ ঃ- তাকে বা তাদের দু'জন বা সকলকে যেন দেখা হয়। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে যেন দেখা হয়। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে যেন দেখা হয়।

**امر معروف بنون ثقيلة** এর অর্থ ঃ- সে বা তারা দু'জন বা সকলে যেন অবশ্যই দেখে। তুমি বা তোমরা দু'জন বা সকলে অবশ্যই দেখ। আমি বা আমরা দু'জন বা সকলে যেন অবশ্যই দেখি।

| امر مجهول بنون ثقيلة | | | | | |
|---|---|---|---|---|---|
| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
| واحد | لِيُرَيَنَّ | لِتُرَيَنَّ | لِتُرَيَنَّ | لِتُرَيِنَّ | لِأُرَيَنَّ |
| تثنيه | لِيُرَيَانِّ | لِتُرَيَانِّ | لِتُرَيَانِّ | لِتُرَيَانِّ | لِنُرَيَنَّ |
| جمع | لِيُرَوُنَّ | لِيُرَيْنَانِّ | لِتُرَوُنَّ | لِتُرَيْنَانِّ | لِنُرَيَنَّ |
| امر معروف بنون خفيفة | | | | | |
| واحد | لِيَرَيَنْ | لِتَرَيَنْ | رَيَنْ | رَيِنْ | لِأَرَيَنْ |
| تثنيه | × | × | × | × | لِنَرَيَنْ |
| جمع | لِيَرَوُنْ | × | رَوُنْ | × | لِنَرَيَنْ |
| امر مجهول بنون خفيفة | | | | | |
| واحد | لِيُرَيَنْ | لِتُرَيَنْ | لِتُرَيَنْ | لِتُرَيِنْ | لِأُرَيَنْ |
| تثنيه | × | × | × | × | لِنُرَيَنْ |
| جمع | لِيُرَوُنْ | × | لِتُرَوُنْ | × | لِنُرَيَنْ |

امر مجهول بنون ثقيلة এর অর্থ ঃ- তাকে বা তাদের দু'জন বা সকলকে যেন অবশ্যই দেখা হয়। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে যেন অবশ্যই দেখা হয়। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে যেন অবশ্যই দেখা হয়।

امر معروف بنون خفيفة এর অর্থ ঃ- সে বা তারা সকলে যেন অবশ্যই দেখে। তুমি বা তোমরা সকলে অবশ্যই দেখ। আমি বা আমরা দু'জন বা সকলে যেন অবশ্যই দেখি।

امر مجهول بنون خفيفة এর অর্থ ঃ- তাকে বা তাদের সকলকে যেন অবশ্যই দেখা হয়। তোমাকে বা তোমাদের সকলকে যেন অবশ্যই দেখা হয়। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে যেন অবশ্যই দেখা হয়।

| نهى معروف | | | | | |
|---|---|---|---|---|---|
| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
| واحد | لَا يَرَ | لَا تَرَ | لَا تَرَ | لَا تَرَيْ | لَا اَرَ |
| تثنيه | لَا يَرَيَا | لَا تَرَيَا | لَا تَرَيَا | لَا تَرَيَا | لَا نَرَ |
| جمع | لَا يَرَوْا | لَا يَرَيْنَ | لَا تَرَوْا | لَا تَرَيْنَ | لَا نَرَ |
| نهى مجهول | | | | | |
| واحد | لَا يُرَ | لَا تُرَ | لَا تُرَ | لَا تُرَيْ | لَا اُرَ |
| تثنيه | لَا يُرَيَا | لَا تُرَيَا | لَا تُرَيَا | لَا تُرَيَا | لَا نُرَ |
| جمع | لَا يُرَوْا | لَا يُرَيْنَ | لَا تُرَوْا | لَا تُرَيْنَ | لَا نُرَ |
| نهى معروف بنون ثقيلة | | | | | |
| واحد | لَا يَرَيَنَّ | لَا تَرَيَنَّ | لَا تَرَيَنَّ | لَا تَرَيِنَّ | لَا اَرَيَنَّ |
| تثنيه | لَا يَرَيَانِّ | لَا تَرَيَانِّ | لَا تَرَيَانِّ | لَا تَرَيَانِّ | لَا نَرَيَنَّ |
| جمع | لَا يَرَوُنَّ | لَا يَرَيْنَانِّ | لَا تَرَوُنَّ | لَا تَرَيْنَانِّ | لَا نَرَيَنَّ |

**نهى معروف** এর অর্থ ঃ- সে বা তারা দু'জন বা সকলে যেন না দেখে। তুমি বা তোমরা দু'জন বা সকলে দেখোনা । আমি বা আমরা দু'জন বা সকলে যেন না দেখি।

**نهى مجهول** এর অর্থ ঃ- তাকে বা তাদের দু'জন বা সকলকে যেন না দেখা হয়। তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে যেন না দেখা হয়। আমাকে বা আমাদের দু'জন বা সকলকে যেন না দেখা হয়।

**نهى معروف بنون ثقيلة** এর অর্থ ঃ- অবশ্যই সে বা তারা দু'জন বা সকলে যেন না দেখে। অবশ্যই তুমি বা তোমরা দু'জন বা সকলে দেখোনা । অবশ্যই আমি বা আমরা দু'জন বা সকলে যেন না দেখি।

| نهى مجهول بنون ثقيلة | | | | | |
|---|---|---|---|---|---|
| صيغة | مذكر غائب | مؤنث غائب | مذكر حاضر | مؤنث حاضر | متكلم |
| واحد | لَا يُرَيَنَّ | لَا تُرَيَنَّ | لَا تُرَيَنَّ | لَا تُرَيِنَّ | لَا أُرَيَنَّ |
| تثنيه | لَا يُرَيَانِّ | لَا تُرَيَانِّ | لَا تُرَيَانِّ | لَا تُرَيَانِّ | لَا نُرَيَنَّ |
| جمع | لَا يُرَوُنَّ | لَا يُرَيْنَانِّ | لَا تُرَوُنَّ | لَا تُرَيْنَانِّ | لَا نُرَيَنَّ |
| نهى معروف بنون خفيفة | | | | | |
| واحد | لَا يَرَيَنْ | لَا تَرَيَنْ | لَا تَرَيَنْ | لَا تَرَيِنْ | لَا أَرَيَنْ |
| تثنيه | × | × | × | × | لَا نَرَيَنْ |
| جمع | لَا يَرَوُنْ | × | لَا تَرَوُنْ | × | لَا نَرَيَنْ |
| نهى مجهول بنون خفيفة | | | | | |
| واحد | لَا يُرَيَنْ | لَا تُرَيَنْ | لَا تُرَيَنْ | لَا تُرَيِنْ | لَا أُرَيَنْ |
| تثنيه | × | × | × | × | لَا نُرَيَنْ |
| جمع | لَا يُرَوُنْ | × | لَا تُرَوُنْ | × | لَا نُرَيَنْ |

**نهى مجهول بنون ثقيلة** এর অর্থ ঃ- অবশ্যই তাকে বা তাদের দু'জন বা সকলকে যেন না দেখা হয়। অবশ্যই তোমাকে বা তোমাদের দু'জন বা সকলকে যেন না দেখা হয়। অবশ্যই আমাকে বা আমাদের দু'জন বা সকলকে যেন না দেখা হয়।

**نهى معروف بنون خفيفة** এর অর্থ ঃ- অবশ্যই সে বা তারা সকলে যেন না দেখে। অবশ্যই তুমি বা তোমরা সকলে দেখোনা । অবশ্যই আমি বা আমরা দু'জন বা সকলে যেন না দেখি।

**نهى مجهول بنون خفيفة** এর অর্থ ঃ- অবশ্যই তাকে বা তাদের সকলকে যেন না দেখা হয়। অবশ্যই তোমাকে বা তোমাদের সকলকে যেন না দেখা হয়। অবশ্যই আমাকে বা আমাদের দু'জন বা সকলকে যেন না দেখা হয়।

| بحث | واحد مذكر | تثنيه مذكر | جمع مذكر | واحد مؤنث | تثنيه مؤنث | جمع مؤنث |
|---|---|---|---|---|---|---|
| اسم الفاعل | رَاءٍ | رَائِيَانِ | رَاؤُوْنَ | رَائِيَةٌ | رَائِيَتَانِ | رَائِيَاتٌ |
| اسم المفعول | مَرْئِيٌّ | مَرْئِيَّانِ | مَرْئِيُّوْنَ | مَرْئِيَّةٌ | مَرْئِيَّتَانِ | مَرْئِيَّاتٌ |

| بحث | | واحد | تثنيه | جمع سالم | جمع مكسر |
|---|---|---|---|---|---|
| اسم الظرف | | مَرْأًى | مَرْئَيَانِ | – | مَرَاءٍ |
| اسم الآلة | صغرى | مِرْأًى | مِرْئَيَانِ | – | مَرَاءٍ |
| | وسطى | مِرْآةٌ | مِرْآتَانِ | – | مَرَاءٍ |
| | كبرى | مِرْئَاءٌ | مِرْئَائَانِ | – | مَرَائِيُّ |
| اسم التفضيل | مذكر | اَرْأَى | اَرْأَيَانِ | اَرْأَوْنَ | اَرَاءٍ |
| | مؤنث | رُؤْيَا | رُؤْيَيَانِ | رُؤْيَيَاتٌ | رُؤًى |

**তাশরীহ**

* رَاى মূলত رَأَيَ ছিল। على وزن فَتَحَ

الف কে ياء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল তাই ياء দ্বারা বদল করল, رَاى হল।

টীকা: ———————————

**اسم فاعل** এর অর্থ ঃ- একজন, দু'জন বা কয়েকজন দর্শক।

**اسم مفعول** এর অর্থ ঃ দর্শনকৃত বস্তু একটি দু'টি বা কয়েকটি।

**اسم الظرف** এর অর্থ ঃ- দেখার স্থান একটি, দুটি বা ততোধিক।

**اسم الآلة** এর অর্থ ঃ- দেখার ছোট, মাঝারী বা বড় যন্ত্র একটি, দুটি বা ততোধিক।

**اسم التفضيل مذكر** এর অর্থ ঃ- অধিক দর্শক একজন, দু'জন বা ততোধিক পুরুষ।

**اسم التفضيل مؤنث** এর অর্থ ঃ- অধিক দর্শক একজন, দু'জন বা ততোধিক মহিলা।

* رُؤُوْا মূলত رُئِيُوْا ছিল। على وزن فُتِحُوْا

কাসরার পরে يَاء তে জম্মা কঠিন জানিয়া يَاء এর হরকতকে নকল করে তার ডানে দিল, ডানের হরকত দূর করার পর। (رُئُيْوْا হল) এখন দুটি সাকিন একত্রিত হল, যথা : يَاء ও واو ॥ يَاء পড়ে গেল, ফলে رُؤُوْا হল।

* يَرٰى মূলত يَرْأَيُ ছিল। على وزن يَفْتَحُ

একা একটি হামযা মুতাহার্‌রিক হয়ে তার ডানে হরফে ছহীহ সাকিন হল তাই হামযার হরকতকে নকল করে তার ডানে দিয়ে হামযাকে হযফ করল, يَرَيُ হল। এখন يَاء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফতূহ্ হল, তাই يَاء কে الف দ্বারা বদল করল, ফলে يَرٰى হল।

* لَتَرَوُنَّ মূলত لَتَرْأَيُوْنَّ ছিল। على وزن لَتَفْتَحُوْنَّ

একা একটি হামযা মুতাহার্‌রিক হয়ে তার ডানে হরফে ছহীহ সাকিন হল, তাই হামযার হরকতকে নকল করে তার ডানে দিয়ে হামযাকে হযফ করল, لَتَرَيُوْنَّ হল। এখন يَاء মুতাহার্‌রিক হয়ে তার ডানে মাফ্তূহ হল তাই يَاء কে الف দ্বারা বদল করল। দুটি সাকিন একত্রিত হল, যথা- الف ও واو ॥ الف পড়ে গেল, لَتَرَوْنَّ হল। আবার দুটি সাকিন একত্রিত হল, যথা : واو ও نون তাকীদ এবং واو এর ডানের হরকত واو এর মুখালিফ হল, তাই واو য়ে জম্মা দিল, ফলে لَتَرَوُنَّ হল।

* رَ মূলত اِرْئَيْ ছিল। على وزن اِفْتَحْ

একা একটি হামযা মুতাহার্‌রিক হয়ে তার ডানে হরফে ছহীহ সাকিন হল, তাই হামযার হরকতকে নকল করে তার ডানে দিয়ে হামযাকে হযফ করল اِرَيْ হল। হামযাতুল ওয়াছলকে লওয়া হয়েছিল কালিমার শুরুতে সাকিন পড়া অসম্ভব হওয়ায়, এখন কালিমার শুরুতে হরকত হল, হামযাতুল ওয়াছল পড়ে গেল, ফলে رَيْ হল। এখন يَاء পতিত হল হালতে وقف তে তাই يَاء পড়ে গেল, ফলে رَ হল।

# التَّصريف للاجنَاس المخْتلفة منْ ابوَاب شتى

| الجنس | المصدر | المادّة | المعنى | الماضي | المضارع | الاسم المشتق | الامر | النهي |
|---|---|---|---|---|---|---|---|---|
| **بَاب نَصَرَ يَنْصُرُ** | | | | | | | | |
| এ বাব থেকে সাধারণত: নিম্নোক্ত জিনসের শব্দাবলী ব্যবহার হয়। | | | | | | | | |
| اجوف واوى | اَلْقَوْلُ | ق و ل | বলা | قَالَ | يَقُوْلُ | قَائِلٌ | قُلْ | لاَ تَقُلْ |
| | | | | قِيْلَ | يُقَالُ | مَقُوْلٌ | لِتُقَلْ | لاَ تُقَلْ |
| ناقص واوى | اَلدَّعْوَةُ | د ع و | ডাকা | دَعَا | يَدْعُوْ | دَاعٍ | اُدْعُ | لاَ تَدْعُ |
| | | | | دُعِيَ | يُدْعٰى | مَدْعُوٌّ | لِتُدْعَ | لاَ تُدْعَ |
| مضاعف | اَلصَّبُّ | ص ب ب | ঢালা | صَبَّ | يَصُبُّ | صَابٌّ | صُبَّ | لاَ تَصُبَّ |
| | | | | صُبَّ | يُصَبُّ | مَصْبُوْبٌ | لِتُصَبَّ | لاَ تُصَبَّ |
| مهموز | اَلْاَخْذُ | ء خ ذ | ধরা | اَخَذَ | يَأْخُذُ | آخِذٌ | خُذْ | لاَ تَأْخُذْ |
| | | | | اُخِذَ | يُؤْخَذُ | مَاْخُوْذٌ | لِتُؤْخَذْ | لاَ تُؤْخَذْ |

# بَاب ضَرَبَ يَضْرِبُ

এ বাব থেকে সাধারণত: নিম্নোক্ত জিনসের শব্দাবলী ব্যবহার হয়।

| الجنس | المصدر | المادة | المعنى | الماضي | المضارع | الاسم المشتق | الامر | النهي |
|---|---|---|---|---|---|---|---|---|
| اجوف يائي | اَلْبَيْعُ | ب ي ع | বিক্রি করা | بَاعَ | يَبِيْعُ | بَائِعٌ | بِعْ | لَا تَبِعْ |
| | | | | بِيْعَ | يُبَاعُ | مَبِيْعٌ | لِتُبَعْ | لَا تُبَعْ |
| ناقص يائي | اَلرَّمْيُ | ر م ي | নিক্ষেপ করা | رَمٰى | يَرْمِيْ | رَامٍ | اِرْمِ | لَا تَرْمِ |
| | | | | رُمِيَ | يُرْمٰى | مَرْمِيٌّ | لِتُرْمَ | لَا تُرْمَ |
| اجوف يائي ومهموز | اَلْمَجِيْءُ | ج ي ء | আসা | جَاءَ | يَجِيْءُ | جَاءٍ | جِئْ | لَا تَجِئْ |
| | | | | جِيْءَ | يُجَاءُ | مَجِيْءٌ | لِتُجَأْ | لَا تُجَأْ |
| مهموز وناقص يائي | اَلْإِتْيَانُ | ا ت ي | আসা | اَتٰى | يَأْتِيْ | آتٍ | اِيْتِ | لَا تَأْتِ |
| | | | | اُتِيَ | يُؤْتٰى | مَأْتِيٌّ | لِتُؤْتَ | لَا تُؤْتَ |
| مثال واوي | اَلْوَعْدُ | و ع د | ওয়াদা করা | وَعَدَ | يَعِدُ | وَاعِدٌ | عِدْ | لَا تَعِدْ |
| | | | | وُعِدَ | يُوْعَدُ | مَوْعُوْدٌ | لِتُوْعَدْ | لَا تُوْعَدْ |
| لفيف مفروق | اَلْوِقَايَةُ | و ق ي | রক্ষা করা | وَقٰى | يَقِيْ | وَاقٍ | قِ | لَا تَقِ |
| | | | | وُقِيَ | يُوْقٰى | مَوْقِيٌّ | لِتُوْقَ | لَا تُوْقَ |
| لفيف مقرون | اَلطَّيُّ | ط و ي | ভাজ করা | طَوٰى | يَطْوِيْ | طَاوٍ | اِطْوِ | لَا تَطْوِ |
| | | | | طُوِيَ | يُطْوٰي | مَطْوِيٌّ | لِتُطْوَ | لَا تُطْوَ |
| مضاعف | اَلْفِرَارُ | ف ر ر | পলায়ন করা | فَرَّ | يَفِرُّ | فَارٌّ | فِرَّ | لَا تَفِرَّ |
| | | | | فُرَّ | يُفَرُّ | مَفْرُوْرٌ | لِتُفَرَّ | لَا تُفَرَّ |

# بَاب سَمِعَ يَسْمَعُ

এ বাব থেকে সাধারণত: নিম্নোক্ত জিনসের শব্দাবলী ব্যবহার হয়।

| النهي | الامر | الاسم المشتق | المضارع | الماضي | المعنى | المادّة | المصدر | الجنس |
|---|---|---|---|---|---|---|---|---|
| لاَ تَخَفْ | خَفْ | خَائفٌ | يَخَافُ | خَافَ | ভয় করা | خ و ف | اَلْخَوْفُ | اجوف واوى |
| لاَ تُخَفْ | لِتُخَفْ | مَخُوْفٌ | يُخَافُ | خِيْفَ | | | | |
| لاَ تَرْضَ | اِرْضَ | رَاضٍ | يَرْضٰى | رَضِيَ | সন্তুষ্ট হওয়া | ر ض و | اَلرِّضْوَانُ | ناقص واوى |
| لاَ تُرْضَ | لِتُرْضَ | مَرْضِيٌّ | يُرْضٰى | رُضِيَ | | | | |
| لاَ تَخْشَ | اِخْشَ | خَاشٍ | يَخْشٰى | خَشِيَ | ভয় করা | خ ش ي | اَلْخَشْيَةُ | ناقص يائى |
| لاَ تُخْشَ | لِتُخْشَ | مَخْشِيٌّ | يُخْشٰى | خُشِيَ | | | | |
| لاَ تَطْوَ | اِطْوَ | طَاوٍ | يَطْوٰي | طَوِىَ | ক্ষুধার্ত থাকা | ط و ي | اَلطَّوٰى | لفيف مقرون |
| لاَ تُطْوَ | لِتُطْوَ | مَطْوِيٌّ | يُطْوٰي | طُوِىَ | | | | |
| لاَ تَيْأَسْ | اِيْئَسْ | يَائِسٌ | يَيْأَسُ | يَئِسَ | নিরাশ হওয়া | ي ء س | اَلْيَأْسُ | مثال يائى و مهموز العين |
| لاَ تُوْئَسْ | لِتُوْئَسْ | مَيْؤُوْسٌ | يُوْئَسُ | يُئِسَ | | | | |
| لاَ تَمَسَّ | مَسَّ | مَاسٌّ | يَمَسُّ | مَسَّ | স্পর্শ করা | م س س | اَلْمَسُّ | مضاعف |
| لاَ تُمَسَّ | لِتُمَسَّ | مَمْسُوْسٌ | يُمَسُّ | مُسَّ | | | | |

# بَاب فَتَحَ يَفْتَحُ

এ বাব থেকে সাধারণত: নিম্নোক্ত জিনসের শব্দাবলী ব্যবহার হয়।

| الجنس | المصدر | المادّة | المعنى | الماضي | المضارع | الاسم المشتق | الامر | النهي |
|---|---|---|---|---|---|---|---|---|
| ناقص يائي | اَلرِّعَايَةُ | ر ع ي | রক্ষণাবেক্ষণ করা | رَعٰى | يَرْعٰى | رَاعٍ | اِرْعَ | لاَ تَرْعَ |
| | | | | رُعِيَ | يُرْعٰى | مَرْعِيٌّ | لِتُرْعَ | لاَ تُرْعَ |
| مثال واوي | اَلْوَضْعُ | و ض ع | রাখা | وَضَعَ | يَضَعُ | وَاضِعٌ | ضَعْ | لاَ تَضَعْ |
| | | | | وُضِعَ | يُوْضَعُ | مَوْضُوْعٌ | لِتُوْضَعْ | لاَ تُوْضَعْ |
| اجوف يائي و مهموز | اَلْمَشِيْئَةُ | ش ي ء | চাওয়া | شَاءَ | يَشَاءُ | شَاءٍ | شَأْ | لاَ تَشَأْ |
| | | | | شِيْءَ | يُشَاءُ | مَشِيْءٌ | لِتُشَأْ | لاَ تُشَأْ |
| مهموز و ناقص يائي | اَلرُّؤْيَةُ | ر أ ي | দেখা | رَاٰى | يَرٰى | رَاءٍ | رَ | لاَ تَرَ |
| | | | | رُئِيَ | يُرٰى | مَرْئِيٌّ | لِتُرَ | لاَ تُرَ |
| مهموز العين | اَلسُّوَالُ | س ء ل | প্রশ্ন করা | سَأَلَ | يَسْأَلُ | سَائِلٌ | سَلْ | لاَ تَسْأَلْ |
| | | | | سُئِلَ | يُسْأَلُ | مَسْئُوْلٌ | لِتُسْئَلْ | لاَ تُسْأَلْ |
| مهموز اللام | اَلْقِرَائَةُ | ق ر ء | পড়া | قَرَأَ | يَقْرَأُ | قَارِئٌ | اِقْرَأْ | لاَ تَقْرَأْ |
| | | | | قُرِئَ | يُقْرَأُ | مَقْرُوْءٌ | لِتُقْرَأْ | لاَ تُقْرَأْ |

# بَاب كَرُمَ يَكْرُمُ

এ বাব থেকে সাধারণত: নিম্নোক্ত জিনসের শব্দাবলী ব্যবহার হয়।

| النهي | الامر | الاسم المشتق | المضارع | الماضي | المعنى | المادّة | المصدر | الجنس |
|---|---|---|---|---|---|---|---|---|
| لاَ تَرْخُ | اُرْخُ | رَخِيٌّ | يَرْخُوْ | رَخُوَ | নরম হওয়া | ر خ و | اَلرِّخْوَةُ | ناقص واوى |
| | | | | | | | | |
| لاَ تَوْسُمْ | اُوْسُمْ | وَسِيْمٌ | يَوْسُمُ | وَسُمَ | খুব সুন্দর হওয়া | و س م | اَلْوَسْمُ | مثال واوى |
| | | | | | | | | |
| لاَ تَوْمُنْ | اُوْمُنْ | يَمِيْنٌ | يَيْمُنُ | يَمُنَ | বরকতময় হওয়া | ي م ن | اَلْيُمْنُ | مثال يائى |
| | | | | | | | | |

# بَاب حَسِبَ يَحْسِبُ

এ বাব থেকে সাধারণত: নিম্নোক্ত জিনসের শব্দাবলী ব্যবহার হয়।

| النهي | الامر | الاسم المشتق | المضارع | الماضي | المعنى | المادّة | المصدر | الجنس |
|---|---|---|---|---|---|---|---|---|
| لاَ تَلِ | لِ | وَالٍ | يَلِيْ | وَلِيَ | নিকটবর্তি হওয়া | و ل ي | اَلْوَلْيُ | لفيف مفروق |
| لاَ تُوْلَ | لِتُوْلَ | مَوْلِيٌّ | يُوْلى | وُلِيَ | | | | |
| لاَ تَرِمْ | رِمْ | وَارِمٌ | يَرِمُ | وَرِمَ | ফুলে যাওয়া | و ر م | اَلْوَرْمُ | مثال واوى |
| لاَ تُوْرَمْ | لِتُوْرَمْ | مَوْرُوْمٌ | يُوْرَمُ | وُرِمَ | | | | |

# بَاب الافتعَال

এ বাব থেকে সাধারণত: নিম্নোক্ত জিনসের শব্দাবলী ব্যবহার হয়।

| النهي | الامر | الاسم المشتق | المضارع | الماضي | المعنى | المادّة | المصدر | الجنس |
|---|---|---|---|---|---|---|---|---|
| لاَ تَجْتَبِ | اِجْتَبِ | مُجْتَبٍ | يَجْتَبِيْ | اِجْتَبٰى | নির্বাচিত করা | ج ب و | اَلاِجْتِبَاءُ | ناقص واوى |
| لاَ تُجْتَبَ | لِتُجْتَبَ | مُجْتَبًى | يُجْتَبٰى | اُجْتُبِىَ | | | | |
| لاَ تَهِدِّ | هِدِّ | مُهِدٌّ | يَهِدِّيْ | هَدّٰى | সঠিক পথ পাওয়া | ه د ى | اَلاِهْتِدَاءُ | ناقص يائى |
| | | | | | | | | |
| لاَ تَخْتَرْ | اِخْتَرْ | مُخْتَارٌ | يَخْتَارُ | اِخْتَارَ | পছন্দ করা | خ ى ر | اَلاِخْتِيَارُ | اجوف يائى |
| لاَ تُخْتَرْ | لِتُخْتَرْ | مُخْتَارٌ | يُخْتَارُ | اُخْتِيْرَ | | | | |
| لاَ تَتَّقِدْ | اِتَّقِدْ | مُتَّقِدٌ | يَتَّقِدُ | اِتَّقَدَ | আলোকিত হওয়া | و ق د | اَلاِتِّقَادُ | مثال واوى |
| | | | | | | | | |
| لاَ تَتَّسِرْ | اِتَّسِرْ | مُتَّسِرٌ | يَتَّسِرُ | اِتَّسَرَ | সহজ হওয়া | ى س ر | اَلاِتِّسَارُ | مثال يائى |
| | | | | | | | | |
| لاَ تَهْتَمَّ | اِهْتَمَّ | مُهْتَمٌّ | يَهْتَمُّ | اِهْتَمَّ | ব্যবস্থা করা | ه م م | اَلاِهْتِمَامُ | مضاعف |
| لاَ تُهْتَمَّ | لِتُهْتَمَّ | مُهْتَمٌّ | يُهْتَمُّ | اُهْتُمَّ | | | | |

## بَاب الافتعَال

এ বাব থেকে সাধারণত: নিম্নোক্ত জিনসের শব্দাবলী ব্যবহার হয়।

| النهي | الامر | الاسم المشتق | المضارع | الماضي | المعنى | المادّة | المصدر | الجنس |
|---|---|---|---|---|---|---|---|---|
| لاَ تَحْتَجْ | اِحْتَجْ | مُحْتَاجٌ | يحْتَاجُ | اِحْتَاجَ | মুখাপেক্ষী হওয়া | ح و ج | اَلاِحْتِيَاجُ | اجوف واوى |
| | | | | | | | | |
| لاَ تَدَّعِ | اِدَّعِ | مُدَّعٍ | يَدَّعِي | اِدَّعٰى | দাবী করা | د ع و | اَلاِدِّعَاءُ | ناقص واوى |
| لاَ تُدَّعَ | لِتُدَّعَ | مُدَّعًى | يُدَّعٰى | اُدُّعِيَ | | | | |
| لاَ تَصْطَفِ | اِصْطَفِ | مُصْطَفٍ | يَصْطَفِيْ | اِصْطَفٰى | নির্বাচিত করা | ص ف و | اَلاِصْطِفَاءُ | ناقص واوى |
| لاَ تُصْطَفَ | لِتُصْطَفَ | مُصْطَفًى | يُصْطَفٰى | اُصْطُفِيَ | | | | |
| لاَ تَسْتَوِ | اِسْتَوِ | مُسْتَوٍ | يَسْتَوِيْ | اِسْتَوٰى | সোজা হওয়া, আরোহণ করা | س و ي | اَلاِسْتِوَاءُ | لفيف مقرون |
| لاَ تُسْتَوَ | لِتُسْتَوَ | مُسْتَوًى | يُسْتَوٰى | اُسْتُوِيَ | | | | |
| لاَ تَتَّقِ | اِتَّقِ | مُتَّقٍ | يَتَّقِيْ | اِتَّقٰى | সাবধানতা অবলম্বন করা | و ق ي | اَلاِتِّقَاءُ | لفيف مفروق |
| لاَ تُتَّقَ | لِتُتَّقَ | مُتَّقًى | يُتَّقٰى | اُتُّقِيَ | | | | |

# بَاب الاستِفْعَال

এ বাব থেকে সাধারণত: নিম্নোক্ত জিনসের শব্দাবলী ব্যবহার হয়।

| النهي | الامر | الاسم المشتق | المضارع | الماضي | المعنى | المادّة | المصدر | الجنس |
|---|---|---|---|---|---|---|---|---|
| لاَ تَسْتَعِنْ | اِسْتَعِنْ | مُسْتَعِيْنٌ | يَسْتَعِيْنُ | اِسْتَعَانَ | সাহায্য চাওয়া | ع و ن | اَلاِسْتِعَانَةُ | اجوف واوى |
| لاَ تُسْتَعَنْ | لِتُسْتَعَنْ | مُسْتَعَانٌ | يُسْتَعَانُ | اُسْتُعِيْنَ | | | | |
| لاَ تَسْتَعْلِ | اِسْتَعْلِ | مُسْتَعْلٍ | يَسْتَعْلِىْ | اِسْتَعْلٰى | উচ্চ মর্যাদা কামনা করা | ع ل و | اَلاِسْتِعْلاَءُ | ناقص واوى |
| لاَ تُسْتَعْلَ | لِتُسْتَعْلَ | مُسْتَعْلًى | يُسْتَعْلٰى | اُسْتُعْلِىَ | | | | |
| لاَ تَسْتَغْنِ | اِسْتَغْنِ | مُسْتَغْنٍ | يَسْتَغْنِىْ | اِسْتَغْنٰى | অভাবমুক্ত চাওয়া | غ ن ى | اَلاِسْتِغْنَاءُ | ناقص يائى |
| لاَ تُسْتَغْنَ | لِتُسْتَغْنَ | مُسْتَغْنًى | يُسْتَغْنٰى | اُسْتُغْنِىَ | | | | |
| لاَ تَسْتَوْفِ | اِسْتَوْفِ | مُسْتَوْفٍ | يَسْتَوْفِىْ | اِسْتَوْفٰى | সম্পূর্ণ আদায় করা | و ف ى | اَلاِسْتِيْفَاءُ | لفيف مفروق |
| لاَ تُسْتَوْفَ | لِتُسْتَوْفَ | مُسْتَوْفًى | يُسْتَوْفٰى | اُسْتُوْفِىَ | | | | |
| لاَ تَسْتَأْذِنْ | اِسْتَأْذِنْ | مُسْتَاذِنٌ | يَسْتَاذِنُ | اِسْتَاذَنَ | অনুমতি চাওয়া | ا ذ ن | اَلاِسْتِيْذَانُ | مهموز الفاء |
| لاَ تُسْتَأْذَنْ | لِتُسْتَأْذَنْ | مُسْتَاذَنٌ | يُسْتَاذَنُ | اُسْتُوْذِنَ | | | | |
| لاَ تَسْتَمِدَّ | اِسْتَمِدَّ | مُسْتَمِدٌّ | يَسْتَمِدُّ | اِسْتَمَدَّ | সাহায্য চাওয়া | م د د | اَلاِسْتِمْدَادُ | مضاعف |
| لاَ تُسْتَمَدَّ | لِتُسْتَمَدَّ | مُسْتَمَدٌّ | يُسْتَمَدُّ | اُسْتُمِدَّ | | | | |

# بَاب الانفعَال

এ বাব থেকে সাধারণত: নিম্নোক্ত জিনসের শব্দাবলী ব্যবহার হয়।

| النهي | الامر | الاسم المشتق | المضارع | الماضي | المعنى | المادّة | المصدر | الجنس |
|---|---|---|---|---|---|---|---|---|
| لاَ تَنْقَدْ | اِنْقَدْ | مُنْقَادٌ | يَنْقَادُ | اِنْقَادَ | অনুগত হওয়া | ق و د | اَلاِنْقِيَادُ | اجوف واوى |
| | | | | | | | | |
| لاَ تَنْجَلِ | اِنْجَلِ | مُنْجَلٍ | يَنْجَلِىْ | اِنْجَلٰى | খুলে যাওয়া | ج ل و | اَلاِنْجِلاَءُ | ناقص واوى |
| | | | | | | | | |
| لاَ تَنْقَضِ | اِنْقَضِ | مُنْقَضٍ | يَنْقَضِيْ | اِنْقَضٰى | পূর্ণ হওয়া | ق ض ي | اَلاِنْقِضَاءُ | ناقص يائى |
| | | | | | | | | |
| لاَ تَنْزَوِ | اِنْزَوِ | مُنْزَوٍ | يَنْزَوِىْ | اِنْزَوٰى | নির্জনতা অবলম্বন করা | ز و ي | اَلاِنْزِوَاءُ | لفيف مقرون |
| | | | | | | | | |
| لاَ تَنْضَمَّ | اِنْضَمَّ | مُنْضَمّ | يَنْضَمُّ | اِنْضَمَّ | মিলিত হওয়া | ض م م | اَلاِنْضِمَامُ | مضاعف |
| | | | | | | | | |

# بَاب الافعَال

এ বাব থেকে সাধারণত: নিম্নোক্ত জিনসের শব্দাবলী ব্যবহার হয়।

| النهي | الامر | الاسم المشتق | المضارع | الماضي | المعنى | المادّة | المصدر | الجنس |
|---|---|---|---|---|---|---|---|---|
| لاَ تُعِنْ | اَعِنْ | مُعِيْنٌ | يُعِيْنُ | اَعَانَ | সাহায্য করা | ع و ن | اَلْاِعَانَةُ | اجوف واوي |
| لاَ تُعَنْ | لِتُعَنْ | مُعَانٌ | يُعَانُ | اُعِيْنَ | | | | |
| لاَ تُطِرْ | اَطِرْ | مُطِيْرٌ | يُطِيْرُ | اَطَارَ | উড়ানো | ط ي ر | اَلْاِطَارَةُ | اجوف يائي |
| لاَ تُطَرْ | لِتُطَرْ | مُطَارٌ | يُطَارُ | اُطِيْرَ | | | | |
| لاَ تُلْقِ | اَلْقِ | مُلْقٍ | يُلْقِيْ | اَلْقٰى | নিক্ষেপ করা | ل ق و | اَلْاِلْقَاءُ | ناقص واوي |
| لاَ تُلْقَ | لِتُلْقَ | مُلْقًى | يُلْقٰي | اُلْقِيَ | | | | |
| لاَ تُغْنِ | اَغْنِ | مُغْنٍ | يُغْنِيْ | اَغْنٰى | ধনী করা | غ ن ي | اَلْاِغْنَاءُ | ناقص يائي |
| لاَ تُغْنَ | لِتُغْنَ | مُغْنًى | يُغْنٰي | اُغْنِيَ | | | | |
| لاَ تُوْفِ | اَوْفِ | مُوْفٍ | يُوْفِيْ | اَوْفٰى | পূর্ণ করা | و ف ي | اَلْاِيْفَاءُ | لفيف مفروق |
| لاَ تُوْفَ | لِتُوْفَ | مُوْفًى | يُوْفٰي | اُوْفِيَ | | | | |
| لاَ تُوْجِبْ | اَوْجِبْ | مُوْجِبٌ | يُوْجِبُ | اَوْجَبَ | ওয়াজিব করা | و ج ب | اَلْاِيْجَابُ | مثال واوي |
| لاَ تُوْجَبْ | لِتُوْجَبْ | مُوْجَبٌ | يُوْجَبُ | اُوْجِبَ | | | | |

## بَاب الافعَال

এ বাব থেকে সাধারণত: নিম্নোক্ত জিনসের শব্দাবলী ব্যবহার হয়।

| الجنس | المصدر | المادة | المعنى | الماضي | المضارع | الاسم المشتق | الامر | النهي |
|---|---|---|---|---|---|---|---|---|
| مثال يائي | اَلْاِيْقَاظُ | ي ق ظ | জাগ্রত করা | اَيْقَظَ | يُوْقِظُ | مُوْقِظٌ | اَيْقِظْ | لاَ تُوْقِظْ |
| | | | | اُوْقِظَ | يُوْقَظُ | مُوْقَظٌ | لِتُوْقَظْ | لاَ تُوْقَظْ |
| مهموز الفاء | اَلْاِيْمَانُ | ء م ن | ঈমান আনা | اٰمَنَ | يُوْمِنُ | مُوْمِنٌ | اٰمِنْ | لاَ تُوْمِنْ |
| | | | | اُوْمِنَ | يُوْمَنُ | مُوْمَنٌ | لِتُوْمَنْ | لاَ تُوْمَنْ |
| مهموز اللام | اَلْاِخْطَاءُ | خ ط ء | ভুল করা | اَخْطَأَ | يُخْطِئُ | مُخْطِئٌ | اَخْطِئْ | لاَ تُخْطِئْ |
| | | | | اُخْطِئَ | يُخْطَأُ | مُخْطَأٌ | لِتُخْطَأْ | لاَ تُخْطَأْ |
| مهموز الفاء و ناقص يائي | اَلْاِيْتَاءُ | ء ت ي | দেওয়া | اٰتٰى | يُوْتِيْ | مُوْتٍ | اٰتِ | لاَ تُوْتِ |
| | | | | اُوْتِيَ | يُوْتٰى | مُوْتًى | لِتُؤْتَ | لاَ تُؤْتَ |
| مهموز العين و ناقص يائي | اَلْاِرَاءَةُ | ر ء ي | দেখানো | اَرٰى | يُرِيْ | مُرٍ | اَرِ | لاَ تُرِ |
| | | | | اُرِيَ | يُرٰى | مُرًى | لِتُرَ | لاَ تُرَ |
| مضاعف | اَلْاِحْبَابُ | ح ب ب | বন্ধুত্ব করা | اَحَبَّ | يُحِبُّ | مُحِبٌّ | اَحِبَّ | لاَ تُحِبَّ |
| | | | | اُحِبَّ | يُحَبُّ | مُحَبٌّ | لِتُحَبَّ | لاَ تُحَبَّ |

# بَاب التفْعِيل

এ বাব থেকে সাধারণত: নিম্নোক্ত জিনসের শব্দাবলী ব্যবহার হয়।

| النهي | الامر | الاسم المشتق | المضارع | الماضي | المعنى | المادة | المصدر | الجنس |
|---|---|---|---|---|---|---|---|---|
| لَا تُحَوِّلْ | حَوِّلْ | مُحَوِّلٌ | يُحَوِّلُ | حَوَّلَ | পরিবর্তন করা | ح و ل | اَلتَّحْوِيْلُ | اجوف واوى |
| لَا تُحَوَّلْ | لِتُحَوَّلْ | مُحَوَّلٌ | يُحَوَّلُ | حُوِّلَ | | | | |
| لَا تُزَيِّنْ | زَيِّنْ | مُزَيِّنٌ | يُزَيِّنُ | زَيَّنَ | সজ্জিত করা | ز ي ن | اَلتَّزْيِيْنُ | اجوف يائى |
| لَا تُزَيَّنْ | لِتُزَيَّنْ | مُزَيَّنٌ | يُزَيَّنُ | زُيِّنَ | | | | |
| لَا تُسَمِّ | سَمِّ | مُسَمٍّ | يُسَمِّيْ | سَمَّى | নাম রাখা | س م و | اَلتَّسْمِيَةُ | ناقص واوى |
| لَا تُسَمَّ | لِتُسَمَّ | مُسَمًّى | يُسَمَّى | سُمِّيَ | | | | |
| لَا تُغَنِّ | غَنِّ | مُغَنٍّ | يُغَنِّيْ | غَنَّى | গান গাওয়া | غ ن ي | اَلتَّغْنِيَةُ | ناقص يائى |
| | | | | | | | | |
| لَا تُقَوِّ | قَوِّ | مُقَوٍّ | يُقَوِّيْ | قَوَّى | শক্তি যোগানো | ق و ي | اَلتَّقْوِيَةُ | لفيف مقرون |
| لَا تُقَوَّ | لِتُقَوَّ | مُقَوًّى | يُقَوَّى | قُوِّيَ | | | | |
| لَا تُؤَذِّنْ | اَذِّنْ | مُؤَذِّنٌ | يُؤَذِّنُ | اَذَّنَ | আজান দেওয়া | أ ذ ن | اَلتَّاذِيْنُ | مهموز الفاء |
| لَا تُؤَذَّنْ | لِتُؤَذَّنْ | مُؤَذَّنٌ | يُؤَذَّنُ | اُذِّنَ | | | | |

# بَاب التفعُّل

এ বাব থেকে সাধারণত: নিম্নোক্ত জিনসের শব্দাবলী ব্যবহার হয়।

| النهي | الامر | الاسم المشتق | المضارع | الماضي | المعنى | المادّة | المصدر | الجنس |
|---|---|---|---|---|---|---|---|---|
| لاَ تَعَوَّذْ | تَعَوَّذْ | مُتَعَوِّذٌ | يَتَعَوَّذُ | تَعَوَّذَ | আশ্রয় প্রার্থনা করা | ع و ذ | اَلتَّعَوُّذُ | اجوف واوى |
| لاَ تُتَعَوَّذْ | لِتُتَعَوَّذْ | مُتَعَوَّذٌ | يُتَعَوَّذُ | تُعُوِّذَ | | | | |
| لاَ تَخَيَّلْ | تَخَيَّلْ | مُتَخَيِّلٌ | يَتَخَيَّلُ | تَخَيَّلَ | ধারণা করা | ع و ذ | اَلتَّخَيُّلُ | اجوف يائى |
| لاَ تُتَخَيَّلْ | لِتُتَخَيَّلْ | مُتَخَيَّلٌ | يُتَخَيَّلُ | تُخُيِّلَ | | | | |
| لاَ تَعَدَّ | تَعَدَّ | مُتَعَدٍّ | يَتَعَدّٰى | تَعَدّٰى | সীমালংঘন করা | ع د و | اَلتَّعَدِّيْ | ناقص واوى |
| لاَ تُتَعَدَّ | لِتُتَعَدَّ | مُتَعَدًّى | يُتَعَدّٰى | تُعُدِّيَ | | | | |
| لاَ تَتَوَفَّ | تَوَفَّ | مُتَوَفٍّ | يَتَوَفّٰى | تَوَفّٰى | পুরাপুরি করা | و ف ى | اَلتَّوَفِّيْ | لفيف مفروق |
| لاَ تُتَوَفَّ | لِتُتَوَفَّ | مُتَوَفًّى | يُتَوَفّٰى | تُوُفِّيَ | | | | |
| لاَ تَتَوَقَّفْ | تَوَقَّفْ | مُتَوَقِّفٌ | يَتَوَقَّفُ | تَوَقَّفَ | অপেক্ষা করা | و ق ف | اَلتَّوَقُّفُ | مثال واوى |
| لاَ تُتَوَقَّفْ | لِتُتَوَقَّفْ | مُتَوَقَّفٌ | يُتَوَقَّفُ | تُوُقِّفَ | | | | |
| لاَ تَيَقَّنْ | تَيَقَّنْ | مُتَيَقِّنٌ | يَتَيَقَّنُ | تَيَقَّنَ | বিশ্বাস করা | ى ق ن | اَلتَّيَقُّنُ | مثال يائى |
| لاَ تُتَيَقَّنْ | لِتُتَيَقَّنْ | مُتَيَقَّنٌ | يُتَيَقَّنُ | تُيُقِّنَ | | | | |

# بَاب التفاعُل

এ বাব থেকে সাধারণত: নিম্নোক্ত জিনসের শব্দাবলী ব্যবহার হয়।

| النهي | الامر | الاسم المشتق | المضارع | الماضي | المعنى | المادة | المصدر | الجنس |
|---|---|---|---|---|---|---|---|---|
| لَا تَشَاوَرْ | تَشَاوَرْ | مُتَشَاوِرٌ | يَتَشَاوَرُ | تَشَاوَرَ | পরস্পর পরামর্শ করা | ش و ر | اَلتَّشَاوُرُ | اجوف واوى |
| لَا تُتَشَاوَرْ | لِتُتَشَاوَرْ | مُتَشَاوَرٌ | يُتَشَاوَرُ | تُشُوْوِرَ | | | | |
| لَا تَرَاضَ | تَرَاضَ | مُتَرَاضٍ | يَتَرَاضٰى | تَرَاضٰى | পরস্পর আপস করা | ر ض و | اَلتَّرَاضِيْ | ناقص واوى |
| لَا تُتَرَاضَ | لِتُتَرَاضَ | مُتَرَاضًى | يُتَرَاضٰى | تُرُوْضِيَ | | | | |
| لَا تَسَاوَ | تَسَاوَ | مُتَسَاوٍ | يَتَسَاوٰى | تَسَاوٰى | সমান সমান হওয়া | س و ي | اَلتَّسَاوِيْ | لفيف مقرون |
| | | | | | | | | |
| لَا تَوَاضَعْ | تَوَاضَعْ | مُتَوَاضِعٌ | يَتَوَاضَعُ | تَوَاضَعَ | বিনয় প্রদর্শন করা | و ض ع | اَلتَّوَاضُعُ | مثال واوى |
| لَا تُتَوَاضَعْ | لِتُتَوَاضَعْ | مُتَوَاضَعٌ | يُتَوَاضَعُ | تُوُوْضِعَ | | | | |
| لَا تَيَامَنْ | تَيَامَنْ | مُتَيَامِنٌ | يَتَيَامَنُ | تَيَامَنَ | ডানদিক হতে আরম্ভ করা | ي م ن | اَلتَّيَامُنُ | مثال يائى |
| لَا تُتَيَامَنْ | لِتُتَيَامَنْ | مُتَيَامَنٌ | يُتَيَامَنُ | تُيُوْمِنَ | | | | |
| لَا تَحَابَّ | تَحَابَّ | مُتَحَابٌّ | يَتَحَابُّ | تَحَابَّ | পরস্পর মুহাব্বত করা | ح ب ب | اَلتَّحَابُّ | مضاعف |
| لَا تُتَحَابَّ | لِتُتَحَابَّ | مُتَحَابٌّ | يُتَحَابُّ | تُحُوْبَّ | | | | |

# بَاب المفاعَلة

এ বাব থেকে সাধারণত: নিম্নোক্ত জিনসের শব্দাবলী ব্যবহার হয়।

| الجنس | المصدر | المادّة | المعنى | الماضي | المضارع | الاسم المشتق | الامر | النهي |
|---|---|---|---|---|---|---|---|---|
| اجوف واوى | اَلْمُعَاوَضَةُ | ع و ض | প্রতিদান দেওয়া | عَاوَضَ | يُعَاوِضُ | مُعَاوِضٌ | عَاوِضْ | لَاتُعَاوِضْ |
| | | | | عُوْوِضَ | يُعَاوَضُ | مُعَاوَضٌ | لِتُعَاوَضْ | لَاتُعَاوَضْ |
| ناقص واوى | اَلْمُلَاقَاةُ | ل ق و | পরস্পর সাক্ষাৎ করা | لَاقَى | يُلَاقِيْ | مُلَاقٍ | لَاقِ | لَا تُلَاقِ |
| | | | | لُوْقِيَ | يُلَاقٰى | مُلَاقًى | لِتُلَاقَ | لَا تُلَاقَ |
| مثال واوى | اَلْمُوَازَنَةُ | و ز ن | তুলনা করা | وَازَنَ | يُوَازِنُ | مُوَازِنٌ | وَازِنْ | لَا تُوَازِنْ |
| | | | | وُوْزِنَ | يُوَازَنُ | مُوَازَنٌ | لِتُوَازَنْ | لَا تُوَازَنْ |
| مضاعف | اَلْمُحَابَّةُ | ح ب ب | পরস্পর মুহাব্বত করা | حَابَّ | يُحَابُّ | مُحَابٌّ | حَابِّ | لَا تُحَابِّ |
| | | | | حُوْبَّ | يُحَابُّ | مُحَابٌّ | لِتُحَابَّ | لَا تُحَابَّ |

## ايُّ لفْظ منْ ايِّ بَاب يُستعمل

### কোন শব্দ কোন বাব থেকে ব্যবহার হয়

১. রং, দোষ, আনন্দ, দুঃখ, আকৃতি অর্থ প্রকাশক শব্দাবলি বাবে سَمِعَ থেকে অধিক ব্যবহার হয়। যেমন:

* রোগ-ব্যাধির শব্দ । যেমন: مَرِضَ – سَقِمَ অসুস্থ হল।

* খুশি-আনন্দের শব্দ। যেমন: فَرِحَ আনন্দিত হল।

* দুঃখ-বেদনার শব্দ। যেমন: حَزِنَ চিন্তিত হল।

* রং ও দোষের শব্দ। যেমন: كَدِرَ ময়লা ও মাটি বর্ণের হল।

عَوِرَ অন্ধ হয়ে গেল।

* শারীরিক আকৃতির শব্দ। যেমন: بَلِجَ প্রশস্ত ভ্রুযুক্ত হল।

২. সৃষ্টিগত গুণবাচক শব্দাবলী বাবে كَرُمَ থেকে ব্যবহার হয়।

যেমন: حَسُنَ অর্থ- সে সুন্দর ও সূশ্রী হয়েছে,

صَغُرَ অর্থ- সে ছোট হয়েছে, كَبُرَ অর্থ- সে বড় হয়েছে।

৩. فَعِيْلٌ এর ওজনের ছিফাতের শব্দাবলী বাবে كَرُمَ ও سَمِعَ থেকে ব্যবহার হয়। যেমন: بَعِيْدٌ ، قَدِيْرٌ ، عَلِيْمٌ

৪. مهمُوز الفاء এর শব্দাবলী বাবে نَصَرَ থেকে অধিক ব্যবহার হয়।

যেমন: يَأْخُذُ اَخَذَ ، يَأْمُرُ أَمَرَ ، يَأْكُلُ أَكَلَ

৫. مهمُوز العين এর শব্দাবলী সাধারনত: كَرُمَ ، سَمِعَ ، فَتَحَ থেকে ব্যবহার হয় আর ضَرَبَ ، نَصَرَ থেকে খুবই কম ব্যবহার হয়।

যেমন: يَلْؤُمُ لَؤُمَ ، يَسْأَلُ سَأَلَ ، يَسْأَمُ سَئِمَ

৬. مهموز اللام এর শব্দাবলী সাধারণত كَرُمَ، سَمِعَ، فَتَحَ থেকে ব্যবহার হয় আর نَصَرَ، ضَرَبَ থেকে খুবই কম ব্যবহার হয়।
যেমন: يَجْرُؤُ جَرُؤَ ، يَبْرَأُ بَرِئَ ، يَقْرَأُ قَرَأَ

৭. المثال الواوى এর শব্দাবলী বাবে نَصَرَ থেকে একেবারেই ব্যবহার হয় না। সাধরণত: বাবে كَرُمَ، فَتَحَ، سَمِعَ، ضَرَبَ থেকে ব্যবহার হয় তবে حَسِبَ থেকে কয়েকটি শব্দ ব্যবহার হয়। যেমন:
يَمِقُ وَمِقَ ، يَوْسُمُ وَسُمَ ، يَوْجَلُ وَجِلَ ، يَعِدُ وَعَدَ

৮. المثال اليائي এর শব্দাবলী বাবে نَصَرَ থেকে মোটেই ব্যবহার হয় না। সাধারণত: كَرُمَ، فتح ، سَمِعَ، ضَرَبَ থেকে ব্যবহার হয় তবে حَسِبَ থেকে কয়েকটি শব্দ ব্যবহার হয়। যেমন:
يَيْتُمُ يَتُمَ ، يَيْنَعُ يَنَعَ ، يَيْبَسُ يَبِسَ ، يَيْسُرُ يَسُرَ

৯. الاجوف الواوى এর শব্দাবলী বাবে سَمِعَ، نَصَرَ থেকে অধিক ব্যবহার হয় তবে ضَرَبَ থেকে কতক শব্দ ব্যবহার হয়। যেমন:
يَطِيْحُ طَاحَ ، يَخَافُ خَافَ ، يَقُوْلُ قَالَ

১০ الاجوف اليائى এর শব্দাবলী বাবে نَصَرَ থেকে কখনো ব্যবহার হয় না। সাধারণত: ضَرَبَ থেকে ব্যবহার হয় এবং سَمِعَ থেকে কম ব্যবহার হয়। যেমন: يَشَاءُ شَاءَ ، يَبِيْعُ بَاعَ

১১. الناقص الواوى এর শব্দাবলী বাবে ضَرَبَ থেকে একেবারেই ব্যবহার হয় না। বাবে نَصَرَ থেকে অধিক ব্যবহার হয়। বাবে سَمِعَ থেকে কতক শব্দ আর অন্যান্য বাব থেকে ক্ষেত্রবিশেষ ব্যবহার হয়। যেমন: يَرْضٰى رَضِىَ ، يَدْعُوْ دَعَا

১২. الناقص اليائى এর শব্দাবলী বাবে كَرُمَ، نَصَرَ থেকে ব্যবহার হওয়াটি খুবই বিরল। সাধারণত ضَرَبَ، سَمِعَ থেকে ব্যবহার হয় তবে حَسِبَ থেকে কতক শব্দ ব্যবহার হয়। যেমন:
يَخْشٰى خَشِيَ ، يَرْمِىْ رَمٰى

১৩. اللفيْف المفرْوق এর শব্দাবলী শুধুমাত্র حسِبَ ، سَمِعَ ، ضَرَبَ থেকে ব্যবহার হয়। যেমন:

يَلِىْ وَلِيَ ، يَوْجٰى وَجِيَ ، يَقِىْ وَقٰى

১৪. اللفيْف المقرون এর শব্দাবলী শুধুমাত্র سَمِعَ ، ضَرَبَ থেকে ব্যবহার হয়। যেমন: يَطْوٰى طَوِيَ ، يَطْوِىْ طَوٰى

১৫. مهمُوز الفاء والاجْوف الواوى এর শব্দাবলী সাধারণত: نَصَرَ থেকে ব্যবহার হয় আর سَمِعَ থেকে কম ব্যবহার হয়।

যেমন: يَأْوَدُ أَوِدَ ، يَؤُوْلُ آلَ

১৬. مهمُوز الفاء والاجْوف اليائى এর শব্দাবলী সাধারণত: ضَرَبَ থেকে ব্যবহার হয়, তবে سَمِعَ থেকে কম ব্যবহার হয়।

যেমন: يَآسُ آسَ ، يَئِيْدُ آدَ

১৭. مهمُوز الفاء والناقص الواوى এর শব্দাবলী সাধারণত: বাবে نَصَرَ থেকে ব্যবহার হয়। যেমন: يَأْلُوْ أَلاَ

১৮. مهمُوز الفاء والناقص اليائى এর শব্দাবলী সাধারণত: বাবে ضَرَبَ থেকে ব্যবহার হয় তবে বাবে سَمِعَ থেকে কম ব্যবহার হয় আর বাবে فَتَحَ থেকে ব্যবহার হওয়াটি খুবই বিরল বা شاذ।

যেমন: يَأْبٰى أَبٰى ، يَأْسٰى أَسِيَ ، يَأْتِىْ أَتٰى

১৯. مهمُوز العيْن والمثال الواوى এর শব্দাবলী সাধারণত বাবে ضَرَبَ থেকে ব্যবহার হয় তবে سَمِعَ থেকে কম ব্যবহার হয় যেমন:

يَئِبُ وَئِبَ ، يَئِدُ وَأَدَ

২০. مهمُوز العيْن والمثال اليائى এর শব্দাবলী বাবে حَسِبَ ، سَمِعَ থেকে ব্যবহার হয়। যেমন: يَئِسَ يَيْأَسُ বা يَيْئِسُ

২১. فَتَحَ ، نصرَ এর শব্দাবলী বাবে مهمُوز العيْن والناقص الوَاوى থেকে ব্যবহার হয়। যেমন: يَدْاى دَاى ، يَسْؤُوْ سَاى

২২. مهمُوز العيْن والناقص اليَائى এর শব্দাবলী সাধারণত: বাবে فَتَحَ থেকে ব্যবহার হয়। বাবে ضَرَبَ থেকে কম ব্যবহার হয়।

যেমন: يَصْئِىْ صَاى ، يَرٰى رَاى

২৩. مهمُوز اللام والاجْوف الواوى এর শব্দাবলী বাবে فَتَحَ ، نَصَرَ থেকে ব্যবহার হয়। অন্যান্য বাব থেকে কম ব্যবহার হয়।

যেমন: يَدَاءُ دَاءَ ، يَبُوْءُ بَاءَ

২৪. مهمُوز اللام والاجْوف اليائى এর শব্দাবলী বাবে ضَرَبَ থেকে ব্যবহার হয় এবং سَمِعَ থেকে কম ব্যবহার হয়।

যেমন: يَشَاءُ شَاءَ ، يَجِيْءُ جَاءَ

২৫. المضاعف এর শব্দাবলী শুধুমাত্র বাবে سَمِعَ ، ضَرَبَ ، نَصَرَ থেকে ব্যবহার হয় তবে يَلُبُّ لَبَّ ، يَحُبُّ حَبَّ এর শব্দাবলী ক্ষেত্র বিশেষ বাবে كَرُمَ থেকেও ব্যবহার হয়।

২৬. مهمُوز الفاء والمُضاعف الثلاثى এর শব্দাবলী সাধারণত: বাবে نصر থেকে ব্যবহার হয় তবে কখনো কখনো سَمِعَ، ضَرَبَ থেকে ব্যবহার হয়। যেমন:

يَأَلُّ أَلَّ ، يَئِنُّ أَنَّ ، يَؤُمُّ أَمَّ

২৭. المثال الوَاوى والمُضاعف الثلاثى এর শব্দাবলী বাবে سَمِعَ থেকে ব্যবহার হয়। যেমন: يَوَدُّ وَدَّ

২৮. المثال اليَائى والمضاعف الثلاثى এর শব্দাবলী শুধুমাত্র বাবে سَمِعَ থেকে ব্যবহার হয়। যেমন: يَيَمُّ يَمَّ

# الاسْئلة للتَّمرين

১. কোন কোন ছূরতে الف কে واو দ্বারা বদল করা ওয়াজিব? উদাহরণসহ লিখ।

২. কোন কোন ছূরতে الف কে ياء দ্বারা বদল করা ওয়াজিব? বর্ণনা কর।

৩. حروف مده কে কোন ছূরতে হামযা দ্বারা বদল করা ওয়াজিব?

৪. দুটি واو এর মাঝে الف جمع পতিত হলে দ্বিতীয় واو এর হুকুম কি? বর্ণনা কর

৫. فُعْلَى এর ওজনের মুয়ান্নাছের আঈন কালিমায় ياء পতিত হলে, তার হুকুম কি?

৬. فَعَالَةٌ এর ওজনের মাছদারের লাম কালিমায় واو হলে, তার হুকুম কি?

৭. ফেয়েলে মুজারে থেকে নূনে এরাবী কোন কোন অবস্থায় হযফ করা ওয়াজিব?

৮. কালিমার শেষে পতিত হরফুল ইল্লাত কোন কোন ছূরতে হযফ করা জায়েয?

৯. مهموز ও معتل এর কায়দা কোনো শব্দে একত্রে পাওয়া গেলে, কোন কায়দাকে অগ্রাধিকার দিবে? উদাহরণসহ লিখ।

১০. مضاعف ওمعتل এর কায়দা কোনো শব্দে একত্রে পাওয়া গেলে কোন কায়দাকে অগ্রাধিকার দিবে? উদাহরণসহ বর্ণনা কর।

১১. হামযা মাফতূহ্ এর ডানে فتح হলে, হামযার কি হুকুম? উদাহরণসহ লিখ।

১২. يَسَلُ এর কায়দা কোথায় জায়েয আর কোথায় ওয়াজিব? বর্ণনা কর।

১৩. همزه استفهام ও همزه قطعى একত্র হলে তা কয় ছূরতে পড়া জায়েয? উদাহরণসহ লিখ।

১৪. مضارع এর “ফা” কালিমা থেকে واو কখন রহিত হয়ে যায়? উদাহরণসহ লিখ।

১৫. ياء আলামতে মুজারে মাফতূহ্ همزه এর মাঝে পতিত হলে তার হুকুম কি? উদাহরণসহ লিখ।

১৬. يَوْجَلُ জাতীয় শব্দকে কত ছুরতে পড়া জায়েয ও কি কি?

১৭. শব্দের শুরুতে واو মাজমূম হলে তার হুকুম কি?

১৮. বাবে افتعال এর ফা কালিমায় পতিত واو কে تاء দ্বারা বদল করার শর্তাবলী কি কি?

১৯. الف যায়েদার পরে جمع الف হলে, তার হুকুম কি?

২০. قِيْلَ কে কত নিয়মে পড়া জায়েয? ব্যাখ্যাসহ বর্ণনা কর।

২১. الف যায়েদার পরে পতিত واو ও ياء কে হামযায় রূপান্তরিত করার জন্য শর্তাবলী কি কি?

২২. قلب مكانى কাকে বলে? উদাহরণসহ বুঝিয়ে লিখ।

২৩. বাবে نصر থেকে কোন জিনসের শব্দ ব্যবহার হয় না?

২৪. বাবে ضرب থেকে কোন জিনসের শব্দ ব্যবহার হয় না?

২৫. বাবে حسب থেকে কোন জিনসের শব্দ বেশী ব্যাবহার হয়?

২৬. কোন বাব থেকে متعدى এর শব্দ ব্যবহার হয় না?

২৭. الاجوف এর শব্দাবলী কোন কোন বাব থেকে ব্যবহার হয়? বর্ণনা কর।

২৮. المضاعف এর শব্দাবলী কোন কোন বাব থেকে ব্যবহার হয়? বর্ণনা কর।

২৯. المهموز এর শব্দাবলী কোন কোন বাব থেকে ব্যবহার হয়? বর্ণনা কর।

৩০. اللفيف এর শব্দাবলী কোন কোন বাব থেকে ব্যবহার হয়? বর্ণনা কর।

৩১. الناقص এর শব্দাবলী কোন কোন বাব থেকে ব্যবহার হয়? বর্ণনা কর।

৩২. المثال এর শব্দাবলী কোন কোন বাব থেকে ব্যবহার হয়? বর্ণনা কর।

৩৩. فَعِيْلٌ এর ওজনের শব্দাবলী কোন কোন বাব থেকে ব্যবহার হয়?

৩৪. প্রাকৃতিক গুনাবলীর শব্দাবলী কোন কোন বাব থেকে ব্যবহার হয়? বর্ণনা কর।

৩৫. দুঃখ, বেদনা এ জাতীয় শব্দাবলী কোন কোন বাব থেকে ব্যবহার হয়? বর্ণনা কর।

৩৬. নিম্মোক্ত বাবগুলো থেকে কোন কোন জিনসের শব্দ ব্যবহার হয়?

نَصَرَ ، سَمِعَ ، اِفْعَالٌ ، تَفَعُّلٌ ، فَتَحَ ، ضَرَبَ ، كَرُمَ ، مُفَاعَلَةٌ ،

تَفَعُّلٌ ، اِسْتِفْعَالٌ ، حَسِبَ ، تَفَاعُلٌ ، اِنْفِعَالٌ ،

# الباب التاسع

## اقسام الاسم

- الجامد و اقسامه
- المصدر و اوزانه
- المشتق و اقسامه
- الاسئلة للتمرين

## اقسَام الاسْم

ছরফীদের পরিভাষায় জাতগতভাবে الاسم তিন প্রকার।
যথাঃ (১) الجَامد (২) المصْدر (৩) المُشتق

## الجامد وأقسَامه

* **الجَامد** ঃ- যে ইসম নিজে কোন ছীগা হতে গঠিত হয় নাই এবং তার থেকেও কোন ছীগা গঠিত হয়নি, এমন ইসমকে ইসমে জামেদ বলে।

**الاسْم الجَامد** তিন প্রকার। যথা :

(১) الثلاثى (২) الرباعى (৩) الخماسى

প্রত্যেকটি আবার দু'প্রকার। যথা-

(১) المجرد (২) المزيد فيه

সুতরাং ইছমে জামেদ সর্বমোট ছয় প্রকার।

(١) الثلاثي المجرد (٢) الثلاثي المزيد فيه

(٣) الرباعي المجرد (٤) الرباعي المزيد فيه

(٥) الخماسي المجرد (٦) الخماسي المزيد فيه

**الثلاثى المجرَّد** ঃ যে ইসমের মূল হরফ তিনটি হয় আর অতিরিক্ত কোন হরফ হয় না।

ছুলাছি মুজাররাদ সাধারণত: দশ ওজনে ব্যবহৃত হয়। যথা :

| المعْنى | المعْنى | المعْنى | المعْنى | المعْنى | الموزون به |
|---|---|---|---|---|---|
| فَعْلٌ | فَعَلٌ | فَعِلٌ | فَعُلٌ | فِعْلٌ | الموزون به |
| فَلْسٌ | فَرَسٌ | كَتِفٌ | عَضُدٌ | حِبْرٌ | الموزون |
| পয়সা | ঘোড়া | কাঁধ | বাহু | জ্ঞানী | المعْنى |
| فِعَلٌ | فِعِلٌ | فُعْلٌ | فُعَلٌ | فُعُلٌ | الموزون به |
| عِنَبٌ | اِبِلٌ | قُفْلٌ | صُرَدٌ | عُنُقٌ | الموزون |
| আঙ্গুর | উট | তালা | চড়ুই | গর্দান | المعْنى |

**الثلاثى المَزِيد فيْه**:- যে ইসমের মূল হরফ তিনটি হয় এবং زائد হরফও থাকে। ইহার ওজন অসংখ্য। যেমন: رُجَيْلٌ، جَامُوْسٌ، بِطِّيْخٌ

**الرباعى المجرد** :- যে ইসমের মূল হরফ চারটি হয় আর অতিরিক্ত কোন হরফ হয় না। রুবাঈ মুজাররাদের ওজন পাঁচটি। যথা-

| فَعْلَلٌ | فِعْلَلٌ | فِعَلَّلٌ | فُعْلُلٌ | فِعَلْلٌ |
|---|---|---|---|---|
| جَعْفَرٌ | دِرْهَمٌ | زِبْرِجٌ | بُرْثُنٌ | قِمَطْرٌ |
| একটি নাম | মুদ্রা | সুন্দর | বাঘের থাবা | সিন্দুক |

**الرباعى المَزِيد فيْه** :- যে ইসমের মূল হরফ চারটি হয় এবং অতিরিক্ত হরফও থাকে।

ইহার ওজন অতি নগণ্য, যথা- مَنْجَنُوْقٌ (ক্ষেপণাস্ত্র বিশেষ) যা مَفْعَلُوْلٌ এর ওজনে এবং عَنْكَبُوْتٌ (মাকড়সা) যা فَعْلَلُوْتٌ এর ওজনে ব্যবহৃত হয়েছে।

**الخماسى المُجرد** :- যে ইসমের মূল হরফ পাঁচটি হয় এবং কোন অতিরিক্ত হরফ থাকে না। ইহার ওজন চারটি। যথা:-

| فَعَلَّلٌ | فُعَلِّلٌ | فَعْلَلِلٌ | فِعْلَلٌّ |
|---|---|---|---|
| سَفَرْجَلٌ | قُذَعْمِلٌ | جَحْمَرِشٌ | قِرْطَعْبٌ |
| পেয়ারা | স্বাস্থ্যবান উট | বৃদ্ধা মহিলা | স্বল্প ও সামান্য বস্তু |

**الخماسى المَزِيد فيْه** :- যে ইসমের মূল হরফ পাঁচটি হয় এবং অতিরিক্ত হরফও থাকে। ইহার ওজন পাঁচটি যথা:-

| فَعْلَلُوْلٌ | فُعَلَّلى | فِعْلَلُوْلٌ | فُعَلْلِيْلٌ | فَعْلَلِيْلٌ |
|---|---|---|---|---|
| غَضْرَفُوْطٌ | قُبَعْثَرى | قِرْطَبُوْسٌ | خُزَعْبِيْلٌ | خَنْدَرِيْسٌ |
| ক্ষুদ্রতম | শক্তিশালী উট | মহাবিপদ | বাজে কথা | পুরনো মদ |

## الفائدة

কোন ইসমের মধ্যে অতিরিক্ত হরফ চারের অধিক হতে পারে না। আবার কোন ইসমে সর্বমোট সাত হরফের বেশিও হয় না। তাহলে বোঝা গেল যে, الثلاثي المزيد فيه এর মধ্যে সর্বাধিক চার হরফ পর্যন্ত زائد হতে পারে, তার অধিক নয়। যেমন:

| الاسماء | اِسْتِنْصَارٌ | مُسْتَنْصِرٌ | مِقْوَالٌ | خِمَارٌ |
|---|---|---|---|---|
| المعْنى | সাহায্য চাওয়া | সাহায্য প্রার্থনাকারী | স্পষ্টভাষী | ওড়না |
| الحروف الزائدة | ا س ت ا | م س ت | م ا | ا |
| عدد الحروف الزائدة | ٤ | ٣ | ٢ | ١ |

এবং الرباعى المزيد فيه এর মধ্যে সর্বাধিক তিন হরফ পর্যন্ত الزائد হতে পারে, যেমন:

| الأسماء | عَبَوْثَرَانٌ | مُتَدَحْرِجٌ | قَفَاخِرُ |
|---|---|---|---|
| المعْنى | সুগন্ধী চারা গাছ | গুটিয়ে যাওয়া ব্যক্তি | বড় দেহ |
| الحروف الزائدة | و ا ن | م ت | الف |
| عدد الحروف الزائدة | ٣ | ٢ | ١ |

আর الخماسى المزيد فيه এ সর্বাধিক দু'হরফ পর্যন্ত অতিরিক্ত হবে, এর অধিক নয়। যেমন:

| الأسماء | اِصْطَفْلِيْنٌ | غَضْرَفُوْطٌ |
|---|---|---|
| المعْنى | ক্ষুদ্রতম | গাজর |
| الحروف الزائدة | ا ي | و |
| عدد الحروف الزائدة | ٢ | ١ |

# المصْدر وأوْزانه

* **المصْدر** :- এমন ইসমকে বলে যে ইসম থেকে فعل অথবা اسم مشتق গঠিত হয়। যথা- اَلشُّرْبُ থেকে شَرِبَ ফেয়েল ও شَارِبٌ ইসমে ফায়েল গঠিত হয়েছে। তাই اَلشُّرْبُ ইসমটি মাছদার।

ছুলাছি মুজাররাদের মাছদার পঞ্চাশের অধিক ওজনে ব্যবহার হয় যা নিম্নের চিত্রে প্রদত্ব হল।

## اوْزان المصَادر

| الاوزان | المصادر | المعانى | الابواب |
|---|---|---|---|
| فَعْلٌ | قَتْلٌ | হত্যা করা | نَصَرَ |
| فِعْلٌ | فِسْقٌ | নাফরমানী করা | نَصَرَ |
| فُعْلٌ | شُكْرٌ | কৃতজ্ঞতা প্রকাশ করা | نَصَرَ |
| فَعْلَةٌ | رَحْمَةٌ | দয়া করা | سَمِعَ |
| فِعْلَةٌ | نِشْدَةٌ | হারানো বস্তু পেয়ে যাওয়া | نَصَرَ |
| فُعْلَةٌ | كُدْرَةٌ | ধুলায় আচ্ছন্ন হওয়া | سَمِعَ |
| فَعِلٌ | خَنِقٌ | গলায় ফাঁসি দেয়া | نَصَرَ |
| فَعَلٌ | طَلَبٌ | সন্ধান করা | نَصَرَ |
| فَعَلَةٌ | غَلَبَةٌ | জয়ী হওয়া | ضَرَبَ |
| فَعِلَةٌ | سَرِقَةٌ | চুরি করা | ضَرَبَ |
| فِعَلٌ | صِغَرٌ | ছোট হওয়া | كَرُمَ |
| فُعَلٌ | هُدًى | পথ প্রদর্শন করা | ضَرَبَ |
| فِعَالٌ | قِيَامٌ | দাঁড়ানো | نَصَرَ |

| الاوزان | المصادر | المعانى | الابواب |
|---|---|---|---|
| فُعَالٌ | سُؤَالٌ | চাওয়া, প্রশ্ন করা | فَتَحَ |
| فَعَالٌ | ذَهَابٌ | যাওয়া | فَتَحَ |
| فَعَالَةٌ | زَهَادَةٌ | সংযমী হওয়া | سَمِعَ |
| فِعَالَةٌ | دِرَايَةٌ | জানা, অবগত হওয়া | ضَرَبَ |
| فُعَالَةٌ | بُغَايَةٌ | অনুসন্ধান করা | ضَرَبَ |
| فَعْلٰى | دَعْوٰى | ডাকা, দাবি করা | نَصَرَ |
| فِعْلٰى | ذِكْرٰى | স্মরণ করা | نَصَرَ |
| فُعْلٰى | بُشْرٰى | সু-সংবাদ দেয়া | نَصَرَ |
| فَعْلَانٌ | لَيَّانٌ | বাধা দেয়া, নরম হওয়া | ضَرَبَ |
| فِعْلَانٌ | حِرْمَانٌ | বঞ্চিত হওয়া | ضَرَبَ |
| فُعْلَانٌ | غُفْرَانٌ | ক্ষমা করে দেয়া | ضَرَبَ |
| فَعَلَانٌ | نَزَوَانٌ | সঙ্গম করা | نصر |
| فَعُوْلٌ | قَبُوْلٌ | গ্রহণ করা, মেনে নেয়া | سَمِعَ |
| فُعُوْلٌ | دُخُوْلٌ | প্রবেশ করা | نَصَرَ |
| فُعُوْلَةٌ | صُهُوْبَةٌ | লালচে বর্ণের  হওয়া | سَمِعَ |
| مَفْعَلٌ | مَدْخَلٌ | প্রবেশ করা | نصر |
| مَفْعِلٌ | مَيْسِرٌ | জুয়া খেলা | ضَرَبَ |
| مَفْعِلَةٌ | مَرْحِمَةٌ | দয়া করা | سَمِعَ |
| مَفْعَلَةٌ | مَحْمَدَةٌ | প্রশংসা করা | سَمِعَ |
| مَفْعُلَةٌ | مَمْلُكَةٌ | মালিক হওয়া | ضَرَبَ |

| الابواب | المعانى | المصادر | الاوزان |
|---|---|---|---|
| ضَرَبَ | মিথ্যা বলা | كَاذِبَةٌ | فَاعِلَةٌ |
| ضَرَبَ | মিথ্যা বলা | مَكْذُوْبَةٌ | مَفْعُوْلَةٌ |
| ضَرَبَ | মিথ্যা বলা | مَكْذُوْبٌ | مَفْعُوْلٌ |
| ضَرَبَ | দ্বি-প্রহরে ঘুম যাওয়া | قَيْلُوْلَةٌ | فَعْلُوْلَةٌ |
| نَصَرَ | অহঙ্কার করা | جَبُوْرَةٌ | فَعُوْلَةٌ |
| نَصَرَ | হওয়া | كَيْنُوْنَةٌ | فَيْعَلُوْلَةٌ |
| نَصَرَ | অহঙ্কার করা | جَبْرُوَّةٌ | فَعْلُوَّةٌ |
| نَصَرَ | অধিক ঘোরাফেরা করা | تَجْوَال | تَفْعَال |
| فَتَحَ | অধিক কাটা | تِقِطَّاعٌ | تِفِعَّالٌ |
| ضَرَبَ | বিজলি চমকে ওঠা | وَمِيْضٌ | فَعِيْلٌ |
| فَتَحَ | আত্মীয়তা বিনষ্ট করা | قَطِيْعَةٌ | فَعِيْلَةٌ |
| سَمِعَ | অপছন্দ করা | كَرَاهِيَةٌ | فَعَالِيَةٌ |
| سَمِعَ | আগ্রহ করা | رَغْبَاءُ | فَعْلَاءُ |
| سَمِعَ | আগ্রহ করা | رَغْبَاتٌ | فَعْلَاتٌ |
| سَمِعَ | অধিক আগ্রহ করা | رَغْبُوْتٌ | فَعْلُوْتٌ |
| ضَرَبَ | ক্ষমতাবাণ হওয়া | مَلَكُوْتٌ | فَعَلُوْتٌ |
| سَمِعَ | আগ্রহ করা | رَغْبُوْتٰى | فَعْلُوْتٰى |
| ضَرَبَ | অধিক বিজয় লাভ করা | غُلُبَّى | فُعُلَّى |
| نَصَرَ | অনেক পথ প্রদর্শন করা | دِلِّيْلٰى | فِعِّيْلٰى |

## الفائدة

যে সব মাছদার ব্যবসা, শিল্প অথবা কারিগরী ইত্যাদির অর্থে ব্যবহৃত হয় সেগুলো فَعَالَةٌ বা فِعَالَةٌ এর ওজনে হয়ে থাকে, যেমন: دَبَاغَةٌ চামড়া পাক করার ব্যবসা, حِجَامَةٌ অর্থঃ রগ থেকে রক্ত বের করার ব্যবসা, حِيَاكَةٌ অর্থঃ কাপড় বুননের ব্যবসা, خِيَاطَةٌ অর্থঃ কাপড় সেলাইর ব্যবসা, كِتَابَةٌ অর্থঃ লেখার ব্যবসা, وِلَايَةٌ অর্থঃ ওকালত ব্যবসা।

## الفائدة

المصدر الميمى যুক্ত মাছদারগুলো ছুলাছী মুজাররাদের যে কোনো বাব থেকে হোক না কেন, তা مَفْعَلٌ অথবা مَفْعِلٌ এর ওজনে ব্যবহৃত হবে। যেমন: مَقْدَمٌ বাবে نَصَرَ থেকে, অর্থঃ আগমন করা। مَضْرِبٌ বাবে ضَرَبَ হতে, অর্থঃ প্রহার করা।

কখনও এগুলোর শেষে একটি ة যোগ করা হয়, যেমন: مَحْمِدَةٌ অর্থঃ প্রশংসা করা, مَسْئَلَةٌ অর্থঃ প্রশ্ন করা।

## الفائدة

مَرَّةٌ অর্থাৎ "একবার" বোঝানোর জন্য মাছদার فَعْلَةٌ এর ওজনে এবং نَوْعِيَّةٌ অর্থাৎ "এক প্রকার বা ধরণ" বোঝানোর জন্য মাছদার فِعْلَةٌ এর ওজনে আর পরিমাণ বোঝানোর জন্য মাছদার فُعْلَةٌ এর ওজনে ব্যবহৃত হয়। যেমন: ضَرْبَةٌ অর্থ একবার প্রহার করা এবং ضِرْبَةٌ এক প্রকারের প্রহার করা আর أُكْلَةٌ অর্থঃ সামান্য পরিমান খাওয়া।

টীকাঃ ———

শব্দের শেষে ياء مشدد ও ة যুক্ত করার দ্বারা মাছদারের অর্থ প্রকাশ করা হয়, যেমন: اِنْسَانِيَّةٌ (মানুষ হওয়া) একে المصْدر الصناعي বলে।

## الفائدة

বাবে تَفْعِيْلٌ এর মাছদার নিম্নোক্ত ওজনে ব্যবহার হয় ঃ

| الموزون به | الامثلة | المعنى |
|---|---|---|
| تَفْعِلَةٌ | تَجْرِبَةٌ | পরিক্ষিত হওয়া |
| فَعَّالٌ | كَذَّابٌ | মিথ্যারোপ করা |
| فِعَّالٌ | كِذَّابٌ | মিথ্যারোপ করা |
| فَعَالٌ | سَلَامٌ | শান্ত হওয়া |
| تَفْعَالٌ | تَكْرَارٌ | বারবার করা |
| تِفْعَالٌ | تِبْيَانٌ | বয়ান করা |

* বাবে فَعْلَلَةٌ এর মাছদার কখনও فِعْلَالٌ এর ওজনে ব্যবহার হয় যেমন: زِلْزَالٌ

## الحَرَكَة بعْد السَّاكن في المصَادر غيْر الثُّلاثي المجرَّد

### মাছদারে সাকিনের পরে হরকতের বিবরণ

১. মাছদারের "ফা" কালিমায় ফাতহা ও শেষে ة হলে, সাকিন হরফের পরে ফাতহা হবে। যেমন: مُقَابَلَةٌ ، بَعْثَرَةٌ

২. মাছদারের শুরুতে ت হলে এবং "ফা" কালিমায় ফাতহা হলে, সাকিন হরফের পরে জম্মা হবে। যেমন: تَقَابُلٌ ، تَسَرْبُلٌ

৩. মাছদারের শুরুতে ت হলে এবং "ফা" কালিমায় সাকিন হলে, সাকিন হরফের পরে কাসরা হবে। যেমন: تَصْرِيْفٌ

৪. মাছদারের শুরুতে همزة الوصل হলে, সাকিন হরফের পরে কাসরা হবে। যেমন: اِجْتِنَابٌ

৫. মাছদারের শুরুতে همزة القطعى হলে, সাকিন হরফের পরে ফাতহা হবে। যেমন: اِكْرَامٌ

# المشتقُّ وأقسَامه

**الاسم المشتق** ঃ এমন ইসমকে বলে যে ইসম মাছদার থেকে গঠিত হয় তবে মাছদারের معنى ও ماده (মূলহরফ ও মূলঅর্থ) উভয়ই অপরিবর্তিত থাকে। কেবল صورة বা আকৃতি পরিবর্তিত হয়ে নতুন একটি صورة বা আকৃতি ধারণ করবে। যেমন: রূপা দিয়ে অলংকার তৈরি করা হয়, এতে মূলরূপ ও তার মান ঠিক থাকে, শুধু নতুন একটি আকৃতি সৃষ্টি হয়।

## اقسام الاسم المشتق

ইসমে মুশতাক ছয় প্রকার।

| | |
|---|---|
| (١) اسم الفاعل | (٢) اسم المفعول |
| (٣) اسم التفضيل | (٤) اسم الآله |
| (٥) اسم الظرف | (٦) الصفة المشبهة |

## اسْم الفاعل

**اسم الفاعل**:- এমন ইসমকে বলে যে ইসম দ্বারা এমন ব্যক্তি বা বস্তুকে বোঝায় যার দ্বারা কোন কাজ সংগঠিত হয়েছে। যেমন: ضَارِبٌ ইসমটি এমন ব্যক্তিকে বোঝায় যার দ্বারা ضَرْبٌ অর্থাৎ "প্রহার করা" কাজটি সংগঠিত হয়েছে। সুতরাং ضَارِبٌ ইসমটি ইসমে ফায়েল।

ছুলাছী মুজাররাদ থেকে ইসমে ফায়েল নিম্নোক্ত ওজনে হয়ে থাকে।

* مذكر এর জন্য- فَاعِلٌ فَاعِلَانِ فَاعِلُوْنَ
* مؤنث এর জন্য- فَاعِلَةٌ فَاعِلَتَانِ فَاعِلَاتٌ

**اسم الفاعل** মুবালাগার অর্থে ব্যবহৃত হলে নিম্নোক্ত ওজনে হয়ে থাকে। এগুলোকে **اسم الفاعل المبالغة** বলে ।

| الموزون به | الموزون | المعْنى |
|---|---|---|
| فَعِلٌ | حَذِرٌ | অধিক সংযমী |
| فَعِيْلٌ | عَلِيْمٌ | অধিক জ্ঞানী |
| فَعُوْلٌ | ضَرُوْبٌ | অধিক প্রহারকারী |
| فَعَّالٌ | اَكَّالٌ | অধিক আহার গ্রহণকারী (পেটুক) |
| فُعَّالٌ | قُطَّاعٌ | অধিক খণ্ড-বিখণ্ডকারী |
| مِفْعَلٌ | مِجْزَمٌ | অধিক খণ্ড-বিখণ্ডকারী |
| مِفْعَالٌ | مِجْزَامٌ | অধিক খণ্ড-বিখণ্ডকারী |
| مِفْعِيْلٌ | مِنْطِيْقٌ | অধিক আলাপী |
| فِعِّيْلٌ | شِرِّيْرٌ | অধিক দুষ্ট |
| فُعَلَةٌ | ضُحَكَةٌ | অধিক হাসুক |
| فُعَّلٌ | قُلَّبٌ | অধিক পরিবর্তন সৃষ্টিকারী |
| فَيْعُوْلٌ | قَيُّوْمٌ | সর্বনিয়ন্তা |
| فُعُّوْلٌ | قُدُّوْسٌ | পূত পবিত্র |

অধিক মুবালাগার উদ্দেশে শেষে ة যোগ করা হয়। যেমন عَلاَّمَةٌ، مِجْزَامَةٌ, فَارُوْقَةٌ

টীকাঃ———

* সংখ্যা বাচক শব্দাবলী فاعلٌ এর ওজনে ব্যবহার হয়। যেমন: ثالثٌ، رابعٌ، خامسٌ

এবং সংখ্যা বাচক যুক্ত শব্দাবলীর প্রথম অংশ فاعلٌ এর ওজনে ব্যবহার হয়।

যেমন: حَادِي عَشَرَ ، رَابِعٌ وَّعِشْرُوْنَ

* ইসমে ফায়েল ক্ষেত্র বিশেষ নেসবতের অর্থে ব্যবহার হয়।

যেমন: تَامِرٌ অর্থ খেজুর ওয়ালা لَابِنٌ অর্থ দুধ ওয়ালা।

# اسْم المفعُول

**اسم المفعول** ঃ- এমন ইসমকে বলে যে ইসম দ্বারা এমন ব্যক্তি বা বস্তুকে বোঝায় যার উপর কোন কাজ সংঘটিত হয়েছে। যথা- مَضْرُوْبٌ ইসমটি এমন ব্যক্তিকে বোঝায় যার উপর ضَرْبٌ সংঘটিত হয়েছে। সুতরাং مَضْرُوْبٌ ইসমটি "ইসমে মাফউল"।

ছুলাছী মুজাররাদ থেকে ইসমে মাফউল নিম্নোক্ত ওজনে ব্যবহার হয়।

* مذكر এর জন্য- مَفْعُوْلٌ مَفْعُوْلاَنِ مَفْعُوْلُوْنَ

* مؤنث এর জন্য- مَفْعُوْلَةٌ مَفْعُوْلَتَانِ مَفْعُوْلاَتٌ

ক্ষেত্রবিশেষ ইসমে মাফউল নিম্নোক্ত ওজনেও ব্যবহার হয়ে থাকে।

| موزون به | موزون | بمعنى | المعْنى |
|---|---|---|---|
| فَعُوْلٌ | رَسُوْلٌ | مُرْسَلٌ | দূত |
| فَعِيْلٌ | جَرِيْحٌ | مَجْرُوْحٌ | আহত |
| فُعْلَةٌ | ضُحْكَةٌ | مَضْحُوْكٌ | হাসির বস্তু |
| فَعْلٌ | قَبْضٌ | مَقْبُوْضٌ | কবজাকৃত |
| فِعْلٌ | ذِبْحٌ | مَذْبُوْحٌ | জবাইকৃত |
| فَاعِلٌ | كَاتِمٌ | مَكْتُوْمٌ | গুপ্ত, লুকায়িত |
| فَعَلٌ | سَلَبٌ | مَسْلُوْبٌ | লুণ্ঠিত, অপহৃত |

# اسْم الآلة

**اسم الآلة** :- এমন ইসমকে বলে যে ইসম দ্বারা কোন কাজ সংগঠিত হওয়ার মাধ্যম বা যন্ত্র, হাতিয়ার বোঝায় এবং ইসমে আলা ছুলাছি মুজাররাদ ছাড়া অন্য কোন বাব থেকে আসে না। যেমন: مِفْتَاحٌ খোলার হাতিয়ার (চাবি), مِصْبَاحٌ আলো করার হাতিয়ার (বাতি)।

## اوزان اسْم الآلة

| أنواع اسم الآلة | واحد | تثنيه | جمع |
|---|---|---|---|
| ছোট হাতিয়ারের জন্য | مِفْعَلٌ | مِفْعَلَانِ | مَفَاعِلُ |
| মাঝারি হাতিয়ারের জন্য | مِفْعَلَةٌ | مِفْعَلَتَانِ | مَفَاعِلُ |
| বড় হাতিয়ারের জন্য | مِفْعَالٌ | مِفْعَالَانِ | مَفَاعِيْلُ |

কখনো কখনো اسم آله নিম্ন লিখিত ওজনে ব্যবহার হয়।

(১) فِعَالٌ যেমন: نِطَاقٌ কোমর বাধার হাতিয়ার (দোয়াল)।

خِيَاطٌ সেলাই করার হাতিয়ার (সুই)।

(২) مُفْعُلٌ যেমন: مُنْخُلٌ চালনা করার হাতিয়ার (চালনি)।

# اسْم التفضِيْل

**اسم التفضيْل**:- এমন ইসমকে বলে যে ইসম দ্বারা এমন ব্যক্তি বা বস্তুকে বোঝায় যার মধ্যে মাছদারের গুনটি অন্যের তুলনায় অধিক পরিমানে পাওয়া যায়। যেমন: زَيْدٌ اَعْلَمُ مِنْ بَكْرٍ জায়েদ বকরের তুলনায় অধিক জ্ঞানসম্পন্ন। এখানে اَعْلَمُ ইসমটি দ্বারা এমন ব্যক্তিকে বোঝানো হয়েছে, যার মধ্যে عِلْمٌ গুণটি অপরের তুলনায় তার মধ্যে অধিক পরিমাণে বিদ্যমান রয়েছে। কাজেই اَعْلَمُ ইসমটি اسم التفضيل

টীকাঃ____________________________________

ক্ষেত্র বিশেষ فَاعَلٌ এর ওজনে ইসমে আলাহ এর শব্দ ব্যবহার হয়। যেমন: خَاتَمٌ অর্থ সিল মারার হাতিয়ার (সিল)

ইসমে তাফজীল ছুলাছী মুজাররাদ থেকে নিম্নোক্ত ওজনে ব্যবহৃত হয় :

* مذكر এর জন্য- اَفْعَلُ اَفْعَلاَنِ اَفْعَلُوْنَ اَفَاعِلُ

* مؤنث এর জন্য- فُعْلٰى فُعْلَيَانِ فُعْلَيَاتٌ فُعَلٌ

## الفائدة

اسم التفضيل ছুলাছি মুজাররাদ ব্যতিত অন্য কোন بَاب থেকে ব্যবহার হয় না।

তবে অন্য কোন 'বাব' থেকে اسم التَفضِيل এর অর্থ প্রকাশের প্রয়োজন হলে, উক্ত বাবের মাছদারের শুরুতে اَكْثَرُ – اَقَلُّ – اَشَدُّ শব্দ অথবা তার সমার্থবোধক শব্দ যোগ করতে হয়। যেমন:

زَيْدٌ اَكْثَرُ اجْتِهَادًا مِنْ بَكْرٍ জায়েদ বকরের তুলনায় অধিক সচেষ্ট।

## الفائدة

لون ও عيب বা রং ও দোষ অর্থ প্রকাশক শব্দ افعل এর ওজনে ব্যবহার হলেও তা اسم التَفضِيل নয় বরং الصفة المشبهة ।

যেমন: اَسْوَدُ অর্থ ঃ কালা, اَعْوَرُ অর্থ ঃ কানা।

সুতরাং এ ধরনের শব্দে تَفضِيل এর অর্থ প্রকাশের প্রয়োজন হলে মাছদারের শুরুতে اَكْثَرُ ، اَشَدُّ ইত্যাদি শব্দ যোগ করতে হয়। যেমন:

اَشَدُّ سَوَادًا অর্থ ঃ অধিক কালো, اَكْثَرُ عَوَارًا অর্থ ঃ অধিক কানা।

## الفرق بين اسْم الفاعل المبَالغة واسْم التفضيْل

* ইসমে ফায়েল মুবালাগা ও ইসমে তাফযীলের মধ্যে পার্থক্য হল, মুবালাগার আধিক্যের গুনটি নিজ স্বত্ত্বার মধ্যে থাকে, অন্যের সাথে তুলনা করে বলা হয় না। যেমন: عَلِيْمٌ সে খুব জ্ঞান সম্পন্ন ব্যক্তি।

اَعْلَمُ সে অন্যের তুলনায় অধিক জ্ঞানি ব্যক্তি।

# اسْم الظَرْف

**اسم الظرف**:- এমন ইসমকে বলে যে ইসম দ্বারা কোন কাজ সংঘটিত হওয়ার স্থান বা কাল বোঝায়। যেমন: مَضْرِبٌ প্রহার করার স্থান বা কাল।

ছুলাছি মুজাররাদ থেকে ইসমে জরফ নিম্নোক্ত ওজনে ব্যবহার হয়।

| جمع | تثنيه | واحد |
|---|---|---|
| مَفَاعِلُ | مَفْعَلاَنِ | مَفْعَلٌ |

## الفائدة

বাবে نصر ينصر থেকে ব্যবহৃত কতিপয় ইসমে জরফ খেলাফে কেয়াছ مَفْعِلٌ (بكسر العين) এর ওজনে ব্যবহৃত হয়ে থাকে। যেমন: مَجْذِرٌ, مَطْلِعٌ, مَنْسِكٌ, مَشْرِقٌ, مَغْرِبٌ, مَسْجِدٌ ইত্যাদি।

## الفائدة

ছুলাছি মুজাররাদ ছাড়া অন্যান্য বাবের ইসমে জরফ সে বাবের ইসমে মাফউলের ওজনে ব্যবহার হয়। যথা: مُعَسْكَرٌ অর্থঃ সেনা নিবাস।

টীকাঃ———————————————

* মুজারের আঈন কালিমা মাফতুহ বা মাজমূম হলে অথবা নাকেছ হলে তার ইসমে জরফ مَفْعَلٌ এর ওজনে হবে। যেমন:

مَرْمًى ⟵ يَرْمِيْ    مَنْصَرٌ ⟵ يَنْصُرُ    مَفْتَحٌ ⟵ يَفْتَحُ

* আর মুজারের আঈন কালিমা মাকসুর অথবা মেছাল হলে তার ইসমে জরফ مفعل এর ওজনে হবে। যেমন: مَضْرِبٌ ⟵ يَضْرِبُ    مَوْقِعٌ ⟵ يَقَعُ

তবে مضاعف এর ইসমে জরফ مفعل ও مفعل উভয় ওজনে হয়ে থাকে। যেমন:

مَحِلٌّ ⟵ يَحِلُّ    مَفَرٌّ ⟵ يَفِرُّ

* ইসমে জরফে অবস্থিত বস্তুটি "অধিক পরিমানে রয়েছে" এমন অর্থ প্রকাশ করতে হলে ইসমে জরফকে مَفْعَلَةٌ এর ওজনে ব্যবহার করতে হয় যেমন: مَقْبَرَةٌ অর্থ ঃ যে স্থানে অনেক কবর রয়েছে (গোরস্থান) مَأْسَدَةٌ যে স্থানে অনেক বাঘ অবস্থান করছে (বাঘ নিবাস)

* ইসমে জরফ ক্ষেত্রবিশেষ فُعَالَةٌ এর ওজনে ব্যবাহর হয় যেমন: غُسَالَةٌ গোসলের সময় টপকিয়ে পড়া পানি।

# الصفة المشبَّهة

**الصفة المشبَّهة** :- এমন ইসমকে বলে যে ইসম দ্বারা এমন ব্যক্তি বা বস্তুকে বোঝায় যার মধ্যে মাছদারের গুণটি স্থায়িভাবে বিদ্যমান রয়েছে। যেমন: سمِيْعٌ ইসমটি এমন ব্যাক্তি বা সত্তাকে বোঝাবে যার মধ্যে سَمْعٌ অর্থাৎ শ্রবণ করার গুণটি স্থায়ীভাবে বিদ্যমান। সুতরাং سَمِيْعٌ ইসমটি ছিফাতে মুশাব্বাহা, আর سَامِعٌ ইসমে ফায়েল। ছিফাতে মুশাব্বাহা নয়। কেননা কোন ব্যক্তিকে سَامِعٌ তখনই বলা হয় যখন সে কথা শুনা অবস্থায় রত থাকে তার পূর্বেও তাকে سَامِعٌ বলা হয় না এবং পরেও سَامِعٌ বলা হয় না, তাহলে বোঝা গেল سَامِعٌ বলতে শ্রবণগুণে রত ব্যক্তিকে বোঝায়। স্থায়ী শ্রবণগুণ বিশিষ্ট ব্যক্তিকে বোঝায় না। কাজেই سَامِعٌ ছিফাতে মুশাব্বাহা নয়, বরং ইসমে ফায়েল।

## الفرق بين الصفَة المشبَّهة واسْم الفاعل

اسم الفاعل ও الصفة المشبهة এর মধ্যে মৌলিক পার্থক্য নিম্নে প্রদত্ত হল

| اسم الفاعل | الصفة المشبهة |
|---|---|
| ১। কোন গুণে রত থাকা ব্যক্তি বা বস্তুকে বোঝায়। | ১। স্থায়ী গুণবিশিষ্ট ব্যক্তি বা বস্তুকে বোঝায়। |
| ২। ইহার নির্ধারিত গঠনপ্রণালী রয়েছে। | ২। ইহার নির্ধারিত গঠন প্রণালী নেই। |
| ৩। ইহার ওজনসমূহ নির্ধারিত | ৩। ইহার ওজন নির্ধারিত নয় |
| ৪। ইহার সাথে ة মুবালাগা যুক্ত হয় | ৪। ইহার সাথে ة মুবালাগা যুক্ত হয়না |
| ৫। ইহা যে কোনো বাব থেকে হতে পারে। | ৫। ইহা শুধু ছুলাছী মুজাররাদ থেকে হয়। |
| ৬। ইহার গুণবাচক অর্থটি ওজনের কারণে হয়। | ৬। ইহার গুণবাচক অর্থটি মূল শব্দেই থাকে। |
| ৭। ইহা لازم ও متعدى উভয় থেকেই হতে পারে। | ৭। ইহা শুধু لازم থেকেই হয়। |

# اوزان الصفة المشبهة

| الابواب | المعانى | الصفات | الاوزان |
|---|---|---|---|
| كَرُمَ | শক্ত, কঠিন, কর্কশ | صَعْبٌ | فَعْلٌ |
| سَمِعَ | খালি, শূন্য | صِفْرٌ | فِعْلٌ |
| كَرُمَ | শক্ত, কঠিন, কর্কশ | صُلْبٌ | فُعْلٌ |
| كَرُمَ | ভালো, সুন্দর | حَسَنٌ | فَعَلٌ |
| كَرُمَ | খশখশে | خَشِنٌ | فَعِلٌ |
| سَمِعَ | বুদ্ধিমান, হুঁশিয়ার | نَدُسٌ | فَعُلٌ |
| ضَرَبَ | দুষিত গোশত | زِيَمٌ | فِعَلٌ |
| ضَرَبَ | মোটা মহিলা | بِلِزٌ | فِعِلٌ |
| ضَرَبَ | নির্দয় | حُطَمٌ | فُعَلٌ |
| كَرُمَ | অপবিত্র | جُنُبٌ | فُعُلٌ |
| سَمِعَ | লাল বর্ণ (পুরুষ) | اَحْمَرُ | اَفْعَلُ |
| ضَرَبَ | উত্তেজিত মহিলা | حَيَدٰى | فَعَلٰى |
| سَمِعَ | পিপাসার্ত (পুরুষ) | عَطْشَانُ | فَعْلَانُ |
| سَمِعَ | বিবস্ত্র, উলঙ্গ | عُرْيَانٌ | فُعْلَانٌ |
| كَرُمَ | বড়, মহান | كَابِرٌ | فَاعِلٌ |
| نَصَرَ | সর্দার, প্রধান | سَيِّدٌ | فَيْعِلٌ |
| كَرُمَ | ভীরু, ভীতু | جَبَانٌ | فَعَالٌ |
| نَصَرَ | সাদা বর্ণের উট | هِجَانٌ | فِعَالٌ |
| كَرُمَ | বীর সাহসী | شُجَاعٌ | فُعَالٌ |

| الاوزان | المصادر | المعانى | الابواب |
|---|---|---|---|
| فَعَّالٌ | وَضَّاعٌ | শক্তিহীন | كَرُمَ |
| فُعَّالٌ | كُبَّارٌ | বড়, মহান | كَرُمَ |
| فَعِيْلٌ | كَرِيْمٌ | উদার, মহান, দয়ালু | كَرُمَ |
| فَعُوْلٌ | غَيُوْرٌ | মর্যাদাবোধ সম্পন্ন | نَصَرَ, ضَرَبَ |
| فَعْلٰى | عَطْشٰى | পিপাসিতা মহিলা | سَمِعَ |
| فُعْلٰى | حُبْلٰى | গর্ভবতী মহিলা | سَمِعَ |
| فَعَلَانٌ | حَيَوَانٌ | প্রাণী, জীব | سَمِعَ |
| فَعْلَاءُ | حَمْرَاءُ | লাল বর্ণের মহিলা | سَمِعَ |
| فُعَلَاءُ | عُشَرَاءُ | দশ মাসের গর্ভবতী উটনী | ضَرَبَ |

# التصريف من الصفة المشبهة

| الالفاظ | الصيغة | المعنى |
|---|---|---|
| شَرِيْفٌ | واحد مذكر | সম্মানিত একজন পুরুষ |
| شَرِيْفَانِ | تثنيه مذكر | সম্মানিত দু'জন পুরুষ |
| شَرِيْفُوْنَ | جمع مذكر سالم | সম্মানিত অনেক পুরুষ |
| شُرَفَاءُ، اَشْرَافٌ، اَشْرِفَاءُ | جمع مذكر مكسر | সম্মানিত অনেক পুরুষ |
| شَرِيْفَةٌ | واحد مؤنث | সম্মানিত একজন মহিলা |
| شَرِيْفَتَانِ | تثنيه مؤنث | সম্মানিত দু'জন মহিলা |
| شَرِيْفَاتٌ | جمع مؤنث سالم | সম্মানিত অনেক মহিলা |
| شَرَائِفُ | جمع مؤنث مكسر | সম্মানিত অনেক মহিলা |
| شُرَيِّفٌ | واحد مذكر مصغر | সল্প সম্মানিত একজন পুরুষ |
| شُرَيِّفَةٌ | واحد مؤنث مصغر | সল্প সম্মানিত একজন মহিলা |

# الاسئلة للتمرين

১. জাত হিসাবে الاسم কত প্রকার? ও কি কি ? বর্ণনা কর।

২. الاسم الجامد কাকে বলে? এবং তা কত প্রকার কি কি?

৩. ছুলাছি মুজাররাদ কয় ওজনে ব্যবহৃত হয় ও সেগুলো কি কি ?

৪. الرباعی المجرد কাকে বলে? তার ওজন কয়টি কি কি ?

৫. الخماسی المجرد কাকে বলে? তার ওজন কয়টি ও কি কি?

৬. الخماسی المزید فیه কাকে বলে? তার ওজন কয়টি ও কি কি?

৭. আরবী শব্দে অতিরিক্ত হরফ সর্বাধিক কয়টি হতে পারে? উদাহরণসহ লিখ।

৮. الرباعی المزید فیه এর মধ্যে সর্বাধিক কয়টি হরফ زائده হতে পারে?

৯. الخماسی المزید فیه এর মধ্যে সর্বাধিক অতিরিক্ত হরফ কয়টি হতে পারে?

১০. المصْدر কাকে বলে? الثلاثی المجرد এর মাছদারের ওজন কয়টি ও কি কি?

১১. فَعَالَةٌ বা فِعَالَةٌ এর ওজনের মাছদার সাধারণত: কি অর্থে ব্যাবহার হয় ?

১২. فَعْلَةٌ এর ওজনের মাছদার কোন অর্থে ব্যবহার হয় ?

১৩. الاسم المشتق কাকে বলে? ইহা কয় প্রকার ও কি কি? উদাহরণসহ লিখ।

১৪. اسم الفاعل কাকে বলে? তার ওজন কয়টি ও কি কি? উদাহারণসহ লিখ।

১৫. اسم الآله কাকে বলে? এবং তা কয় প্রকার ও কি কি? উদাহরণসহ লিখ।

১৬. اسم المفعول কাকে বলে? তার ওজন কয়টি ও কি কি? উদাহরসহ লিখ।

১৭. اسم التفضيل কাকে বলে? مذکر এর জন্য ওজন কি কি এবং مؤنث এর জন্য ওজন কি কি? উদাহরণসহ লিখ।

১৮. اسم الظرف কাকে বলে? ইহার ওজন কয়টি ও কি কি?

১৯. باَب نصر থেকে اسم الظرف কোন ওজনে ব্যবহার হয়?

২০. الصفة المشبهة কাকে বলে? ইহার ওজন কয়টি ও কি কি?

২১. اسم الفاعل ও الصفة المشبهة এর মধ্যে পার্থক্য কি কি? বর্ণনা কর।

২২. ছুলাছি মুজাররাদ ছাড়া অন্যান্য বাব থেকে اسم التفضيل বানানোর নিয়মাবলি বর্ণনা কর।

الباب العاشر
خاصيات الابواب
بَاب نصر واخواته
بَاب الافتعال واخواته
بَاب الافعال واخواته
بَاب فعلل و اخواته
الاسئلة للتمرين
الاسئلة لتمرين جملة الكتاب

## الخاصة এর সংজ্ঞা

আভিধানিক অর্থঃ-বৈশিষ্ট , বিশেষ গুণ।

পরিভাষায়ঃ- শব্দটি নির্দিষ্ট কোন বাবের ওজনে ব্যবহৃত হওয়ার কারণে বিশেষ কোন অর্থ প্রকাশ করাকে ছরফীদের পরিভাষায় তাকে উক্ত বাবের খাছিয়াত বলে।

যেমনঃ বাবে كرم এর খাছিয়াত لازم হওয়া অর্থাৎ এ বাব থেকে ব্যবহৃত শব্দাবলী তার মূলঅর্থ যা হউক না কেন তা لازم এর গুণে গুণান্বিত হবে। এ বাবের কোন শব্দ متعدى হয় না।

## خاصية بَاب نَصَرَ يَنْصُرُ

**بَاب نصر** এর শব্দাবলী সাধারণত: সর্বক্ষেত্রে ব্যবহার হয় তবে তার বিশেষ একটি খাছিয়াত রয়েছে যথাঃ-

দুই বা ততোধিক ব্যক্তির কাজের প্রতিযোগিতার সাফল্যের ফলাফল بَاب نصر এর শব্দ দ্বারা প্রকাশ করা হয়। তাই بَاب المفاعلة এর পরে بَاب نصر এর শব্দ দ্বারা উভয়ের পরস্পরের প্রতিযোগিতার ফলাফলের সাফল্য বর্ণনা করা হয়। যেমন: **خَاصَمَنِيْ زَيْدٌ فَخَصَمْتُه** জায়েদ আমার সাথে ঝগড়া করল, ঝগড়ায় আমি জয়ী হলাম। **يُخَاصِمُنِيْ زَيْدٌ فَأَخْصُمُه** জায়েদ আমার সাথে ঝগড়া করে, ঝগড়ায় আমি জয়ী হই।

এ খাছিয়াতকে ছরফীদের পরিভাষায় المغالبة বলে।

সুতরাং সংজ্ঞায়িত করা যায়, দুই বা ততোধিক ব্যক্তির কাজের প্রতিযোগিতার ফলাফল যে বাবের শব্দ দ্বারা প্রকাশ করা হয় তাকে **المغالبة** বলে।

## خاصية بَاب ضَرَبَ يَضْرِبُ

بَاب ضرب এর শব্দাবলী সাধারণত: সর্বক্ষেত্রে ব্যবহার হয় তবে بَاب نصر এর মত ইহার প্রধান একটি খাছিয়াত হল المغالبة তবে এ বাবের দ্বারা المغالبة এর অর্থ প্রকাশ করতে হলে শর্ত হল, শব্দটি ناقص يائى اجوف يائي বা مثال অথবা থেকে হতে হবে। যেমন: بَايَعَنِى زَيْدٌ فَبِعْتُه জায়েদ আমার সাথে বেচাকেনা করেছে, আমি এতে প্রাধান্য লাভ করেছি।

যদি বাবে ضرب দ্বারা المغالبة এর অর্থ প্রকাশে আবশ্যক হয় কিন্তু উক্ত অর্থ প্রকাশের জন্য مثال ، اجوف يائي ، ناقص يائى এর কোন শব্দ বাবে ضرب থেকে পাওয়া না যায়, তখন ضرب এর শব্দটিকে بَاب نصر য়ে রূপান্তর করতে হবে। যেমন: يُضَارِبُنِي زَيْدٌ فَأَضْرُبُه জায়েদ আমার সাথে মারামারি করে আর মারামারিতে আমি তার উপর প্রাধান্য লাভ করে থাকি।

## خاصية بَاب سَمِعَ يَسْمَعُ

বাবে سمع يسمع থেকে ব্যবহৃত অধিকাংশ শব্দ لازم হয় আর متعدى খুবই কম হয়। নিম্নোক্ত গুণ বিশিষ্ট শব্দ সমূহ এ বাব থেকে অধিক ব্যবহার হয়।

* রোগ-ব্যাধির শব্দ । যেমন: مَرِضَ ، سَقِمَ অসুস্থ হল।

* খুশি-আনন্দের শব্দ। যেমন: فَرِحَ আনন্দিত হল।

* দুঃখ-বেদনার শব্দ। যেমন: حَزِنَ চিন্তিত হল।

* রং ও দোষের শব্দ। যেমন: كَدِرَ ময়লা ও মাটি বর্ণের হল। عَوِرَ অন্ধ হয়ে গেল।

* শারীরিক আকৃতির শব্দ। যেমন: بَلِجَ প্রশস্ত ভ্রুযুক্ত হল।

## خاصية بَاب فَتَحَ يَفْتَحُ

بَاب فتح يفتح এর শাব্দিক বৈশিষ্ট হল, এ বাব থেকে এমন সব শব্দই ব্যবহৃত হয়, যে গুলোর “আঈন” কালিমা অথবা “লাম”কালিমা হরফে হালকী (حلقى) হয়। যেমন:

مَنَعَ অর্থ- সে বাধা দিল। سَلَخَ অর্থ- সে চামড়া তুলে ফেলল। جَحَدَ অর্থ- সে অস্বীকার করল। ذَهَبَ অর্থ- সে চলে গেল ইত্যাদি।

তবে أَبٰى يَأْبٰى এবং رَكَنَ يَرْكَنُ এ শব্দ দুটি খেলাফে কেয়াছ فتح থেকে হয়েছে।

## خاصية كَرُمَ يَكْرُمُ

بَاب كرم এর প্রধান বৈশিষ্ট হল, এ বাব থেকে শুধুমাত্র لازم এর শব্দাবলী ব্যবহৃত হয়, যেমন: بَعُدَ অর্থ- সে দূর হল حَسُنَ অর্থ- সে সুন্দর হল। متعدى জাতীয় শব্দ এ বাব থেকে কখনো ব্যবহার হয় না।

এ ছাড়া নিম্নোক্ত গুণ বিশিষ্ট শব্দাবলী এ বাব থেকে ব্যবহৃত হয়।

* চারিত্রিক স্বভাবগত গুণ বৈশিষ্ট শব্দ যা সে প্রকৃতি থেকে স্থায়ী ভাবে পেয়েছে। যেমন: حَسُنَ অর্থ- সে সুন্দর ও সুশ্রী হয়েছে,

صَغُرَ অর্থ- সে ছোট হয়েছে, كَبُرَ অর্থ- সে বড় হয়েছে।

* চারিত্রিক বা স্বভাবগত গুণ জাতীয় শব্দ, যা সে স্থায়ীভাবে অর্জন করেছে। যেমন: فَقُهَ অর্থ- সে জ্ঞানী হয়েছে।

* চারিত্রিক বা স্বভাবগত গুণ জাতীয় শব্দ যা সে ক্ষনিকের জন্য অর্জন করেছে যা প্রকৃতিক গুণের সমতুল্য। যেমন: طَهُرَ অর্থ- সে পবিত্র হয়েছে, جَنُبَ অর্থ- সে অপবিত্র হয়েছে। কেননা পবিত্রতা ও অপবিত্রতা কোন কোন ক্ষেত্রে প্রকৃতিক বা সৃষ্টিগত হয়ে থাকে। যেমন: শুকর সৃষ্টিগত অপবিত্র। মানুষের ঘর্ম সৃষ্টিগত ভাবেই পবিত্র।

টীকাঃ

কোন শব্দ বাবে فتح হতে ব্যবহৃত হওয়ার জন্য আঈন অথবা লাম কালিমা হরফে হালকী হওয়া আবশ্যক কিন্তু তাই বলে কোন ছীগায় আঈন অথবা লাম কালিমা হরফে হালকী হলেই তা বাবে فتح থেকে ব্যবহৃত হতে হবে তা মোটেও জরুরী নয়। যেমন: وسع يسع তে লাম কালিমায় “হরফে হালকী” হয়েছে অথচ বাবে ফাতহা হতে ব্যবহৃত হয়নি।

# خاصية بَاب حَسِبَ يَحْسِبُ

বাবে حسب হতে শুধুমাত্র কয়েকটি শব্দই ব্যবহৃত হয়। যথাঃ

* نَعِمَ অর্থ- সে বিলাসী জীবনের অধিকারী হল।
* وَبِقَ অর্থ- সে ধ্বংস হল।
* وَمِقَ অর্থ- সে বন্ধুত্ব স্থাপন করল।
* وَفِقَ অর্থ- সে ঐক্যমত পোষণ করল।
* وَثِقَ অর্থ- সে ভরসা করল।
* وَرِثَ অর্থ- সে মালিক হল, ওয়ারিস হল ।
* وَرِعَ অর্থ- সে সংযমী হল।
* وَرِمَ অর্থ- সে স্ফীত হল, ফুলে গেল।
* وَرِيَ অর্থ- সে আগুণ জ্বালাবার পাথর হতে আগুন বের করল।
* وَلِيَ অর্থ- সে নিকটবর্তী হল।
* وَغِرَ অর্থ- সে নিকটবর্তী হল।
* وَحِرَ অর্থ- সে নিকটবর্তী হল।
* بَلِهَ অর্থ- সে নির্বোধ হল।
* وَهِلَ অর্থ- সে মনে মনে কিছু ধারণা বা কল্পনা করল, মনে মনে কিছু ভাবল।
* وَعِمَ অর্থ- সে কারো জন্য নেয়ামত প্রাপ্তির দোয়া করল।
* وَطِئَ অর্থ- সে পদদলিত করল। পা দ্বারা পিষে ফেলল।
* يَئِسَ অর্থ- সে নিরাশ হল।
* يَبِسَ অর্থ- সে শুকিয়ে গেল।

# خاصية بَاب الافعَال

এ বাবের খাছিয়াত ১৫ টি যথাঃ

(১) **التعْدِيه** ঃ- মুতাআদ্দী হওয়া এ বাবের প্রধান খাছিয়াত তবে তা বিভিন্ন পর্যায়ে হয়ে থাকে। যথাঃ

(ক) ছুলাছী মুজাররাদে যা لازم ছিল, বাবে افعال য়ে এসে তা মুতাআদ্দী এক মাফউল হবে। যেমন: خَرَجَ زَيْدٌ জায়েদ বের হল اَخْرَجْتُه আমি তাকে বের করে দিয়েছি।

(খ) ছুলাছী মুজাররাদে যা মুতাআদ্দী এক মাফউল ছিল, বাবে افعال য়ে এসে তা মুতাআদ্দী দুই মাফউল হবে, যেমন: لَبِسْتُ قَمِيْصًا আমি জামা পরিধান করেছি। اَلْبَسْتُ زَيْدًا قَمِيْصًا আমি জায়েদকে জামা পরিয়ে দিয়েছি।

(গ) ছুলাছী মুজাররাদে যা মুতাআদ্দী দুই মাফউল ছিল, বাবে افعال য়ে এসে মুতাআদ্দী তিন মাফউল হবে, যেমন: عَلِمْتُ زَيْدًا شَرِيْفًا আমি জায়েদকে ভদ্র জেনেছি। اَعْلَمْتُ رَاشِدًا زَيْدًا شَرِيْفًا আমি রাশেদকে জানিয়েছি যে, জায়েদ ভদ্র।

(২) **الالْزَام** ঃ- এ বাবের অন্যতম প্রধান বৈশিষ্ট হল الالزام। অর্থাৎ ছুলাছী মুজাররাদে যা متعدى ছিল। বাবে افعال য়ে এসে তা لازم হয়ে যাবে, যেমন: اَحْمَدَ زَيْدٌ জায়েদ প্রশংসিত হল অথচ حَمِدَ زَيْدٌ عَمْرًا এর অর্থ জায়েদ আমরের প্রশংসা করেছে।

(৩) **التصيِيْر** ঃ- ফায়েল তার মাফউলকে ফেয়েলের ماخذ এর (উৎপত্তি স্থলের) অর্থের সাথে ওয়ালা যুক্ত করে অর্থ প্রকাশ করাকে التصيير বলে। যেমন: اَشْرَكْتُ النَّعْلَ আমি জুতাকে ফিতা ওয়ালা বানিয়েছি অর্থাৎ জুতায় ফিতা লাগিয়েছি। এখানে اَشْرَكْتُ ফেয়েলের মাখাজ হল اَلشِّرَاكُ যার অর্থ ফিতা ।

(৪) **التعريض** ঃ- বাক্যে উল্লেখিত মাফউলকে তার ফেয়েলের ماخذ সংগঠিত হওয়ার স্থানের সাথে যুক্ত করে অর্থ প্রকাশ করাকে التعريض বলে। যেমন: **اَبَعْتُ الْفَرَسَ** আমি ঘোড়াকে তার বিক্রি করার স্থানে নিয়ে গেলাম। **اَبَعْتُ** ফেয়েলের মাখাজ হল **اَلْبَيْعُ** অর্থ- বিক্রি করা।

(৫) **الوجْدان** ঃ- বাক্যে উল্লেখিত মাফউলকে তার ফেয়েলের ماخذ এর গুণে গুণান্বিত পাওয়ার অর্থ প্রকাশ করাকে الوجدان বলে। যেমন: **اَبْخَلْتُ زَيْدًا** আমি জায়েদকে কৃপণ পেয়েছি। এখানে **اَبْخَلْتُ** ফেয়েলের মাখাজ হল **اَلْبُخْلُ** অর্থ- কৃপণ হওয়া।

(৬) **السلب** ঃ- ফেয়েল তার নিজ ماخذ এর অর্থকে ফায়েল অথবা মাফউল থেকে দূর করে দেয়ার অর্থ প্রকাশ করাকে السلب বলে।

ফেয়েলটি لازم হলে ফায়েল থেকে নিজ ماخذ এর অর্থকে দূর করবে। যেমন: **اَقْسَطَ زَيْد** জায়েদ নিজ সত্তা থেকে জুলুম দূর করেছে। জুলুম থেকে বিরত হয়েছে **اَقْسَطَ** এর ماخذ হল **اَلْقُسُوْطُ** অর্থ- জুলুম।

ফেয়েলটি মুতাআদ্দী হলে মাফউল থেকে নিজ ماخذ এর অর্থকে দূর করে। যেমন: **اَشْكَيْتُه** আমি তার থেকে অভিযোগ দূর করে দিয়েছি। (সমস্যার সমাধান করে দিয়েছি) **اَشْكَيْتُ** এর ماخذ হল **اَلشِّكَايَةُ** অর্থ- অভিযোগ।

(৭) **اعْطاء الماخَذ** ঃ- বাক্যে উল্লেখিত মাফউলকে তার ফেয়েলের ماخذ কোন কাজের উদ্দেশ্যে দিয়ে দেয়ার অর্থ প্রকাশ করাকে اعطاء الماخذ বলে। যেমন: **اَشْوَيْتُهُ اللَّحْمَ** আমি তাকে ভুনা করার জন্য গোস্ত দিয়েছি। **اَشْوَيْتُه** এর ماخذ হল **اَلشَّوْيُ** অর্থ- ভুনা করা।

টীকা: ———

**اَشْوَيْتُهُ اللَّحْمَ** "আমি তাকে ভুনাকৃত গোস্ত দিয়েছি" অর্থ করলে ভূল হবে কেননা এখানে কোন উদ্দেশ্য পাওয়া যায় নাই।

(৮) **البُلُوْغ** ঃ- ফায়েল তার ফেয়েলের ماخذ এর সময়ে স্থানে প্রবেশ বা পৌছানের অর্থে ব্যবহার হওয়াকে البلوغ বলে।

ইহা তিন প্রকার যথা:

(ক) بلوغ زماني যেমন: **اَصْبَحَ زَيْدٌ** জায়েদ সকালে পৌঁছেছে।

(খ) بلوغ مكاني যেমন: **اَعْرَقَ رَاشِدٌ** রাশেদ ইরাকে পৌঁছেছে।

(গ) بلوغ عددي যেমন: **اَعْشَرَتِ الدَّرَاهِمُ** দেরহাম গুলো (বৃদ্ধি পেয়ে) দশ সংখ্যা পর্যন্ত পৌঁছেছে।

এখানে **اَصْبَحَ** এর ماخذ হল **اَلصُّبْحُ** অর্থ- সকাল । **اَعْرَقَ** এর মাখাজ হল **اَلْعِرَاقُ** অর্থ- ইরাক। **اَعْشَرَتْ** এর মাখাজ হল **اَلْعَشْرَةُ** অর্থ- দশ সংখ্যা।

(৯) **الصيْرُورة** ঃ- ফায়েল তার ফেয়েলে লাযেমের ماخذ ওয়ালা হয়ে যাওয়া অথবা ماخذ এর গুণে গুণান্বিত বস্তুর মালিক হওয়া অথবা ماخذ এর সময়ে কোন বস্তুর মালিক হওয়ার অর্থ প্রকাশ করাকে الصيرورة বলে।

ইহা তিন প্রকার

(ক) كون الفاعل صاحب الماخذ অর্থাৎ ফায়েল মাখাজ ওয়ালা হওয়া। যেমন: **اَلْبَنَتِ النَّاقَةُ** বকরী দুধ ওয়ালী হয়েছে, এখানে **اَلْبَنَتْ** এর মাখাজ হল **اَللَّبَنُ** অর্থ- দুধ।

(খ) كون الفاعل مالك صفة الماخذ অর্থাৎ ফায়েল মাখাজের গুণে গুণান্বিত বস্তুর মালিক হওয়া, যেমন: **اَجْرَبَ الرَّجُلُ** লোকটি খোস পাঁচড়ায় আক্রান্ত উটের মালিক হয়েছে। **اَجْرَبَ**এর মাখাজ হল **اَلْجَرَبُ** অর্থ- খোস পাঁচড়ায় আক্রান্ত উট।

(গ) كون الفاعل مالكا وقت الماخذ অথাৎ ফায়েল মাখাজের সময়ে কোন বস্তুর মালিক হওয়া। যেমন: **اَخْرَفَتِ الشَّاةُ** হেমন্ত কালে বকরী বাচ্চা ওয়ালী হয়েছে, **اَخْرَفَتْ** এর মাখাজ হল **اَلْخَرِيْفُ** অর্থ- হেমন্তকাল।

(১০) **اللياقة** ঃ– ফায়েল তার ফেয়েলে লাজেমের ماخذ এর যোগ্যতা বা উপযোগী হওয়ার অর্থ প্রকাশ করাকে اللياقة বলে।

যেমন: **لَامَ الرَّئِيْسُ** সরদার তিরস্কারের উপযোগী হয়েছে। **لَامَ** এর মাখাজ হল **اَللَّوْمُ** অর্থ- তিরস্কার ।

(১১) **الحينونة** ঃ– ফায়েল তার ফেয়েলে লাজেমের ماخذ এর সময়ে পৌঁছে যাওয়ার অর্থ প্রকাশ করাকে الحينونة বলে। যেমন: **اَحْصَدَ الزَّرْعُ** ফসল কাটার সময়ে পৌঁছে গেছে। **اَحْصَدَ** এর মাখাজ **اَلْحَصَادُ** অর্থ- ফসল কাটা।

(১২) **المُبالغة** ঃ– ফায়েল তার ফেয়েলে লাজেমের ماخذ এর পরিমাণ বা অবস্থার আধিক্যের বর্ণনা করার অর্থ প্রকাশ করাকে المبالغة বলে। যেমন:

* **اَثْمَرَ النَّخْلُ** খেজুর বৃক্ষ অধিক পরিমাণে ফলনশীল হয়েছে। **اَثْمَرَ** এর মাখাজ হল **اَلثَّمَرُ** অর্থ- ফল।

* **اَسْفَرَ الصُّبْحُ** প্রভাত খুবই উজ্জল হয়েছে। **اَسْفَرَ** এর মাখাজ **اَلسَّفَرُ** অর্থ- উজ্জল হওয়া।

(১৩) **الابتداء** ঃ– ফেয়েলটি অত্র বাবের ওজনে হওয়ার কারণে সে তার নিজস্ব অর্থ পরিহার করে সম্পূর্ন নতুন ও স্বতন্ত্র একটি অর্থ প্রকাশ করাকে الابتداء বলে। যেমন:

* **شَفَقَ** অর্থ- সে অনুগ্রহ করল আর **اَشْفَقَ** অর্থ- সে ভয় পেল।

* **قَسَمَ** অর্থ- সে বন্টন করল আর **اَقْسَمَ** অর্থ- সে শপথ করল।

(১৪) **المُوافقة** ঃ- এক বাব অন্য বাবের অনুরূপ অর্থ প্রকাশ করাকে الموافقة বলে, বাবে افعال এর শব্দাবলী নিম্নোক্ত বাবের অনুরূপ অর্থ প্রকাশ করে থাকে।

(ক) الموافقة لمجرد যেমন: **دَجَى اللَّيْلُ ، اَدْجَى اللَّيْلُ** উভয়ের অর্থ- রাত্র অন্ধকার হয়েছে।

(খ) الموافقة لتفعيل যেমন: **كَفَّرَه ، اَكْفَرَه** উভয়ের অর্থ- সে তাকে কাফের বলেছে।

(গ) الموافقة لتفعل যেমন: **تَخَبَّيْتُ الْقَمِيْصَ ، اَخْبَيْتُ الْقَمِيْصَ** উভয়ের অর্থ- আমি জামাটিকে তাবু বানিয়ে দিয়েছি। এখানে উভয় ফেয়েলের মাখাজ হল **اَلْخِبَاءُ** অর্থ- তাবু।

(ঘ) الموافقة لاستفعال যেমন: **اِسْتَعْظَمْتُه ، اَعْظَمْتُه** উভয়ের অর্থ- আমি তাকে মহৎ মনে করেছি।

(১৫) **المُطاوعة** ঃ- কোন বাবের ভাবার্থ দ্বারা ফায়েলের সৃষ্ট প্রভাব অন্য বাবের ভাবার্থ দ্বারা গ্রহণ করার বা প্রভাবিত হওয়ার অর্থ প্রকাশকে المطاوعة বলে।

বাবে افعال দ্বারা দুইটি বাবের مطاوعت বা আনুগত্যশীলতা প্রকাশ করা হয়। যথাঃ-

(ক) المطاوعة لمجرد অর্থাৎ মুজাররদের প্রতি আনুগত্যশীল যেমন: **كَبَبْتُه فَاَكَبَّ** আমি তাকে উপুড় করেছি ফলে সে উপুড় হয়েছে।

(খ) المطاوعة لتفعيل অর্থাৎ বাবে تفعيل এর প্রতি আনুগত্যশীল যেমন: **بَشَّرْتُه فَاَبْشَرَ** আমি তাকে আনন্দের সংবাদ জানিয়েছি ফলে সে আনন্দিত হয়েছে।

## خاصية بَاب التفعيْل

এ বাবের খাছিয়াত ১৩ টি। যথাঃ-

(১) **التعْدية** ঃ– অর্থাৎ যে শব্দ মুজাররাদে লাযেম এর অর্থ প্রকাশ করে তা বাবে تفعيل য়ে এসে মুতাআদ্দির অর্থ প্রকাশ করবে। যেমন:

فَرِحَ زَيْدٌ জায়েদ আনন্দিত হয়েছে আর فَرَّحْتُ زَيْدًا অর্থ- আমি জায়েদকে আনন্দিত করেছি।

(২) **التصيِيْر** ঃ- বাক্যে উল্লেখিত মাফউলকে তার ফেয়েলের ماخذ অর্থের সাথে ওয়ালা যুক্ত করে অর্থ প্রকাশ করাকে التصيير বলে।

যেমন: وَتَّرْتُ الْقَوْسَ আমি ধনুককে তার ওয়ালা বানিয়েছি। وَتَّرْتُ এর মাখাজ হল اَلْوَتْرُ অর্থ- কামানের তার

(৩) **السلب** ঃ- ফেয়েল তার নিজ ماخذ এর অর্থকে ফায়েল অথবা মাফউল থেকে দূর করে দেয়ার অর্থ প্রকাশ করাকে السلب বলে।

যেমন: قَذَّيْتُ عَيْنَه আমি তার চোখ থেকে আবর্জনা দূর করে দিয়েছি। قَذَّيْتُ এর মাখাজ হল اَلْقَذٰى অর্থ- আবর্জনা ।

(৪) **الصيرورة** ঃ- ফায়েল তার ফেয়েলে লাযেমের ماخذ ওয়ালা হয়ে যাওয়া অথবা ماخذ এর গুণে গুণান্নিত বস্তুর মালিক হওয়া অথবা ماخذ এর সময়ে কোন বস্তুর মালিক হওয়ার অর্থ প্রকাশ করাকে الصيرورة বলে। যেমন: نَوَّرَ الشَّجَرُ গাছটি ফুল ওয়ালা হয়েছে نَوَّرَ এর মাখাজ اَلنَّوْرُ অর্থ- ফুল বা ফুলের কলি।

(৫) **البلوغ** ঃ- ফায়েল তার ফেয়েলের ماخذ এর সময়ে, স্থানে প্রবেশ বা পৌছানের অর্থে ব্যবহার হওয়াকে البلوغ বলে। যেমন:

* خَيَّمَ زَيْدٌ জায়েদ তাবুতে প্রবেশ করেছে। خَيَّم এর মাখাজ হল اَلْخَيْمَةُ অর্থ- তাবু।

* عَمَّقَ رَاشِدٌ রাশেদ কথার গভীরে পৌছেছে عَمَّقَ এর মাখাজ اَلْعُمُقُ অর্থ- গভীর।

(৬) **المبالغة** ঃ– কোন বস্তু বা ব্যক্তির ক্রিয়ার আধিক্যতা বর্ণনা করাকে মুবালাগা বলে।

মুবালাগা তিন প্রকার যথাঃ–

(ক) ফেয়েলের মধ্যে মুবালাগা। যেমন: صَرَّحَ الأَمْرُ বিষয়টি খুব প্রকাশ পেয়েছে।

(খ) ফায়েলের মধ্যে মুবালাগা। যেমন: مَوَّتَ الابِلُ অর্থ- বহু উট মরে গেছে।

(গ) মাফউলের মধ্যে মুবালাগা। যেমন: قُطِّعَتِ الثِّيَابُ বহু সংখ্যক কাপড় কেটেছে।

(৭) **النسبة الى الماخذ** ঃ– মাফউলকে ماخذ এর ভাবার্থের দিকে নেসবত করা। যেমন: فَسَّقْتُ زَيْدًا আমি জায়েদকে ফেসকের দিকে নেসবত করেছি। فَسَّقْتُ এর মাখাজ হল اَلْفِسْقُ অর্থ- পাপ, ফেস্ক।

(৮) **الباس الماخذ** ঃ- মাফউলকে মাখাজ পরিধাণ করে দেওয়া।

যেমন: جَلَّلْتُ الْفَرَس আমি ঘোড়ার গায়ে পোশাক পরিয়ে দিয়েছি। جَلَّلْتُ এর মাখাজ اَلْجُلُّ অর্থ- ঘোড়ার পোশাক।

(৯) **تخليط الماخذ** ঃ- মাফউলকে মাখাজ দ্বারা প্রলেপ দেয়া।

যেমন: ذَهَّبْتُ السَّيْفَ আমি তরবারীটিকে স্বর্ণ দ্বারা প্রলেপ দিলাম। ذَهَّبْتُ এর মাখাজ হল اَلذَّهَبُ অর্থ- স্বর্ণ।

(১০) **التحويل**:- মাফউলকে মাখাজ বানিয়ে ফেলা অথবা মাখাজের মত বানিয়ে ফেলা। যেমন:

* نَصَّرَ زَيْدٌ رَاشِدًا জায়েদ রাশেদকে নাছারা বানিয়ে ফেলেছে। نَصَّرَ এর মাখাজ اَلنَّصَارٰى অর্থ- নাছারা ধর্ম। ইহা প্রথমটির উদাহরণ।

* خَيَّمْتُ الرِّدَاءَ আমি চাদরকে তাবুর মত বানিয়ে ফেলেছি। خَيَّمْتُ এর মাখাজ اَلْخَيْمَةُ অর্থ- তাবু। ইহা দ্বিতীয়টির উদাহরণ।

(১১) **الْقَصْرُ**:- এক শব্দে পূর্ণ একটি বক্তব্যকে অভিব্যক্ত করাকে القصر বলে। যেমন:

* **هَلَّلَ** অর্থ- সে لَآ اِلٰهَ اِلاَّ اللّٰهُ পড়েছে।

* **سَبَّحَ** অর্থ- সে سُبْحَانَ اللّٰهِ পড়েছে।

(১২) **الْمُوافقة** ঃ- এক বাব অন্য বাবের অনুরূপ অর্থ প্রকাশ করাকে الموافقة বলে।

বাবে تفعيل নিম্নোক্ত বাবের অনুরূপ অর্থ প্রকাশ করে। যথাঃ–

(ক) الموافقة لافعال যেমন: اَثْمَرَ ، ثَمَّرَ উভয়ের অর্থ- ভিজা খেজুর শুকিয়ে গেছে।

(খ) الموافقة لمجرد যেমন: ثَمَرْتُه ، ثَمَّرْتُه উভয়ের অর্থ- আমি তাকে খেজুর দিয়েছি।

(গ) الموافقة لتفعل যেমন: تَتَرَّس ، تَرَّسَ উভয়ের অর্থ- সে ঢালটি কাজে লাগিয়েছে। تَرَّسَ এর মাখাজ হল اَلتُّرْسُ অর্থ- ঢাল।

(১৩) **الابتداء**:- ফেয়েলটি অত্র বাবের ওজনে হওয়ার কারণে সে তার নিজস্ব অর্থ পরিহার করে সম্পূর্ন নতুন ও স্বতন্ত্র একটি অর্থ প্রকাশ করাকে الابتداء বলে। যেমন:

* **كَلَمَ** অর্থ- সে জখম করেছে। **كَلَّمْتُه** অর্থ- আমি তার সাথে কথা বলেছি।

* **جَرِبَ** অর্থ- সে খোস-পাঁচড়ায় আক্রান্ত হল। **جَرَّبَ** অর্থ- সে পরীক্ষা করেছে।

# خاصية بَاب تفعل

এ বাবের খাছিয়াত ১১ টি যথাঃ–

(১) **المُطاوعة** ঃ– অপর কোন বাবের ফায়েলের সৃষ্ট প্রভাব মাফউল গ্রহণ করেছে বা প্রভাবে প্রভাবিত হয়েছে, অর্থ প্রকাশ করাকে المطاوعة বলে। এ বাব একমাত্র بَاب تفعيل এর মুতাওয়াত করে। তবে তা দু' ভাবে।

(ক) মাফউল এর গ্রহণকৃত اثر টি এমন যে, সে তা গ্রহণ করতে বাধ্য। যেমন: **قَطَّعْتُه فَتَقَطَّعَ** আমি তা কেটে ফেলেছি ফলে তা কেটে গেছে। কোন কিছু কেটে ফেললে তা কেটেই যায়। তাই কাটার اثر টি সে গ্রহণ করতে বাধ্য।

(খ) মাফউলের গ্রহণকৃত اثر টি এমন যে, সে তা গ্রহণ করতে বাধ্য নয়। যেমন: **عَلَّمْتُه فَتَعَلَّم** আমি তাকে শিখিয়েছি আর সে শিখেছে। এই শিক্ষা গ্রহণে সে বাধ্য নয়।

(২) **التكلف** ঃ– বাস্তবে মাখাজের গুণ বিদ্যমান না থাকা সত্ত্বেও নিজেকে সে গুণের অধিকারী হওয়ার লৌকিকতা প্রকাশ করাকে التكلف বলে। যেমন:

* تَكَوَّفَ زَيْدٌ জায়েদ লৌকিকতা করে কুফাবাসী সেজেছে। تَكَوَّفَ এর মাখাজ اَلْكُوْفَةُ অর্থ- কুফাবাসী।

* **تَجَوَّعَ زَيْد** জায়েদ ক্ষুধার্থ হওয়ার ভান ধরেছে। **تَجَوَّعَ** এর মাখাজ اَلْجُوْعُ অর্থ- ক্ষুধার্থ হওয়া।

(৩) **التجَنب** ঃ– মাখাজ থেকে নিজেকে বিরত রাখবে এমন অর্থ প্রকাশ করাকে التجنب বলে। যেমন: **تَحَوَّبَ زَيْدٌ** জায়েদ গুনাহ থেকে বিরত রয়েছে। تَحَوَّبَ এর মাখাজ হল **اَلْحُوْبُ** অর্থ- গুনাহ।

(৪) **لبس الماخذ** ঃ– ফায়েল তার ফেয়েলের মাখাজ পরিধাণ করা। যেমন: تَخَتَّمَ زَيْدٌ জায়েদ আংটি পরেছে। **تَخَتَّمَ** এর মাখাজ হল **اَلْخَتْمُ** অর্থ- আংটি।

(৫) **التعمل** ঃ– ফায়েল মাখাজকে নিজের কাজে ব্যবহার করাকে التعمل বলে। যেমন:

* تَدَهَّنَ زَيْدٌ জায়েদ তৈল ব্যবহার করল। تَدَهَّنَ এর মাখাজ হল اَلدُّهْنُ অর্থ- তৈল।

* تَتَرَّسَ عَمْرٌو আমর ঢালকে কাজে লাগিয়েছে। تَتَرَّسَ এর মাখাজ হল اَلتُّرْسُ অর্থ- ঢাল।

(৬) **الاتخاذ** ঃ মাখাজ এর ভাবার্থকে বানানো, গ্রহণ করা, রাখা ইত্যাদি অর্থে ব্যবহার করাকে الاتخاذ বলে।

ইহা বিভিন্ন ভাবে হয়ে থাকে। যথাঃ–

(ক) মাখাজকে বানানো অর্থে ব্যবহার করা। যেমন: تَبَوَّبَ সে দরজা বানালো। মাখাজ اَلْبَابُ অর্থ- দরজা।

(খ) মাখাজকে নেয়ার অর্থে ব্যবহার করা। যেমন: تَجَنَّبَ সে নিজেকে একটি পক্ষে নিয়ে গেল। تَجَنَّبَ এর মাখাজ اَلْجَانِبُ অর্থ- একপক্ষ, একদিকে।

(গ) মাখাজকে মাফউলের জন্য"বানানো" অর্থে ব্যবহার করা। যেমন: تَوَسَّدَ الْحَجَرَ সে পাথরকে বালিশ বানালো। تَوَسَّدَ এর মাখাজ اَلْوِسَادَةُ অর্থ- বালিশ ।

(ঘ) মাখাজকে "রাখা" র অর্থে ব্যবহার করা। যেমন: تَأَبَّطَ الصَّبِيَّ সে বাচ্চাকে বগলে রাখল। تَأَبَّطَ এর মাখাজ اَلاِبْطُ অর্থ- বগল।

(৭) **التدريج** ঃ– কোন কাজ ধীরে ধীরে বা থেমে থেমে বা অল্প অল্প ভাবে করাকে التدريج বলে। যেমন:

* تَجَرَّعَ الْمَاءَ সে ধীরে ধীরে পানি পান করেছে।

* تَحَفَّظَ সে অল্প অল্প করে মুখস্থ করেছে।

(৮) **التحول** ঃ ফায়েল তার ফেয়েলে লাযেমের মাখাজ হয়ে যাওয়া বা মাখাজের সমতুল্য হয়ে যাওয়ার অর্থ প্রকাশকে التحول বলে। যেমন:

* **تَنَصَّرَ زَيْدٌ** জায়েদ খ্রিষ্টান হয়ে গেল। মাখাজ **اَلنَّصَارٰى** অর্থ- খ্রিষ্টান।

* **تَبَحَّرَ زَيْدٌ** জায়েদ সমুদ্রতুল্য হয়ে গেল। মাখাজ **اَلْبَحْرُ** অর্থ- সমুদ্র।

(৯) **الصيْرورة** ঃ ফায়েল তার ফেয়েলে লাযেমের মাখাজ ওয়ালা হয়ে যাওয়ার অর্থ প্রকাশকে الصيرورة বলে। যেমন: **تَمَوَّلَ زَيْدٌ** জায়েদ মাল ওয়ালা হল। মাখাজ **اَلْمَالُ** অর্থ- সম্পদ, মাল।

(১০) **المٰوافقة** ঃ- এক বাব অন্য বাবের অনুরূপ অর্থ প্রকাশ করাকে الموافقة বলে।

এ বাব কয়েকটি বাবের মুওয়াফেকাত করে থাকে। যথাঃ-

(ক) الموافقة لمجرد যেমন: **قَبِلَ، تَقَبَّلَ** উভয়ের অর্থ- সে গ্রহণ করেছে।

(খ) الموافقة لافعال ঃ যেমন: **اَبْصَرَ، تَبَصَّرَ** উভয়ের অর্থ- সে দেখেছে।

(গ) الموافقة لتفعيل ঃ যেমন: **كَذَّبَ، تَكَذَّبَ** উভয়ের অর্থ- সে তাকে মিথ্যুক বলেছে।

(ঘ) الموافقة لاستفعال ঃ- যেমন: **اِسْتَحْوَجَ ، تَحَوَّجَ** উভয়ের অর্থ- সে প্রয়োজন ব্যক্ত করেছে।

(১১) **الابتداء** :- ফেয়েলটি অত্র বাবের ওজনে হওয়ার কারণে সে তার ছুলাছী মুজাররাদের অর্থ পরিহার করে সম্পূর্ণ নতুন আঙ্গিকে স্বতন্ত্র ভাবে অর্থ প্রকাশ করাকে الابتداء বলে। ইহা অত্র বাব থেকে দুই ছুরতে হয়ে থাকে। যথাঃ

* ছুলাছী মুজাররাদ থেকে তার ব্যবহার আগে হয় নাই শুধু মাত্র অত্র বাব থেকে এ শব্দের ব্যবহার হয়। যেমন: **تَشَمَّسَ زَيْدٌ** জায়েদ সূর্যের আলোতে বসেছে। ইহার মুজাররাদ **شَمس** আরবী ভাষায় ব্যবহার হয় না।

* ছুলাছী মুজাররাদ থেকে তার ব্যবহার আছে। তবে এ অর্থে নয় বরং অন্য অর্থে। যেমন: **تَكَلَّمَ زَيْدٌ** জায়েদ কথা বলেছে আর মুজাররাদ থেকে **كَلَمَ زَيْدٌ** জায়েদ আহত হয়েছে।

## خاصية بَاب المفاعَلة

এ বাবের খাছিয়াত ৪টি। যথাঃ–

(১) **المشاركة** ঃ– দু'জন মিলে তাদের কাজকে একে অপরের উপর পতিত করেছে অর্থ প্রকাশ করাকে المشاركة বলে।

অর্থাৎ দুজনে কাজটি করেছে আবার দু'জনে কাজটি একে অপরের উপর প্রয়োগ করেছে। যেমন মারা-মারি কথাটি বুঝায়- উভয়ে একে অপরকে মেরেছে আবার একে অপরের মার খেয়েছে। এ ধরনের অর্থ প্রকাশকে المشاركة বলে। তবে ইবারতের মধ্যে প্রথম জনকে ফায়েল ও অপরজনকে মাফউল হিসাবে এরাব দিতে হবে। যেমন:

* ضَارَبَ زَيْدٌ عَمْرًا জায়েদ ও আমর পরস্পর মারামারি করেছে।

* قَاتَلَ زَيْدٌ عَمْرًا জায়েদ ও আমর পরস্পর যুদ্ধ করেছে।

(২) **الموافقة** ঃ– এক বাব অন্য বাবের অনুরূপ অর্থ প্রকাশ করাকে الموافقة বলে।

এ বাব কয়েকটি বাবের মুওয়াফেক্বাত করে থাকে। যথাঃ–

(ক) الموافقة لمجرد যেমন: سَفَرَ، سَافَرَ উভয়ের অর্থ-সে ভ্রমণ করেছে।

(খ) الموافقة لافعال ঃ যেমন: اَبْعَدْتُه ، بَاعدْتُه উভয়ের অর্থ- আমি তাকে দূরে সরিয়ে দিয়েছি।

(গ) الموافقة لتفعيل ঃ– যেমন: ضَاعَفْتُه – ضَعَّفْتُه উভয়ের অর্থ- আমি তাকে দ্বিগুণ করে দিয়েছি।

(ঘ) الموافقة لتفاعل ঃ যেমন: تَشَاتَمَ زَيْدٌ وعَمْرٌو، شَاتَمَ زَيْدٌ عَمْرًا উভয়ের অর্থ- জায়েদ ও আমর পরস্পর গালাগালি করেছে।

(৩) **التصيير** ঃ– ফায়েল তার মাফউলকে ফেয়েলের ماخذ ওয়ালা বানিয়ে দেয়া কে التصيير বলে। যেমন: عَافَاكَ اللهُ আল্লাহ তোমাকে (عافيت والا) সুস্থ বানিয়ে দিন। মাখাজ হল اَلْعَافِيَةُ অর্থ- সুস্থ।

(৪) **الابتداء** ঃ– ফেয়েলটি অত্র বাবের ওজনে হওয়ার কারণে তার ছুলাছী মুজাররাদের অর্থ পরিহার করে সম্পূর্ণ নতুন আঙ্গিকে স্বতন্ত্র ভাবে অর্থ প্রকাশ করাকে الابتداء বলে। যেমন: قَاسَى زَيْدٌ জায়েদ ধৈর্য্যধারণ করেছে আর قَسَا زَيْدٌ অর্থ- জায়েদ কঠিন হয়েছে।

# خاصية بَاب التفاعُل

এ বাবের খাছিয়াত ৬টি যথাঃ–

(১) **التَشارُك** ঃ– ইহা মুফাআলার المشاركة এর অনুরূপ অর্থাৎ দু'জন মিলে তাদের কাজকে একে অপরের উপর পতিত করেছে অর্থ প্রকাশ করাকে التشارك বলে।

তবে উভয়ের মাঝে পার্থক্য হল, মুফাআলায় দু'জনের প্রথম জনকে ফায়েল অপর জনকে মাফউল হিসাবে এরাব দিয়ে পড়তে হয় আর এ বাবে উভয়কে ফায়েল হিসাবে এরাব দিয়ে পড়তে হয় এবং উভয়ের মাঝে "واو" যোগ করতে হয়। যেমন: **تَشَاتَمَ زَيْدٌ وَعَمْرٌو** জায়েদ ও আমর পরস্পর গালাগালি করেছে।

(২) **الشرْكة** ঃ– দু'জন মিলে যৌথভাবে কোন কাজ করাকে الشركة বলে। যেমন: **تَرافَعَا شَيْئًا** তারা দু'জন মিলে একটি বস্তু উত্তোলন করেছে।

(৩) **التخييْل** ঃ– বাস্তবে মাখাজের গুণ বিদ্যমান না থাকা সত্ত্বেও নিজেকে সে গুণের অধিকারী হওয়ার লৌকিকতা প্রকাশ করাকে التخييل বলে। যেমন: **تَمارَضَ زَيْدٌ** জায়েদ নিজেকে রোগী সাজিয়েছে অথচ সে সুস্থ।

(৪) **المطاوعة** ঃ অপর কোন বাবের ফায়েলের সৃষ্ট প্রভাব মাফউল গ্রহণ করেছে বা প্রভাবে প্রভাবিত হয়েছে, অর্থ প্রকাশ করাকে المطاوعة বলে।

তবে এ বাবটি মুতাওয়াত করে থাকে বাবে مفاعله এর এমন শব্দের যে শব্দটি বাবে افعال এর অর্থ প্রদান করে। যেমন: **بَاعَدْتُه فَتَبَاعَدَ** অর্থ- আমি তাকে দূরে সরিয়ে দিয়েছি ফলে সে দূরে সরে গেছে। **بَاعَدْتُه** ফেয়েলটি **اَبْعَدْتُه** এর অর্থ প্রদান করেছে। **اَبْعَدْتُ** ও **بَاعَدْتُ** উভয়ের অর্থ- আমি দূরে সরিয়ে দিয়েছি।

(৫) **المُوافقة** ঃ– এক বাব অন্য বাবের অনুরূপ অর্থ প্রকাশ করাকে الموافقة বলে। এ বাব সাধারণত: নিম্মোক্ত কয়েকটি বাবের মুওয়াফেকাত করে থাকে।

* الموافقة لمجرد যেমন: **عَلاَ، تَعَالَى** উভয়ের অর্থ- সে উঁচু হয়েছে।

* المو افقة لافعال যেমন: اَيْمَنَ ، تَيَامَنَ উভয়ের অর্থ- সে ইয়ামেনে প্রবেশ করেছে।

(৬) **الابتداء** ঃ- ফেয়েলটি অত্র বাবের ওজনে হওয়ার কারণে তার ছুলাছী মুজাররাদের অর্থ পরিহার করে সম্পূর্ণ নতুন আঙ্গিকে স্বতন্ত্র ভাবে অর্থ প্রকাশ করাকে الابتداء বলে। যেমন: تَبَارَكَ اللّٰهُ আল্লাহ তা'আলা বরকতময় আর بَرَكَ অর্থ- উট বসল।

## الشرْكة ও التشَارك এর মধ্যে পার্থক্য

التشارك প্রকৃত পক্ষে উভয়ে ফায়েল হয় আবার উভয়ে মাফউল হয়। যদিও ইবারতে উভয়কে ফায়েল হিসাবে এরাব দেয়া হয়।

الشركة উভয়ে ফায়েল হয়। মাফউল হয় না। বরং তৃতীয় একটি বস্তু মাফউল হয়।

## الفائدة

বাবে مفاعله তে যে ফেয়েলটি দু'মাফউলের দিকে متعدى হয় তা বাবে تفاعل য়ে এসে এক মাফউলের দিকে متعدى হবে, আর যে ফেয়েলটি এক মাফউলের দিকে متعدى হয় তা تفاعل য়ে এসে لازم হয়ে যাবে। যেমন: جَاذَبْتُ زَيْدًا ثَوْبًا আমি জায়েদের কাপড় টেনে ধরেছি, আর تَجَاذَبْتُ اَنَا وَزَيْدٌ ثَوْبًا অর্থ- আমি ও জায়েদ মিলে একটি কাপড় টেনে ধরেছি। প্রথম বাক্যে মাফউল ছিল দুটি। দ্বিতীয় বাক্যে এসে মাফউল একটি হয়ে গেছে।

এমনিভাবে قَاتَلْتُ زَيْدًا এখানে মাফউল একটি আর বাবে تفاعل হতে تَقَاتَلْتُ اَنَا وَزَيْدٌ এখানে মোটেও মাফউল নেই।

## التخييْل ও التكلُّف এর মধ্যে পার্থক্য

التكلف য়ে সাধারণতঃ প্রিয় বস্তুর লৌকিকতা প্রকাশ করা হয়।

التخييْل য়ে প্রয়োজনের খাতিরে অ-প্রিয় বস্তুর লৌকিকতা প্রকাশ করা হয়।

## خاصية بَاب الافتعَال

এ বাবের খাছিয়াত ৬টি যথাঃ–

(১) **الاتخاذ** ঃ– মাখাজের ভাবার্থকে বানানো, গ্রহণ করা, রাখা, ধরা, নেয়া ইত্যাদি অর্থে ব্যবহার করাকে الاتخاذ বলে।

ইহা বিভিন্ন ভাবে হয়ে থাকে। যথাঃ–

(ক) মাখাজকে বানানো অর্থে ব্যবহার করা। যেমন: اِجْتَحَرَ সে ছিদ্র বানিয়েছে। মাখাজ اَلْجُحْرُ অর্থ- ছিদ্র।

(খ) মাফউলকে মাখাজ বানানোর অর্থে ব্যবহার করা। যেমন: اِغْتَذَى الشَّاةَ সে বকরিকে খাদ্য বানালো। মাখাজ اَلْغِذَاءُ অর্থ- খাদ্য।

(গ) মাখাজকে "নেয়া"র অর্থে ব্যবহার করা। যেমন: اِجْتَنَبَ সে একদিকে নিয়েছে। (এক পক্ষ নিয়েছে) মাখাজ اَلْجَانِبُ অর্থ- একপক্ষ,

(ঘ) মাফউলকে মাখাজে নেয়ার অর্থে ব্যবহার করা। যেমন: اِعْتَضَدَه সে তাকে বাহুতে নিল। মাখাজ اَلْعَضُدُ অর্থ- বাহু।

(২) **التصرف** ঃ– মাখাজ হাসিল করার জন্য চেষ্টা করাকে التصرف বলে। যেমন: اِكْتَسَبَ সে উপার্জনের জন্য চেষ্টা করল। মাখাজ اَلْكَسْبُ অর্থ- উপার্জন করা।

(৩) **التخيير** ঃ নিজের জন্য কাজ করার অর্থ প্রকাশকে التخيير বলে। যেমন: اِكْتَالَ সে নিজের জন্য মেপেছে। মাখাজ اَلْكَيْلُ অর্থ- মাপা।

(৪) **المطاوعة** ঃ– কোন বাবের ভাবার্থ দ্বারা ফায়েলের সৃষ্ট প্রভাব মাফউল গ্রহণ করেছে অথবা প্রভাবে প্রভাবিত হয়েছে, অর্থ প্রকাশ করাকে المطاوعة বলে।

এ বাব একমাত্র المجرد এর মুতাওয়াত করে। যেমন: غممته فاغْتَمَّ আমি তাকে চিন্তিত করেছি ফলে সে চিন্তিত হয়ে গেছে।

(৫) **المُوافقة** ঃ- এক বাব অন্য বাবের অনুরূপ অর্থ প্রকাশ করাকে الموافقة বলে।

এ বাব সাধারণত: নিম্নোক্ত কয়েকটি বাবের মুওয়াফেকাত করে থাকে। যথাঃ-

(ক) الموافقة لمجرد যেমন: بَلِجَ ، ابْتَلَجَ উভয়ের অর্থ- সে প্রশস্ত ভ্রুযুক্ত হল।

(খ) الموافقة لافعال যেমন: اَحْجزَ – احْتَجزَ উভয়ের অর্থ- সে হেজাজে প্রবেশ করেছে।

(গ) الموافقة لتفعل যেমন: تَرَدّٰى – ارْتَدٰى উভয়ের অর্থ- সে চাদর পরিধাণ করল।

(ঘ) الموافقة لتفاعل যেমন:تَخَاصَمَ زَيْدٌ وَبَكْرٌ، اخْتَصَمَ زَيْدٌ وَبَكْرٌ উভয়ের অর্থ- জায়েদ ও বকর ঝগড়া করলো।

(ঙ) الموافقة لاستفعال যেমন: اِسْتَاجَرَ ، اِيْتَجَرَ উভয়ের অর্থ- সে মজুরী চেয়েছে।

(৬) **الابتداء** ঃ- ফেয়েলটি অত্র বাবের ওজনে হওয়ার কারণে তার ছুলাছী মুজাররাদের অর্থ পরিহার করে সম্পূর্ণ নতুন আঙ্গিকে স্বতন্ত্র ভাবে অর্থ প্রকাশ করাকে الابتداء বলে।

যেমন: اِسْتَلَمَ সে চুম্বন করেছে। سَلِمَ সে মুক্তি পেয়েছে।

# خاصية بَاب الاستفعَال

এ বাবের খাছিয়াত ১০ টি যথাঃ-

(১) **الطلب** ঃ– ফায়েল তার মাখাজের সন্ধান করা বা চাওয়াকে الطلب বলে। যেমন: **اِسْتَطْعَمَ** সে খানা চেয়েছে। মাখাজ **الطعام** অর্থ- খানা, খাদ্য।

(২) **اللياقة** ঃ– ফায়েল তার ফেয়েলে লাযেমের মাখাজের যোগ্য বা উপযোগী হওয়ার অর্থ প্রকাশ করাকে اللياقة বলে।

যেমন: **اِسْتَرْقَعَ الثَّوْبَ** কাপড়টি তালী লাগাবার উপযোগী হয়েছে। ইহার মাখাজ হল, **اَلرُّقْعَةُ** অর্থ- তালী।

(৩) **الوجدَان** ঃ–ফায়েল তার মাফউলকে ফেয়েলের মাখাজের গুণে গুণান্বিত পাওয়ার অর্থ প্রকাশ করাকে الوجدان বলে। যেমন: **اِسْتَكْرَمْتُه** আমি তাকে দয়ার গুণে গুণান্বিত পেয়েছি।

(৪) **الحسبَان** ঃ– ফায়েল তার মাফউলকে মাখাজের গুণে গুণান্বিত পাওয়ার ধারণা করার অর্থ প্রকাশকে الحسبان বলে।

যেমন: **اِسْتَحْسَنْتُه** আমি তাকে ভাল ধারণা করেছি।

(৫) **التحول** ঃ– ফায়েল তার মাখাজের ভাবার্থে হয়ে যাওয়া অথবা মাখাজের মত হয়ে যাওয়াকে التحول বলে। যেমন:

* **اِسْتَحْجَرَ الطِّيْنُ** কাদা পাথর হয়ে গেল। মাখাজ **اَلْحَجَرُ** অর্থ- পাথর।
* **اِسْتَنْوَقَ الْجَمَلُ** উটটি দুর্বল হয়ে উটনীর মত হয়ে গেল। ইহার মাখাজ **الناقة** অর্থ- উটনী।

(৬) **الاتخاذ** ঃ– মাখাজের ভাবার্থকে বানানো, গ্রহণ করা, রাখা, ধরা, নেয়া ইত্যাদি অর্থে ব্যবহার করাকে الاتخاذ বলে। ইহা বিভিন্ন ভাবে হয়ে থাকে যথাঃ–

(ক) মাখাজকে বানানোর অর্থে ব্যবহার করা।

যেমন: **اِسْتَوْطَنَ الْهِنْدَ** সে হিন্দুস্থানকে বাসস্থান বানাল।

(খ) মাখাজকে নেয়ার অর্থে ব্যবহার করা।

যেমন: **اِسْتَمْلَكَ الدَّارَ** বাড়িটি নিজের মালিকানায় নিল।

(৭) **القصر** ঃ– এক শব্দে পূর্ণ একটি বক্তব্যের ভাবার্থকে অভিব্যক্ত করাকে القصر বলে। যেমন: **اِسْتَرْجَعَ** সে **اِنَّا لِلّٰهِ وَاِنَّا اِلَيْهِ رَاجِعُوْنَ** পড়ল।

(৮) **المطاوعة** ঃ– কোন বাবের ভাবার্থ দ্বারা ফায়েলের সৃষ্ট প্রভাব মাফউল গ্রহণ করেছে অথবা প্রভাবে প্রভাবিত হয়েছে, অর্থ প্রকাশ করাকে المطاوعة বলে। এ বাব একমাত্র বাবে افعال এর মুতাওয়াত করে থাকে। যেমন: **اَقَمْتُه فاسْتقام** আমি তাকে দাঁড় করেছি ফলে সে দাঁড়িয়েছে।

(৯) **الموافقة** ঃ– এক বাব অন্য বাবের অনুরূপ অর্থ প্রকাশ করাকে الموافقة বলে। এ বাব সাধারণত: নিম্নোক্ত কয়েকটি বাবের মুওয়াফেকাত করে থাকে।

(ক) الموافقة لمجرد যেমন: **قَدَّ، اِسْتَقَدَّ** উভয়ের অর্থ- সে থেমে গেছে।

(খ) الموافقة لافعال যেমন: **اَجَابَ ، اِسْتَجَابَ** উভয়ের অর্থ- সে জবাব দিয়েছে।

(গ) الموافقة لتفعيل যেমন: **تَكَبَّرَ ، اِسْتَكْبَرَ** উভয়ের অর্থ- সে অহংকার করেছে।

(ঘ) الموافقة لافتعال যেমন: **اِعْتَصَمَ ، اِسْتَعْصَمَ** উভয়ের অর্থ- সে আকড়ে ধরেছে।

(১০) **الابتداء** ঃ– ফেয়েলটি অত্র বাবের ওজনে হওয়ার কারণে তার ছুলাছী মুজাররাদের অর্থ পরিহার করে সম্পূর্ণ নতুন আঙ্গিকে স্বতন্ত্র ভাবে অর্থ প্রকাশ করাকে الابتداء বলে। যেমন: **اِسْتَعَانَ** অর্থ- গুপ্ত স্থান পরিস্কার করা। মাখাজ হল **اَلْعَانَةُ** অর্থ- গুপ্তস্থান।

তবে ইহার অর্থ "সে সাহায্য চেয়েছে" অর্থে ব্যবহার হলে الابتداء এর খাছিয়তের অন্তর্ভুক্ত হবে না।

# خاصية بَاب الانفعَال

এ বাবের খাছিয়াত ৭টি যথা:

(১) **اللزوْم** ঃ- এ বাবের ব্যবহৃত ছীগাগুলো লাযেমের অর্থে সর্বদা ব্যবহার হয়। যেমন: **اِنْصَرَفَ** সে ফিরে এসেছে, আর ইহা ছুলাছি মুজাররাদ থেকে মুতাআদ্দী হিসাবে ব্যবহার হয়। যেমন: **صرف زَيْدٌ عَمْرًا** জায়েদ আমরকে ফিরিয়ে দিয়েছে।

(২) **العلاج** ঃ- পঞ্চ ইন্দ্রিয়ে অনুভূত হয় এমন ফেয়েলকে فعل العلاج বলে। যেমন: **اِنْفَطَرَ** ফেটে গেল।

(৩) **المطاوعة** ঃ- কোন বাবের ভাবার্থ দ্বারা ফায়েলের সৃষ্ট প্রভাব মাফউল গ্রহণ করেছে অথবা প্রভাবে প্রভাবিত হয়েছে অর্থ প্রকাশ করাকে المطاوعة বলে।

এ বাব নিম্নোক্ত দুটি বাবের মুতাওয়াত করে থাকে।

(ক) المطاوعة لمجرد যেমন: **كسرْتُه فَانْكَسَرَ** আমি উহা ভেঙ্গে ফেলেছি, ফলে তা ভেঙ্গে গেছে।

(খ) المطاوعة لافعال যেমন: **اَغْلَقْتُ الْبَاب فَانْغَلَقَ** আমি দরজা বন্ধ করে ফেলেছি, ফলে দরজাটি বন্ধ হয়ে গেছে।

(৪) **المُوافقة** ঃ- এক বাব অন্য বাবের অনুরূপ অর্থ প্রকাশ করাকে الموافقة বলে।

এ বাব সাধারণত: নিম্নোক্ত কয়েকটি বাবের মুওয়াফেকাত করে থাকে।

* الموافقة لسمع যেমন: **اِنْبَلَجَ ، بَلِجَ** উভয়ের অর্থ- সে প্রশস্ত ভ্রূযুক্ত হয়েছে।

* الموافقة لافعال যেমন: **اِنْحَجَزَ ، اَحْجَزَ** উভয়ের অর্থ- সে হেজাযে পৌঁছেছে।

(৫) **الابتداء** ঃ- ফেয়েলটি অত্র বাবের ওজনে হওয়ার কারণে তাহা ছুলাছী মুজাররাদের অর্থ পরিহার করে সম্পূর্ণ নতুন আঙ্গিকে স্বতন্ত্র ভাবে অর্থ প্রকাশ করাকে الابتداء বলে। যেমন: **اِنْطَلَقَ** সে চলে গেছে। আর الثلاثي المجرد থেকে **طَلُقَ** এর অর্থ- সে প্রশস্ত হল।

## الفائدة

বাবে انفعال এর "ফা" কালিমা لام - ميم - نون - راء এবং হরফে লীন হয় না কারণ নূনে انفعال এর সাথে হরফগুলো মিলে শব্দটির উচ্চারণকে কঠিন বানিয়ে দিবে। তাই "ফা" কালিমায় এ ধরনের হরফ থাকলে বাবে انفعال এর পরিবর্তে বাবে افتعال থেকে ব্যবহার করতে হয়। যেমন: نَقَلَه فانْتَقل – رَفَعَه فارْتَفع

তবে انْمَحى মিটে গেল এবং اِنْمَازَ পৃথক হয়ে গেল। এগুলো شاذ বা ব্যতিক্রম।

## خاصية بَاب الافعيعَال

এ বাবের খাছিয়াত ৪টি যথা:–

(১) اللزوْم ঃ-এ বাবের অধিকাংশ শব্দই লাযেম হয়ে থাকে। যেমন: اخْشَوْشَنَ সে খুব শক্ত হয়েছে। তবে ক্ষেত্রবিশেষ মুতাআদ্দী ব্যবহার হয় তবে মুতাআদ্দী হিসাবে ব্যবহার হওয়াটি খুবই বিরল। যেমন: اعْرَوْرَيْتُه আমি তার উপর বিবস্ত্র পিঠ অবস্থায় সওয়ার হয়েছি।

(২) المُبالغة ঃ– ফায়েল , মাফউল বা ফেয়েলের আধিক্যতা বর্ণনা করাকে المبالغة বলে। যেমন: اعْشَوْشَبَت الاَرْضُ জমি প্রচুর ঘাস যুক্ত হয়েছে। ইহার মাখাজ হল اَلْعُشْبُ অর্থ- ঘাস।

(৩) المُطاوعة ঃ– অপর কোন বাবের ফায়েলের সৃষ্ট প্রভাব মাফউল গ্রহণ করেছে অথবা প্রভাবে প্রভাবিত হয়েছে অর্থ প্রকাশ করাকে المطاوعة বলে।

এ বাব ছুলাছী মুজাররাদের মুতাওয়াত করে থাকে। যেমন:

ثَنَيْتُه فَاثْنَوْنٰى আমি উহা ভাঁজ করেছি ফলে তা ভাঁজ হয়ে গেছে।

(৪) المُوافقة ঃ– এক বাব অন্য বাবের অনুরূপ অর্থ প্রকাশ করাকে الموافقة বলে।

এ বাবে শুধু বাবে استفعال এর মুওয়াফেকাত করে থাকে। যেমন: اسْتَحْلَيْتُه، احْلَوْلَيْتُه উভয়ের অর্থ- আমি তাকে মিঠা ধারণা করেছি।

## خاصية بَاب الافعلال والافعيْلال

এ বাবদ্বয়ের খাছিয়াত একই ধরনের তাই একত্রে বর্ণনা করা হল।

* لون ও عيب এর অর্থ প্রকাশক শব্দাবলী লাযেম ও মুবালাগার অর্থে এ বাবদ্বয় থেকে ব্যবহার হয়। যেমন:

احْمَرَّ অধিক লাল হয়েছে। اشْهَابَّ অধিক সাদা হয়েছে।

احْوَلَّ – احْوَالَّ অধিক পরিমানে টেরাচক্ষু সম্পন্ন হয়েছে।

## خاصية بَاب الافعوَّال

এ বাবের খাছিয়াত প্রধানত: ১টি যথাঃ–

**الاقتضاب** ঃ– অর্থ- কর্তন করা, কাট ছাট করা।

পরিভাষায়ঃ– প্রতিটি শব্দ সে যে বাব থেকেই ব্যবহার হোক না কেন তার একটি ওজন ছুলাছী মুজাররাদে থাকে। কিন্তু এমন কিছু শব্দ আছে যাদের ওজন ছুলাছী মুজাররাদে থাকে না। এদের উৎপত্তি এ বাব থেকেই, এদের কোন মূল নাই।

তাই এক কথায় বলা হয় "কোন বাবে ব্যবহৃত শব্দের মূল ছুলাছী মুজাররাদে না থাকলে উক্ত শব্দকে الوزن المقتضب বলে। যেমন: اجْلَوَّذَ ইহা এ বাব থেকেই প্রথম ব্যবহার হয়েছে। ছুলাছী মুজাররাদে ইহার কোন اصل নাই। কেননা جَلَذَ শব্দ ছুলাছি মুজাররাদ থেকে ব্যবহার হয় না, তাই প্রশ্নই আসে না যে جَلَذَ এর সাথে বিভিন্ন হরফ বৃদ্ধি করে اجْلَوَّذَ করা হয়েছে। এ কারণে বলা হয়, বাবে افعوال এর শব্দাবলী মূলহীন বা মুকতাজিব শব্দ।

## خاصية بَاب فعْللة

এ বাবের খাছিয়াত অনেক তবে গুরুত্বপূর্ণ কয়েকটি খাছিয়াত নিম্নে প্রদত্ত্ব হল।

(১) **القصْر** ঃ– এক শব্দে পূর্ণ একটি বক্তব্যের ভাবার্থকে অভিব্যক্ত করাকে القصر বলে। যেমন: **بَسْمَلَ** অর্থ- সে بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ পড়েছে।

(২) **الالباس** ঃ– ফায়েল মাফউলকে মাখাজ পরিধাণ করিয়ে দেয়াকে الالباس বলে। যেমন: **بَرْقَعْتُه** আমি তাকে বোরকা পরিয়ে দিয়েছি। ইহার মাখাজ হল, **اَلْبُرْقُعُ** অর্থ- বোরকা।

(৩) **المطاوعة للنفس** ঃ– নিজ বাবের ফায়েলের সৃষ্ট প্রভাব মাফউল গ্রহণ করেছে অথবা প্রভাবে প্রভাবিত হয়েছে অর্থ প্রকাশ করাকে المطاوعة للنفس বলে।

যেমন: **غَطْرَسَ اللَّيْلُ بَصَرَه فَغَطْرَسَ** রাতের অন্ধকার তার দৃষ্টি শক্তিকে নষ্ট করেছে ফলে তার দৃষ্টি শক্তি নষ্ট হয়েছে।

## الفائدة

এ বাবের শব্দাবলী সর্বদা صحيح ও مضاعف এর শব্দ হয়। যেমন: وَسْوَسَ ، زَلْزَلَ

তবে ক্ষেত্র বিশেষ مهموز হয় তবে তা একেবারে বিরল। যেমন: **بَلْئَذَ** অর্থ- সে পলায়ন করেছে।

## خاصية بَاب التفعْلل

এ বাবের খাছিয়াত ২টি । যথাঃ–

(১) **المطاوَعة** ঃ– অপর বাবের ফায়েলের সৃষ্ট প্রভাব মাফউল গ্রহণ করেছে অথবা প্রভাবে প্রভাবিত হয়েছে অর্থ প্রকাশ করাকে المطاوعة বলে।

এ বাব বাবে- **فعللة** এর মুতাওয়াত করে থাকে। যেমন:

**دَحْرَجْتُه فَتَدَحْرَجَ** আমি উহাকে নড়বড়ে করে দিয়েছি ফলে তা নড়বড়ে হয়ে গেছে।

(২) **الاقتضَاب** ঃ– কোন বাবে ব্যবহৃত শব্দের اصل ছুলাছী মুজাররাদে না থাকলে তাকে الوزن الاقتضاب বলে। এ বাবের কোন কোন শব্দের ওজন **المقتضب** হয়ে থাকে।

যেমন: تَهَيْرَسَ সে অহংকারের সাথে চলেছে। এ ফেয়েলটির কোন মূলধাতু ছুলাছী মুজাররাদে পাওয়া যায় না, তাই এটি الوزن المقتضب।

## خاصية بَاب الافعنْلال

এ বাবের খাছিয়াত ২টি। যথা:

(১) **اللزوْم** ঃ–এ বাবের অধিকাংশ শব্দই লাযেম হয়ে থাকে। যেমন: ابْرَنْشَقَ সে খুব খুশি হল।

(২) **المطاوَعة** ঃ– অপর বাবের ফায়েলের সৃষ্ট প্রভাব মাফউল গ্রহণ করেছে অথবা প্রভাবে প্রভাবিত হয়েছে অর্থ প্রকাশ করাকে المطاوعة বলে। এ বাবের কোন কোন শব্দ মুবালাগার অর্থে ব্যবহার হয়ে বাবে **فعللة** এর মুতাওয়াত করে থাকে।

যেমন: **تَعْجَدْتُه فَاتْعَنْجَدَ** আমি তার রক্তপাত করেছি, ফলে সে প্রচুর রক্তপাত গ্রস্থ হয়েছে।

# خاصية بَاب الافعلال

এ বাবের খাছিয়াত ৩টি। যথা:

(১) **اللزوْم** ঃ- অধিকাংশ ক্ষেত্রে লাযেম হয়ে থাকে। যেমন: **اقْشَعَرَّ** ভয়ে চুল খাড়া হল।

(২) **المطاوَعة** ঃ- অপর বাবের ফায়েলের সৃষ্ট প্রভাব মাফউল গ্রহণ করেছে অথবা প্রভাবে প্রভাবিত হয়েছে অর্থ প্রকাশ করাকে المطاوعة বলে। এ বাব বাবে **فعلل** এর মুতাওয়াত করে থাকে। যেমন: **طَمْأَنْتُه فَاطْمَأَنَّ** আমি তাকে প্রশান্তি দিয়েছি, ফলে সে প্রশান্ত হয়েছে।

(৩) **الاقتضَاب** ঃ- কোন বাবে ব্যবহৃত শব্দের اصل ছুলাছী মুজাররাদে পাওয়া না গেলে উক্ত শব্দকে الوزن المقتضب বলে।

এ বাবের কোন কোন শব্দের ওজন **المقتَضب** হয়ে থাকে যেমন: **اكْفَهَرَّ النَّجْمُ** তারকা উজ্জ্বল হয়ে গেছে। ছুলাছী মুজাররাদে এ ফেয়েলটির কোন মূল নেই । তাই এটি **المقتَضب**

## الفائدة

**ملحقات** এর বাব সমূহের খাছিয়াত ملحق به এর বাব সমূহের মতই, তাই উল্লেখিত বাব সমূহের উপর ক্বেয়াস করে তাদের খাছিয়াত জেনে নিবে। তবে অধিকাংশ ক্ষেত্রে ملحقات এর বাব সমূহে مبالغة এর অর্থ পাওয়া যায় কিন্তু ملحق به এর বাব সমুহে مبالغة এর অর্থ পাওয়া যায় না ।

# الاسئلة للتمرين

১. الخاصية বলতে কি বুঝ? উদাহরণসহ বর্ণনা কর।

২. المغالبة বলতে কি বুঝ? ইহা কোন কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ বর্ণনা কর?

৩. বাবে ضرب থেকে **المغالبة** এর খাছিয়াতের অর্থ প্রকাশের জন্য শর্ত কি? বর্ণনা কর।

৪. বাবে سمع থেকে কোন ধরনের শব্দ বেশী ব্যবহার হয়?

৫. বাবে فتح থেকে কোন শব্দ ব্যবহার হওয়ার জন্য শর্তাবলী কি?

৬. বাবে كرم থেকে কি ধরণের শব্দ ব্যবহার হয়?

৭. বাবে حسب থেকে ব্যবহৃত শব্দাবলী মুখস্থ বল।

৮. متعدى জাতীয় শব্দ ব্যবহার হয় কোন কোন বাব থেকে? উদাহরণসহ লিখ।

৯. لازم জাতীয় শব্দ ব্যবহার হয় কোন কোন বাব থেকে ? উদাহরণসহ লিখ।

১০. উভয় ধরণের শব্দ ব্যবহার হয় কোন কোন বাব থেকে? উদাহরণসহ লিখ।

১১. اللزوم ও الالزام এর মধ্যে পার্থক্য কি? বুঝিয়ে বল?

১২. الصيرورة ও التصيير এর মধ্যে পার্থক্য কি? বুঝিয়ে বল।

১৩. الوجدان কাকে বলে? ইহা কোন কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ লিখ।

১৪. السلب কাকে বলে? ইহা কোন কোন বাবে পাওয়া যায়? উদাহরণসহ বর্ণনা কর।

১৫. المبالغة কাকে বলে? ইহা কোন কোন বাবে পাওয়া যায়? উদাহরণসহ বর্ণনা কর।

১৬. الابتداء কাকে বলে? ইহা কোন কোন বাবে পাওয়া যায়? উদাহরণসহ বর্ণনা কর।

১৭. المطاوعة কাকে বলে? এ খাছিয়াত কোন কোন বাবে পাওয়া যায়? উদাহরণসহ বর্ণনা কর।

১৮. البلوغ কাকে বলে? ইহা কোন কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ লিখ।

১৯. التحول ও التحويل এর মধ্যে পার্থক্য কি? উদাহরণসহ বর্ণনা কর।

২০. الماخذ لبس و الباس الماخذ এর মধ্যে পার্থক্য বর্ণনা করত; ইহারা কে কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ বর্ণনা কর।

২১. القصر কাকে বলে? এ খাছিয়াত কোন কোন বাবে পাওয়া যায়? উদাহরণসহ বর্ণনা কর।

২২. التكلف কাকে বলে? এ খাছিয়াত কোন কোন বাবে পাওয়া যায়?

২৩. التعمل কাকে বলে? ইহা কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ লিখ।

২৪. الاتخاذ কাকে বলে? ইহা কোন কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ বর্ণনা কর।

২৫. التدريج কাকে বলে? ইহা কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ লিখ।

২৬. المشاركة বলতে কি বুঝ? ইহা কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ বর্ণনা কর।

২৭. التشارك কাকে বলে? ইহা কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ লিখ।

২৮. المشاركة ও التشارك এর মধ্যে পার্থক্য কি? উদাহরণসহ বর্ণনা কর।

২৯. التشارك ও الشركة এর পার্থক্য বর্ণনা কর।

৩০. التخييل ও التكلف এর পার্থক্য বর্ণনা কর।

৩১. المُوافقة কাকে বলে? ইহা কোন কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ বর্ণনা কর।

৩২. التجَنب ও السَّلب এর মধ্যে পার্থক্য কি? উদাহরণসহ বর্ণনা কর।

৩৩. الطلب কাকে বলে। ইহা কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ লিখ।

৩৪ اللياقة কাকে বলে। ইহা কোন কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ লিখ।

৩৫. الحسبَان কাকে বলে? ইহা কোন কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ বর্ণনা কর।

৩৬. العلاج কাকে বলে? ইহা কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ লিখ।

৩৭. الاقتضاب কাকে বলে? ইহা কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ লিখ।

৩৮. التعريّض বলতে কি বুঝ? ইহা কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ বর্ণনা কর।

৩৯. الحَينونة বলতে কি বুঝ? ইহা কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ লিখ।

৪০. التَّصرف বলতে কি বুঝ? ইহা কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ লিখ।

৪১. التَّخيير কাকে বলে? ইহা কোন বাবের খাছিয়াত? উদাহরণসহ লিখ।

التمرين الكتابي
درس علم الصرف

# الاسْئلة لتَمرين جُملة الكتَاب

১. صرف শব্দের আভিধানিক অর্থ ও علم الصرف এর পারিভাষিক সংজ্ঞা লিখ।

২. علم الصرف উদ্দেশ্য ও আলোচ্য বিষয় বর্ণনা কর।

৩. صحيح ، لفيف مقرون ও لفيف مفروق কাকে বলে? প্রত্যেকটির দু'টি করে মিছাল দাও।

৪. مهموز কাকে বলে? উহা কয় প্রকার ও কি কি? মিছালসহ প্রত্যেক প্রকারের পরিচয় দাও?

৫. لفيف ও مضاعف কাকে বলে? উহা কয় প্রকার ও কি কি? উদাহরণসহ লিখ।

৬. معتل কাকে বলে? উহা কয় প্রকার ও কি কি? প্রত্যেকটির تعريف মিছালসহ লিখ।

৭. পাঁচ প্রকার معتل এর প্রত্যেকটির তিনটি করে উদাহরণ দাও।

৮. مهموز ، مضاعف এর প্রত্যেকটি কয় প্রকার ও কি কি? প্রত্যেকটির দুটি করে মিছাল লিখ।

৯. حرف علت কয়টি ও কি কি এবং এগুলোকে حرف علت কেন বলা হয়?

১০. الف، واو ও يا কে فتحه، ضمه ও كسره এর বোন (اخت) বলা হয় কেন?

১১. আলিফ ও همزه (হামযাহ্) এর মধ্যে পার্থক্য কি? লিখ।

১২. হামযাহকে حرف علت দ্বারা বদল করা কখন জায়েয এবং কখন ওয়াজিব? মিছাল দ্বারা সুন্দর করে বুঝিয়ে দাও।

১৩. مهموز এর দ্বিতীয় কায়দাটি উদাহরণসহ লিখ।

১৪. معتل فاء এর যে কোন দুটি কায়দা উদাহরণসহ লিখ।

১৫. معتل لام এর যে কোন দুটি কায়দা উদাহরণসহ লিখ।

১৬. واو কখন يا হয়ে পড়ে যায়? উদাহরণসহ লিখ।

১৭. واو এবং يا কে কখন হামযা দ্বারা বদল করা হয়? উদাহরণসহ লিখ।

১৮. বাবে افتعال এর ت (তা) কে কখন د (দাল) দ্বারা এবং কখন ط (ত্বয়া) দ্বারা বদল করা হয়? মিছালসহ লিখ।

১৯. ادغام কখন জায়েয কখন ওয়াজিব ?

২০. ادغام ওয়াজিব হয়েছে এমন দুটি মিছাল লিখ।

২১. فِىْ يَوْمٍ ، قَدْجَاءَ اَشْرَاطُهَا ، قَوْمُ مَالِكٍ মিছালগুলোর মধ্যে ادغام জায়েয নেই কেন? বুঝিয়ে লিখ।

২২. يَعِدُ ও يَهَبُ শব্দ দুটিতে কোন قاعده এর ভিত্তিতে تعليل হয়েছে তা উল্লেখ কর এবং تَوْجَلُ শব্দে تعليل হয়নি কেন? লিখ।

২৩. دَعَوَا তে কেন تعليل হয়নি? লিখ।

২৪. اُوْمِنَ ও بِئْرٌ এর কায়দা হুকুমসহ বর্ণনা কর।

২৫. مَعَايِشُ ও طَوَاوِيْسُ শব্দ দুটিতে تعليل হয়নি কেন এবং مَصَائِبُ ও صَحَائِفُ শব্দ দুটিতে تعليل হয়েছে কেন? লিখ।

২৬. يَوْمٌ ও وَيْلٌ কিসের মিছাল এবং কেন?

২৭. ذُبَّ কোন কোন সীগাহ হতে পারে? এবং সে সব সীগাহ এর আসল কি ছিল এবং কি تعليل হয়েছে ? বুঝিয়ে লিখ।

২৮. لَا تَذْبُبْ শব্দটির সীগাহ, বাহাছ ও বাব লিখ এবং تعليل এর বর্ণনা দাও। এধরণের تعليل কে কি বলে? শব্দটি কয় প্রকারে পড়া যায়? লিখ।

২৯. ذُبُّوْا কোন কোন সীগাহ হতে পারে? সে সব সীগাহর আসল কি ছিল এবং কি تعليل হয়েছে? বুঝিয়ে লিখ।

৩০. مقاتل ، سَمَّوْا ، مُحْتَاجٌ কোন কোন সীগা হতে পারে? লিখ এবং সীগাগুলোর আসল রূপ উল্লেখ কর।

৩১. مُخْتَارٌ কোন কোন সীগা হতে পারে? লিখ এবং সে সীগাগুলোর আসল রূপ কি ছিল? দেখিয়ে দাও।

৩২. انصر ও تكرم শব্দ দুটিতে বিভিন্ন হারাকাত দিয়ে তিনটি করে ভিন্ন ভিন্ন সীগা তৈরী কর এবং সেগুলোর পরিচয় দাও।

৩৩. اَلسُّوَالُ মাছদার হতে فعل مستقبل لام تاكيد بنون ثقيله যুক্ত معروف এর গরদান হারাকাত ও অর্থসহ লিখ।

৩৪. اَلْوِقَايَةُ (রক্ষা করা) মাছদার হতে بحث امر حاضر معروف بنون ثقيلة অর্থসহ লিখ।

৩৫. اَلْيُسْرُ মাছদার হতে امرحاضر معروف এর গরদান লিখ।

৩৬. اَلْوَلْيُ (নিকটবর্তী হওয়া) মাছদার হতে امرحاضر معروف بنون ثقيلة এর بحث অর্থসহ লিখ।

৩৭. اَلْقَوْلُ মাছদার দিয়ে ছয় প্রকার মাযীর প্রত্যেক প্রকারের واحد مؤنث এর منفى ও مثبت এবং مجهول ও معروف غائب এর সীগাটি লিখ।

৩৮. اَلْخَوْفُ মাছদার দিয়ে ثلاثى مزيد فيه بغير همزة الوصل এর সীগাগুলো লিখ।

৩৯. اَلرَّمْىُ মাছদার দিয়ে اسم الظرف ، اسم الاله ও اسم التفضيل এর সব কয়টি সীগা হরকত সহ লিখ।

৪০. اَلْيُسْرُ মাছদার দিয়ে لام تاكيد بنون ثقيلة যুক্ত فعل مضارع এর গরদান হরকতসহ লিখ।

৪১. اَلاِتِّخَاذُ (গ্রহণ করা) মাদসার হতে হারাকাত সহ لام تاكيد بنون ثَقيلة যুক্ত فعل مستقبل معروف এর গরদান লিখ এবং অর্থ লিখ।

৪২. اَلسُّؤَالُ ও اَلْخَوْفُ মাছদার থেকে امرحاضر معروف এর গরদান লিখ।

৪৩. اَلتَّسْمِيَةُ (নাম রাখা) অথবা اَلتَّلَقِّىْ (সাক্ষাৎ করা) মাছদার থেকে نفى جحد بلم مجهول এর গরদান অর্থসহ লিখ।

৪৪. اَلصَّبُّ (ঢালা) অথবা اَلْمَجِيْءُ (আসা) মাছদার হতে نهى حاضر معروف এর গরদান অর্থসহ লিখ।

৪৫. اَلنَّوْمُ ও اَلدُّنُوُّ মাছদার দ্বারা امر غائب معروف এর গরদান লিখ।

৪৬. اَلرِّخْوَةُ (নরম হওয়া) অথবা اَلسِّقَايَةُ (সিঞ্চন করা) মাছদার দ্বারা نفي تاكيد بلن مجهول এর গরদান অর্থসহ লিখ।

৪৭. اَلْوَعْدُ (ওয়াদা করা) অথবা اَلْيُسْرُ (সহজ হওয়া) মাছদার হতে امر حاضر معروف এর গরদান ও অর্থ লিখ।

৪৮. اَلْعَضُّ (কামড়ান) মাছদার দিয়ে امر غائب معروف بنون خفيفة এর গরদান অর্থসহ লিখ।

৪৯. اَلاسْتِعَانَةُ (সাহায্য প্রার্থনা করা) মাছদার হতে مضارع معروف এর গরদান হারকত ও অর্থসহ লিখ।

৫০. اَلْوَصْلُ মাছদার হতে فعل مضارع لام تاكيد بنون خفيفة যুক্ত এর গরদান হরকতসহ লিখ।

৫১. اَلاخْفَاءُ (গোপন করা) মাছদার হতে نفى تاكيد بلن معروف এর গরদান হরকতসহ লিখ এবং অর্থ লিখ।

৫২. اَلاسْتِقَامَةُ (দৃঢ় হওয়া) মাছদার হতে مضارع مثبت معروف এর গরদান অর্থসহ লিখ।

৫৩. اَلاسْتِعَانَةُ মাছদার দিয়ে اسم المفعول এর সীগাহ্সমুহ লিখে হরকত দাও এবং অর্থ লিখ।

৫৪. ع-و-ن (عون) মাদ্দাহ হতে বাবে استفعال এর نفى جحد بلم এর গরদান লিখ।

৫৫. كرم মাদ্দাহ হতে বাবে افعال এর بحث اثبات فعل ماضى مجهول এর গরদান লিখ।

৫৬. خير মাদ্দা হতে বাবে افتعال এর صرف صغير লিখ।

৫৭. اَلاتِّقَادُ এবং اَلايْمَانُ মাছদারের صرف صغير হারকতসহ লিখ।

৫৮. اَلْوَلْيُ (নিকটবর্তী হওয়া) অথবা اَلْقُوَّةُ (শক্তিশালী হওয়া) মাছদারের صرف صغير হারাকাত ও অর্থসহ লিখ।

৫৯. اَلْوِقَايَةُ (রক্ষা করা) মাছদার হতে صرف صغير এর গরদান হারাকাত ও অর্থসহ লিখ।

৬০. اَلطَّيُّ (ভাঁজ করা) অথবা اَلْيُمْنُ (বরকতময় হওয়া) মাছদারের দ্বারা صرف صغير হারাকাত ও অর্থসহ লিখ।

৬১. اَلسَّعْىُ (চেষ্টা করা) মাছদার দ্বারা صرف صغير এর গরদান অর্থ ও হরকতসহ লিখ।

৬২. اَلْفِرَارُ (পলায়ন করা) মাছদার হতে صرف صغير এর গরদান হারাকাত ও অর্থসহ লিখ।

৬৩. اَلدَّعْوَةُ (আহ্বান করা) অথবা اَلزِّنَةُ (ওজন করা) মাছদারের صرف صغير হারাকাত ও অর্থসহ লিখ।

৬৪. اَلْهِبَةُ মাছদারের সরফে সগীর হারাকাত ও অর্থসহ লিখ।

৬৫. اَلْاِيْفَاءُ মাছদারের সরফে সগীর লিখ।

৬৬. اَلْمُلَاقَاةُ (সাক্ষাৎ করা) মাছদার হতে صرف صغير এর গরদান হরকত ও অর্থসহ লিখ।

৬৭. اَلْوَصْلُ (মিলানো) মাছদার হতে باب مفاعلة এর صرف صغير হারাকাত ও অর্থসহ লিখ

৬৮. নিম্মোক্ত মাছদারগুলোর উত্থাপিত বহছের সীগা হরকতসহ লিখ।

(ক) اَلْوَصْلُ মাছদার হতে امرحاضر معروف এর جمع مونث حاضر এর সীগা,

(খ) اَلْقَضَاءُ মাছদার হতে اسم مفعول এর واحد مؤنث এর সীগা'

(গ) اَلْوَلْىُ মাছদার হতে امر حاضر معروف এর تثنيه مذكر حاضر এর সীগা,

(ঘ) اَلْاِقَامَةُ মাছদার হতে لَمْ যুক্ত مضارع معروف এর واحد متكلم এর সীগা,

(ঙ) اَلزَّحْزَحَةُ মাছদার হতে ماضى بعيد مثبت مجهول এর جمع مونث غائب এর সীগা,

(চ) اَلاسْتِخَارَةُ মাছদার হতে نهى معروف এর واحد مذكر حاضر এর সীগা,

(ছ) اَلاَمْرُ মাছদার থেকে امرحاضر معروف এর واحد مؤنث حاضر এর সীগাহ্।

(জ) اَلْوَعْدُ মাছদার থেকে ماضى استمرارى مثبت معروف এর جمع مؤنث غائب এর সীগাহ্।

(ঝ) اَلْاِكْرَامُ মাছদার থেকে اسم المفعول এর جمع مؤنث এর সীগাহ্।

(ঞ) اَلْاِيْقَانُ মাছদার থেকে ماضى مطلق منفى معروف এর جمع مؤنث غائب এর সীগাহ্।

(ট) اَلْاِقَامَةُ মাছদার থেকে امرحاضر معروف এর جمع مؤنث حاضر এর সীগাহ্।

(ঠ) اَلْمُقَاتَلَةُ মাছদার থেকে اسم الفاعل এর واحد مؤنث এর সীগাহ্।

(ড) اَلْقَوْلُ মাছদার থেকে امر حاضر معروف بنون ثقيلة এর واحد مؤنث حاضر এর সীগাহ্।

(ঢ) اَلرَّمْىُ মাছদার থেকে امرحاضر معروف بنون خفيفة এর واحد مؤنث حاضر এর সীগাহ্।

(ণ) اَلْوِقَايَةُ মাছদার থেকে امر حاضر معروف এর جمع مذكر حاضر এর সীগাহ্।

(ত) اَلْقَتْلُ মাছদার থেকে لَنْ যুক্ত مستقبل مثبت مجهول এর تثنيه مذكر حاضر এর সীগাহ্।

(থ) اَلْوِقَايَةُ মাছদার থেকে امر حاضر معروف এর جمع مؤنث حاضر এর সীগাহ্।

(দ) اَلْاِغَاثَةُ মাছদার হতে لَمْ যুক্ত مضارع مجهول এর واحد متكلم এর সীগা।

(ধ) اَلْبَعْثَرَةُ মাছদার হতে ماضى احتمالى مثبت مجهول এর جمع مونث غائب এর সীগা।

(ন) اَلْاِسْتِعَانَةُ মাছদার হতে نهى معروف এর واحد مذكر حاضر এর সীগা।

(প) اَلْاِيْقَانُ মাছদার হতে ماضى مطلق منفى معروف এর جمع مؤنث حاضر এর সীগা।

(ফ) اَلدَّعْوَةُ মাছদার হতে امر حاضر معروف এর تثنيه مذكر এর সীগা।

(ব) اَلْوَعْدُ মাছদার হতে اسم مفعول এর جمع مؤنث এর সীগা।

৬৯. قبل মাদ্দাহ দিয়ে ثلاثى مزيد فيه بغير همزة الوصل এর সব বাবের فعل مضارع مثبت معروف এর جمع مؤنث غائب এর সীগাগুলো লিখ এবং যে কোন একটি সীগার অর্থ লিখ।

৭০. নিচের معروف সীগা গুলোর مجهول এবং مجهول সীগাহ গুলোর معروف লিখ।

لِتُنَلْ، لَنْ يَدْعُوَا، نُوْدِىَ، هَدَوْا، لاَ تُلْقَوْا، تَضْرِبْيِنَ، أُنْبُتُوْا، يُوْقَنُوْنَ، اُسْتُوْقِدَتْ، لَتَرْضَيِنَّ، لاَ تُبْلَوُنَّ، اسْقِ، سُمِّيْنَا، نَالَتْ، يُوْفَضُوْنَ، اُدْخُلِىْ، اُخْفَنَ، يَقُلْنَ، لَنْ تُنالُوْا، اسْمَعَنَّ، يُغَاثُ، لاَيَرْضَيْنَ، لاَ تُخَفْ، يُقِيْمُوْنَ، غُزُوْا، تَفْتَحْنَ، يُوْعَدُوْنَ، اضْرِبَنَّ، بُعْثِرَتْ، ارْجِعِىْ، يَرْمِىْ، يَضَعْنَ، تُنْصَرُوْنَ، اَطْلُبُ، اُنْسِيْنا، دَسَّا، يُوسْوِسُوْنَ، اُسْتُخيْرَ، لاَ تَخَافُوْا، اُلْتُقِى، قُوْا، يُوْهَبْنَ، بِعْنَ، اُنْقَضُ، تَقِيْلُ، اخْتَرْتُمْ، مَا قُتِلْنَا، عَلِمْنَا، لاَ تُظْلَمُوْنَ، تُنْبِئْنَ، تُرْمَيْنَ، اَيْقَنَ، رُمِيْتُما، يَعِدُ، تُباعِيْنَ، اَخَفْتُنَّ، لَيَدْعُوْنَانِّ،

৭১. নিচের শব্দগুলোর صحيح، مهموز، معتل ও مضاعف প্রকার নির্ণয় কর।

رَفْرَفٌ، مَهْمُوْزٌ، مُشِيْرٌ، يَنْبِذُ، عِدَةٌ، عُدَّةٌ، وَفَاءٌ، لاَ تَكِدْ، رَ، يُمِيْتُ، لاَ تَلُمْ، مَشْدُوْدٌ، اُسْتُجِيْبَ، لَطُفْتُنَّ، نَشَاءُ، ذُبُّوْا، مُقْتَدُوْنَ، جَمِيْعٌ، شابٌّ، شَيْخٌ، يَأْكُلُ، مُدْهَامَّتَان، اَقْرَأُ، ذَهَبْنَ، مَغْشِىٌّ، يَرٰى، لاَ تَوْجَلْ، مُذَبْذَبِيْن، رَؤُوْفٌ، نَرْزُقُ، مَقَادِيْرُ، مِيْعَادٌ، مُغْرِقٌ، وَيْلٌ، يَنْبَعِثُ، اخْضَارَّ، رَضُوْا، حَافِّيْن، مَهْمُوْمٌ، اسْتَقْرَأُوْا، بُؤْسٌ، اَقَلَّتْ، اَسْئَلَةٌ، يَئِسُوْا، مُطْمَئِنِّيْنَ، مُضِيْئٌ، مَقْرُوْءَةٌ، مَاكُوْلٌ، رَوٰى، اضْلَلْن، زُلْزِلَتْ، اُمِرْتُمْ، صَحِيْحٌ، مَفَرَّةٌ، ذَنْبٌ، جَعْفَرٌ، يَاسِرُ، زُحْزِحَ، مُبْتَدَأٌ، لاَ تَبْكِ، مَدْعُوٌّ، صَغِيْرٌ، بِيْعَ، تُقُوْبِلَ، بِيْرٌ، لِ، يِئس، قَائِلٌ، مُغِيْثٌ، رُمُوْا، لِسَانٌ، مُخَشْوَشِنٌ، مَقَالِيْدُ، دَعْوَةٌ، بَغْضَاءُ، اقْسَمْتُمْ، طَىٌّ، قُوْا، اُوْمِنَ، قَارِئٌ، كُفُوًا، يُقَلْقِلُ، مِيْزَانٌ، دسَّا، لاَ تَقْتُلُوْا، لاَ تَنْسَ، مُسْتَمِعٌ، اَوْحَيْنَا، اَلدَّاعُوْنَ، اقْوَ، قِفُوْا، جِئْتَ، داعٍ، لَمْ يُسَمَّ، اَلاسْتِعَانَةُ، خَائِفَات، اَجْزِىْ، اِيْقَادٌ، يَعِدُ، اجْتِيابٌ، مُنْذِرٌ، يَسُبُّوْنَ، اَوْضِحْ،

৭২. নিচের শব্দ গুলোর সীগাহ্ বাহাছ, বাব মাছদার ও অর্থ লিখ।

لاَ تَقْنَطُوْا، مُطْمَئِنٌّ، مَفَاتِيْحُ، مَوْعُوْدٌ، سَيَعْلَمُوْنَ، لَمْ تَرَ، لِ،
زُحْزِحَتْ، فَلْيَعْبُدْ، يَبْعَثَانِّ، مُنِيْلَةٌ، زُحْزِحَ، افْعَلَنَّ، وَهَّابٌ، يَذَّكَّرُ،
يَهِيْمُوْنَ، مَقَامٌ، اَوْحَيْنَا، مُطْمَئِنِّيْنَ، تَنَامُ، مُتَّقِيْنَ، لاَغْلِبَنَّ، يُوْعَدُوْنَ،
لاَ تَقْشَعِرُّ، مُطَاعٌ، لِتُخِفْنَ، مِتُّمْ، سَلُوْا، مَمْشِيٌّ، مُسَمَّاةٌ، لاَ تَقُنْ،
تَسَائَلَ، اخْتِيْرَ، لاَ تَتَّخِذُوْا، لاَ تُرْمَيِنَّ، مِيْزَانٌ، مُصْطَفًى، نُصِرْتُمْ،
نِمْتَ، مُضْطَرِبٌ، اُقِيْمَتْ، ظُلِمْتُمْ، لِيُبْكَ، عِدِىْ،

৭৩. সীগাহ্, বাহাছ, বাব, মাছদার ও মাদ্দাহ্ লিখ এবং قاعدة উল্লেখ করে তা'লীল কর।

لاَ تَشِبْ، لِيَزِنْ، لَمْ تُدْعَ، تَتَّسِعُ، لَنْ يَّرْمُوْا، لاُجِيْبَنَّ، اتَّقَدَ،
مَرْضِيٌّ، يَخْتَارُ، دَاعٍ، بِعْنَ، يَهَبْنَ، مُخْتَارٌ، مَمْشِيٌّ، لِيْ، يُضِلُّ،
كُلْنَ، مَعْنِيٌّ، ذُقْ، مَقْضِيٌّ، اتَّسَعَ، خَافُنْ، دَائِمٌ، زِنَا، يَهِدِّىْ، قُلْ،
ارْمُوْا، كِدْنَا، قَاضٍ، مُسْتَعَانٌ، اُعِدَّتْ، يَخْتَارُ، ذُبُّوْا، مُسَمًّى، فُنْ،
مُهِدٌّ، قُوْا، صَائِمٌ، يَقِيْلُ، تَقِيْنَ، ذَبَّ، سِرْنَ، رَضُوْا،

৭৪. নিচের সীগাহ্ গুলোর مهموز ও معتل ইত্যাদি প্রকার নির্ণয় কর এবং প্রত্যেকটি শব্দের আসল কি লিখ।

كَيْلِيْ، زِنُوْا، لاَ تَقُنْ، مُسَمَّاةٌ، مَرْضِيٌّ، مَقْرُوٌّ، رَاضِيَةٌ، فُزْتُ،
عُلَمَاءُ، اَمِيْرٌ، بَغِيْضٌ، مِدْعَاةٌ، اُوْتُمِنَ،

৭৫. নিচের শব্দগুলোর ভুল সংশোধন করে সীগাহ্ লিখ।

لَمْ يَضِيْعَ، بَعْ، لَنْ تَرَى، لاَ اَضْرُبَنّ، نُصَرْتُمْ، قَلْتَ، زَلْزِلَتْ،
مَرْمُوْىٌ، لَنْ يُدْعَ، لَمْ يَسْمَعُوْنَ، يَهِدِّىْ، عَاقِبَةٌ، مَفَرَّةٌ، مَرْجُعٌ،
اُهِيْنْتُمْ، تَرْضُوْنَ، لَنْ يُدْعَوَانِ، مَرْمُيٌّ، قَلْقِلْتُ، بَعْنَ، اَقَامُ،
مَقْتُوْلِيْنَ، لَمْ يَنْسَىْ، لَنْ يَّرْمِ، اُيْمِنَ، يَنْصُرِيْنَ، ضُعْ، بَدَّلْتُمْ،

**تَمَّتْ بِالْخَيْرِ بِعَوْنِهِ وَتَوْفِيْقِهِ**

نحمده ونصلى على رسوله الكريم

মাদ্রাসা আশ্‌রাফুল উলূম বড় কাটারা, ঢাকা-এর সাবেক উস্তাদ, হাকীম মুফতী মোঃ নূরুল আমীন সাহেবের গ্রন্থিত "দরসে ইলমুছ্ ছরফ" আমি বেশ যত্ন সহকারে দেখেছি এবং সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক শাইখুল হাদীস মাওঃ আব্দুল খালেক সাহেব এর দ্বারা কাওয়ায়েদগুলো যথাযথভাবে তাহকীক করিয়েছি। প্রয়োজনীয় স্থান সমূহে সংশোধন ও সংযোজন করেছি।

মাশাআল্লাহ, গ্রন্থকার তাঁর গ্রন্থনায় পাঞ্জেগাঞ্জকে নতুন আঙ্গিকে সাজিয়ে, জ্ঞান-তথ্য বৃদ্ধি করে, আধুনিক রূপরেখায়, দরসি কিতাবের আলোকে যেভাবে উপস্থাপন করেছেন, তা সত্যিই বিরাট একটি অর্জন ও প্রশংসনীয় উদ্যোগ। আমার দৃঢ় বিশ্বাস, ইহা ছাত্র-শিক্ষকসহ সর্বমহলে সমাদৃত হবে।

আমি দু'আ করি, মহান আল্লাহ্ রাব্বুল আলামীন যেন এ খিদমতকে কবুল করেন এবং তালাবা ও আসাতিযায়ে কিরামগণের জন্য ফাহ্মে আম করেন এবং ইহার ওসীলায় নাজাতের ফয়সালা করেন। আমীন!

মুহাম্মাদ আব্দুল জব্বার
মহাসচিব
বাংলাদেশ কওমী মাদরাসা শিক্ষাবোর্ড (বেফাক) ঢাকা

**পরিবেশনায় ঃ**

আল-জামি'আতুল ইসলামিয়া দারুল উলূম
মেকাইল নগর, আটি বাজার
কেরাণীগঞ্জ, ঢাকা।